# Outcome Based Education (OBE) Curriculum

[শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫, ২০২৫-২০২৬]

বাংলা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

# শিক্ষকমণ্ডলী

**চেয়ারম্যান**

ফাতেমা কাওসার, এমএ, পিএইচডি।

**অধ্যাপক**

(১) ভীষ্মদেব চৌধুরী, এমএ, পিএইচডি (এল.পি.আর); (২) ফাতেমা কাওসার, এমএ, পিএইচডি; (৩) সিরাজুল ইসলাম, এমএ, পিএইচডি; (৪) সৌমিত্র শেখর, এমএ, পিএইচডি; (৫) বায়তুল্লাহ্ কাদেরী, এমএ, পিএইচডি; (৬) হোসনে আরা, এমএ, এমফিল, পিএইচডি; (৭) মোহাম্মদ আজম, এমএ, পিএইচডি (ডেপুটেশন); (৮) তারিক মনজুর, এমএ, পিএইচডি; (৯) সোহানা মাহবুব, এমএ, পিএইচডি; (১০) মুনিরা সুলতানা, এমএ, এমফিল, পিএইচডি; (১১) মোমেনুর রসুল, এমএ, এমফিল, পিএইচডি; (১২) তাশরিক-ই-হাবিব, এমএ, এমফিল, পিএইচডি।

**সহযোগী অধ্যাপক**

(১) মো. আবদুস সোবহান তালুকদার, এমএ, পিএইচডি।

**সহকারী অধ্যাপক**

(১) মো. জসিম উদ্দিন, এমএ; (২) রাফাত আলম, এমএ, পিএইচডি; (৩) কানিজ ফাতেমা, এমএ।

**প্রভাষক**

(১) মো. নাজমুল হোসেন, এমএ; (২) মো. আল-জোবায়ের, এমএ; (৩) কবির আহমেদ, এমএ।

# বিভাগ পরিচিতি

১৯২১ সালে বাংলা বিভাগ যাত্রা শুরু করেছিল 'সংস্কৃত ও বাংলা' বিভাগ হিসেবে। যে বারোটি বিভাগ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা-কার্যক্রম শুরু করেছিল, এ বিভাগ তার একটি। ১৯৩৭ সালে বাংলা পৃথক বিভাগ হয়।

বিভাগের আরম্ভকালীন শিক্ষকদের মধ্যে ছিলেন মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী এবং মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতো খ্যাতিমান পণ্ডিতেরা। পরে বিভিন্ন সময়ে শিক্ষকতা করেছেন সুশীলকুমার দে, মোহিতলাল মজুমদার, আশুতোষ ভট্টাচার্য, মনোমোহন ঘোষ, মুহম্মদ আবদুল হাই, মুনীর চৌধুরী, আহমদ শরীফ প্রমুখ বরেণ্য পণ্ডিত।

শুরুতে বিভাগে তিন বছরের স্নাতক সম্মান এবং এক বছরের স্নাতকোত্তর ডিগ্রি চালু ছিল। অনেক পরে চার বছরের স্নাতক সম্মান চালু হয়। ২০০৬-০৭ শিক্ষাবর্ষ থেকে শুরু হয় সেমিস্টার পদ্ধতি এবং লেটার গ্রেড মূল্যায়ন-পদ্ধতি। ১৯৬০ সাল থেকে বিভাগে পিএইচডি কর্মসূচি চালু আছে। ১৯৭৬ সালে এমফিল কর্মসূচি চালু হয়।

১৯২১ সাল থেকে এ পর্যন্ত বাংলা বিভাগে আট হাজারের বেশি শিক্ষার্থী ভর্তি হয়েছে। এখন প্রতি বছর গড়ে ১১০ জন ছাত্রছাত্রী ভর্তি হয়। বিভাগে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি সম্পন্ন করে শিক্ষার্থীদের একটা অংশ বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বিভিন্ন দায়িত্বপূর্ণ পদে যোগ দেয়। একটা বড় অংশ কাজ করে বিভিন্ন পর্যায়ের বাংলা ভাষা ও সাহিত্যের শিক্ষক হিসেবে। এছাড়া অন্য সরকারি-বেসরকারি কাজেও উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী কর্মরত।

বিভাগে বর্তমানে ১৯ জন পূর্ণকালীন শিক্ষক (ডেপুটেশনসহ) এবং চারজন খণ্ডকালীন অধ্যাপক কর্মরত আছেন। শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত ১:২৫।

শুরু থেকেই বিভিন্ন তাৎপর্যপূর্ণ গবেষণাকর্মের জন্য বাংলা বিভাগ বিশেষ সুনাম অর্জন করেছে। এ পর্যন্ত বিভাগ থেকে ১৯৭ জনের বেশি গবেষক পিএইচডি এবং ১৩২ জনের বেশি গবেষক এমফিল ডিগ্রি লাভ করেছেন। বিভাগের গবেষণা-জার্নাল *সাহিত্য পত্রিকা* ১৯৫৭ সাল থেকে সুনামের সঙ্গে প্রকাশিত হচ্ছে।

বাংলাদেশে জাতীয়তাবাদী চিন্তার বিকাশ এবং প্রত্যক্ষ আন্দোলন-সংগ্রামে বাংলা বিভাগ বস্তুত কেন্দ্রীয় ভূমিকা পালন করেছে। বিশেষত ষাটের দশকের অগ্নিগর্ভ সময়ে বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের বিভিন্ন ধরনের তৎপরতা ছিল দিক-নির্দেশক। একাত্তরের মহান মুক্তিযুদ্ধে বাংলা বিভাগের তিনজন শিক্ষক মুনীর চৌধুরী, মোফাজ্জল হায়দার চৌধুরী ও আনোয়ার পাশা এবং কয়েকজন শিক্ষার্থী শহিদ হন। মুক্তিযুদ্ধের আগে ও পরে সামগ্রিকভাবে দেশের বুদ্ধিবৃত্তিক চর্চায় বাংলা বিভাগ গৌরবময় অবদান রেখে চলছে।

# আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম

# কোর্স-সংক্রান্ত নিয়মাবলি

১. বাংলা বিষয়ে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের সময়-পরিধি ৪ বছর। প্রতি বছরে ২টি করে সেমিস্টার। মোট সেমিস্টার ৪ × ২ = ৮টি। প্রতি সেমিস্টার ২৬ সপ্তাহের। এর মধ্যে ক্লাস হবে প্রথম ১৫ সপ্তাহ। ২ সপ্তাহ প্রস্তুতিমূলক-ছুটির পর সেমিস্টারের পরীক্ষা অনুষ্ঠিত হবে ৩ সপ্তাহব্যাপী। পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও ফলাফল প্রকাশের সময়সীমা ৩ সপ্তাহ। প্রতি সেমিস্টার পরীক্ষার পর ৩ সপ্তাহ ছুটি থাকবে।

২. আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে মোট ৩৩টি পূর্ণপত্র থাকবে। প্রতিটি পত্রের পূর্ণ নম্বর ১০০। এর সঙ্গে থাকবে ৮টি খণ্ড-কোর্স।

প্রতিটি খণ্ড-কোর্সে থাকবে ২৫ নম্বর।

৩. আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে সর্বমোট ক্লাস, নম্বর, ক্রেডিট এবং গ্রেড:
৪ ক্রেডিট কোর্সের সংখ্যা: ৩৩

- ☐ নম্বর: ৩৩ × ১০০ = ৩৩০০
- ☐ প্রতি কোর্স: ৪ ক্রেডিট ঘণ্টা

১ ক্রেডিট কোর্সের সংখ্যা: ৮

- ☐ নম্বর: ৮ × ২৫ = ২০০
- ☐ প্রতি কোর্স: ১ ক্রেডিট ঘণ্টা

সর্বমোট নম্বর ৩৩০০ + ২০০ = ৩৫০০

- ☐ মোট ক্রেডিট: (৩৩ × ৪) + (৮ × ১) = ১৪০

প্রতি ১ ক্রেডিট কোর্স: সংযোগ ঘণ্টা ১৫
প্রতি ৪ ক্রেডিট কোর্স: সংযোগ ঘণ্টা ৬০
৪ বৎসরের জন্য বি এ অনার্স শ্রেণির ন্যূনতম ক্রেডিট সংখ্যা: ১৪০

(বিশেষ দ্রষ্টব্য: ১৫ ঘণ্টা পাঠদান ১ ক্রেডিট ঘণ্টার সমান এবং তা ১ ক্রেডিট হিসেবে গণ্য হবে।)

৪. ৪ ক্রেডিটের ৩৩টি কোর্স এবং ১ ক্রেডিটের ৮টি কোর্স ৮ সেমিস্টারে পাঠদান করা হবে:

| বর্ষ | সেমিস্টার | ৪ ক্রেডিট কোর্স | ১ ক্রেডিট কোর্স | মোট ক্রেডিট |
|---|---|---|---|---|
| ১ম | ১ম | ৪টি | ১টি | ১৭ |
| ১ম | ২য় | ৪টি | ১টি | ১৭ |
| ২য় | ৩য় | ৪টি | ১টি | ১৭ |
| ২য় | ৪র্থ | ৪টি | ১টি | ১৭ |
| ৩য় | ৫ম | ৪টি | ১টি | ১৭ |
| ৩য় | ৬ষ্ঠ | ৪টি | ১টি | ১৭ |
| ৪র্থ | ৭ম | ৪টি | ১টি | ১৭ |
| ৪র্থ | ৮ম | ৫টি | ১টি | ২১ |
| **মোট: ৪** | **৮** | **৩৩** | **৮** | **১৪০** |

৫. প্রতি কোর্স বিভাগের ২জন শিক্ষক পড়াবেন ও উত্তরপত্র মূল্যায়ন করবেন। যদি ১জন শিক্ষক পাঠদান করেন তবে ২জন শিক্ষক কর্তৃক উত্তরপত্র মূল্যায়িত হবে। তাঁদের মধ্যে ১জন অবশ্যই কোর্স শিক্ষক হবেন, দ্বিতীয়জন বিভাগের অথবা অন্য বিভাগের অথবা অন্য বিশ্ববিদ্যালয়ের হতে পারেন। চূড়ান্ত পরীক্ষায় দুজন শিক্ষকের গড়-নম্বর হবে প্রাপ্ত নম্বর। তবে দুজন পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০%-এর বেশি হলে তৃতীয় পরীক্ষক নিযুক্ত হবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে নিকটবর্তী দুটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর বলে গণ্য হবে।

৬. সপ্তাহে প্রতিটি কোর্সের ৪টি ক্লাস থাকবে। প্রত্যেক শিক্ষক সপ্তাহে ২টি ক্লাস নেবেন। প্রতি ক্লাসের সময় ১ ঘণ্টা।

প্রতি কোর্সের মোট ক্লাস-সংখ্যা: ১৫ × ৪ = ৬০

৭. প্রতি ৪ ক্রেডিট কোর্সের নম্বর বণ্টন নিম্নরূপ:

ক. চূড়ান্ত পরীক্ষা: ৬০ নম্বর

প্রতি সেমিস্টার সমাপ্তির পর চূড়ান্ত পরীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত পরীক্ষার সময় ৩ ঘণ্টা। দুজন শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন ও উত্তরপত্র মূল্যায়ন করবেন।

খ. ২টি মিডটার্ম পরীক্ষা: ১৫ + ১৫ = ৩০ নম্বর

২জন শিক্ষক ১টি করে মিডটার্ম পরীক্ষা নেবেন। যদি ১জন শিক্ষক ১টি সম্পূর্ণ কোর্সের পাঠদান করেন তবে তিনি ২টি মিডটার্ম পরীক্ষা নেবেন।

গ. প্রতি কোর্সে ক্লাস-উপস্থিতি ও অংশগ্রহণ: ৫ + ৫ = ১০

প্রতি কোর্সে ২জন শিক্ষক স্বতন্ত্রভাবে শিক্ষার্থীদের ক্লাস-উপস্থিতির ওপর নম্বর (৫+৫) দেবেন। যদি ১জন শিক্ষক কোর্সটি পড়ান তবে নম্বর হবে ১০। ৯০% বা তার অধিক উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ৫, ৮৫% থেকে ৮৯% হারে উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ৪, ৮০% থেকে ৮৪% হারে উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ৩, ৭৫% থেকে ৭৯% হারে উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ২, ৬০% থেকে ৭৪% হারে উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ১, ৬০% হারের নিচে উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ০০।

চূড়ান্ত পরীক্ষা: ৬০ নম্বর
মিডটার্ম পরীক্ষা: ৩০ নম্বর
ক্লাস-উপস্থিতি: ১০ নম্বর

---

সর্বমোট: ১০০ নম্বর

৮. প্রতি ১ ক্রেডিট কোর্সের (খণ্ড-কোর্সের) পাঠদান ও নম্বর বণ্টন নিম্নরূপ:

সংযোগ-ক্লাস : ০৫
মৌখিক পরীক্ষা: ২০

ক. সংযোগ-ক্লাস: প্রতি সেমিস্টারে ৮/১০ জন শিক্ষার্থীর সমন্বয়ে এক-একটি ক্ষুদ্র গ্রুপ বা দল গঠিত হবে। প্রতিটি গ্রুপের সঙ্গে ১জন শিক্ষক যুক্ত থাকবেন। তিনি সপ্তাহে ১টি করে সংযোগ-ক্লাস নেবেন। এতে বিষয়ভিত্তিক আলোচনার মাধ্যমে শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষার জন্য তৈরি করা হবে। ১৫টি ক্লাসের পর প্রতিটি গ্রুপের মৌখিক পরীক্ষা হবে; তবে কোনো লিখিত পরীক্ষা হবে না। সংযোগ-ক্লাসের নম্বর ৫।

খ. প্রতি সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষার শেষে পরীক্ষা কমিটি ২০ নম্বরের একটি মৌখিক পরীক্ষা গ্রহণ করবে।

# মূল্যায়ন পদ্ধতি

১. ফলপত্রে নিম্নোক্ত তথ্য থাকবে:

অক্ষর-গ্রেড (Letter Grades)
গ্রেড-পয়েন্ট (GP)
গ্রেড-পয়েন্ট গড় (GPA)

২. গ্রেড নির্ধারণ

| নম্বর (Numerical Grades) | অক্ষর (Letter Grades) | গ্রেড-পয়েন্ট (GP) (পূর্ণপত্র) | গ্রেড-পয়েন্ট (GP) (খণ্ডপত্র) |
|---|---|---|---|
| 80 and above | A+ | 4.00 | 1.00 |
| 75 to less than 80 | A | 3.75 | 0.94 |
| 70 to less than 75 | A- | 3.50 | 0.88 |
| 65 to less than 70 | B+ | 3.25 | 0.81 |
| 60 to less than 65 | B | 3.00 | 0.75 |
| 55 to less than 60 | B- | 2.75 | 0.69 |
| 50 to less than 55 | C+ | 2.50 | 0.63 |
| 45 to less than 50 | C | 2.25 | 0.56 |
| 40 to less than 45 | D | 2.00 | 0.50 |
| Less than 40 | F | 0.00 | 0.00 |
| Incomplete (Does not take an exam) | I | 0.00 | 0.00 |
| Withdrawn (Does not attend any class and take any exam) | | 0.00 | 0.00 |

৩. প্রতিটি সেমিস্টার থেকে পরবর্তী সেমিস্টারে উন্নীত হওয়ার জন্য ন্যূনতম যোগ্যতা হবে—প্রতিটি পূর্ণপত্র × GP 2.00। খণ্ডকোর্সের নম্বর এক্ষেত্রে বিবেচ্য হবে না। অনার্স ডিগ্রি অর্জন করতে হবে সর্বোচ্চ ১২ সেমিস্টারের মধ্যে। কোনো কোর্সে B-এর কম পেলে পরীক্ষার্থী অব্যবহিত পরবর্তী সেমিস্টারের পরীক্ষার্থীর সঙ্গে পুনরায় (একবার) পরীক্ষা দিতে পারবে। পুনঃপরীক্ষা দিলে ওই কোর্সের পূর্ববর্তী নম্বর বাতিল হয়ে যাবে। খণ্ড-কোর্সে পুনঃপরীক্ষা প্রদানের সুযোগ নেই।

# Part A

**Title of the Academic Program**: Undergraduate Programme

**Name of the University**: **ঢাকা বিশ্ববিদ্যালয়**

## Vision of the University

বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য একাডেমিক পরিবেশ ও চর্চায় সৃষ্টিশীলতার উন্মেষ ঘটিয়ে গবেষণা ও শিক্ষা-কার্যক্রমে সমুন্নতি আনয়ন করা।

বিশ্ববিদ্যালয় তার শিক্ষার্থীদের এমনভাবে তৈরি করতে চায়, যেন নিজেদের জীবন-নির্বাহের পাশাপাশি জ্ঞান ও সত্যের প্রতি তারা নিষ্ঠাবান থাকতে পারে।

গুণগত শিক্ষা, কার্যকর গবেষণা ও পাণ্ডিত্যের মধ্য দিয়ে এ বিশ্ববিদ্যালয় দুনিয়ার ইতিবাচক অগ্রগতিতে অবদান রাখতে চায়। এ লক্ষ্যে শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তুলতে চায়, যেন তারা তত্ত্বীয় দিকগুলোকে ব্যবহারিক বাস্তবতায় রূপান্তরিত করার সক্ষমতা অর্জন করতে পারে।

সর্বোপরি, এমন পরিবেশ তৈরি ও বজায় রাখতে চায়, যেন বিশ্ববিদ্যালয়ের মূল উদ্দেশ্যকে এগিয়ে নেয়া যায়, এবং সমুন্নতি রক্ষিত হয়। (খসড়া অনুবাদ)

## Mission of the University

১. যাবতীয় কার্যক্রমে সৃষ্টিশীল উদ্ভাবনী ক্ষমতা, উদ্যোগ, গবেষণা, বুদ্ধিবৃত্তিক কৌতূহল এবং অংশীদারি প্রতিষ্ঠা করা।

২. পাণ্ডিত্যপূর্ণ গবেষণা ও সৃষ্টিশীলতার সমবায়ে নতুন জ্ঞান উৎপাদনের মধ্য দিয়ে অব্যবহিত ও দীর্ঘ-মেয়াদি বাস্তবতা মোকাবেলার সক্ষমতা তৈরি করা।

৩. শিক্ষার্থীদের ক্ষমতায়নের মধ্য দিয়ে একাডেমিক ও পেশাগত উদ্দীপনা তৈরি করা, যা হবে সকল শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের জন্য বহুমুখী, অন্তরঙ্গ এবং অন্তর্ভুক্তিমূলক।

৪. বিশ্ববিদ্যালয়ের মান সমুন্নত রেখে দেশের নানা ধরনের চাহিদা পূরণের লক্ষ্যে প্রোগ্রাম পরিচালনা করা।

৫. শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারী নির্বিশেষে সবার জন্য এমন পরিবেশ নিশ্চিত করা, যেন আর্থিক ও অপরাপর সংকটের জন্য কেউ শিক্ষাসহ অন্যান্য সেবা থেকে বঞ্চিত না হয়।

৬. সকল প্রোগ্রামের মান বজায় রাখা, যেন জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে সেগুলো তাৎপর্যপূর্ণ গণ্য হয়।

৭. অ্যালামনাইদের জন্য এমনসব সৃষ্টিশীল প্রোগ্রামের আয়োজন করা, যেন বিশ্ববিদ্যালয়ের সাথে তাদের সম্পর্ক আজীবন অক্ষুণ্ন থাকে, এবং বিশ্ববিদ্যালয় ও অ্যালামনাই যৌথভাবে দুনিয়ার সমৃদ্ধির জন্য কাজ করতে পারে। (খসড়া অনুবাদ)

## Name of the Program Offering Entity: বাংলা বিভাগ

## Vision of the Program Offering Entity

১. একাডেমিক পরিবেশ ও চর্চায় সৃষ্টিশীলতার উন্মেষ ঘটিয়ে গবেষণা ও শিক্ষা-কার্যক্রমে সমুন্নতি আনয়ন করা।

২. শিক্ষার্থীদের এমনভাবে তৈরি করা, যেন নিজেদের জীবন-নির্বাহের পাশাপাশি জ্ঞান ও সত্যের প্রতি তারা নিষ্ঠাবান থাকতে পারে।

৩. গুণগত শিক্ষা, কার্যকর গবেষণা ও পাণ্ডিত্যের মধ্য দিয়ে দুনিয়ার ইতিবাচক পরিবর্তনে ভূমিকা রাখা। এ লক্ষ্যে শিক্ষার্থীদের এমনভাবে তৈরি করা যেন তত্ত্বীয় দিকগুলোকে ব্যবহারিক বাস্তবতায় রূপান্তরিত করতে পারে।

৪. সর্বোপরি, এমন পরিবেশ তৈরি ও বজায় রাখা, যেন বিশ্ববিদ্যালয়ের মূল উদ্দেশ্যকে এগিয়ে নেয়া যায়, এবং সমুন্নতি রক্ষিত হয়। (খসড়া)

## Mission of the Program Offering Entity

১. যাবতীয় কার্যক্রমে সৃষ্টিশীল উদ্ভাবনী ক্ষমতা, উদ্যোগ, গবেষণা, বুদ্ধিবৃত্তিক কৌতূহল এবং অংশীদারি প্রতিষ্ঠা করা।

২. গবেষণা ও সৃষ্টিশীলতার সমবায়ে নতুন জ্ঞান উৎপাদনের মধ্য দিয়ে অব্যবহিত ও দীর্ঘ-মেয়াদি বাস্তবতা মোকাবেলার সক্ষমতা তৈরি করা।

৩. শিক্ষার্থীদের ক্ষমতায়নের মধ্য দিয়ে একাডেমিক ও পেশাগত উদ্দীপনা তৈরি করা, যা হবে সকল শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের জন্য বহুমুখী, অন্তরঙ্গ এবং অন্তর্ভুক্তিমূলক।

৪. বিশ্ববিদ্যালয়ের মান সমুন্নত রেখে দেশের নানা ধরনের চাহিদা পূরণের লক্ষ্যে প্রোগ্রাম পরিচালনা করা।

৫. শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারী নির্বিশেষে সবার জন্য এমন পরিবেশ নিশ্চিত করা, যেন আর্থিক ও অপরাপর সংকটের জন্য কেউ শিক্ষাসহ অন্যান্য সেবা থেকে বঞ্চিত না হয়।

৬. প্রোগ্রামের মান বজায় রাখা, যেন জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে সেগুলো তাৎপর্যপূর্ণ গণ্য হয়।

৭. অ্যালামনাইদের জন্য এমনসব সৃষ্টিশীল প্রোগ্রামের ব্যবস্থা করা, যেন বিশ্ববিদ্যালয়ের সাথে তাদের সম্পর্ক আজীবন অক্ষুণ্ন থাকে, এবং বিশ্ববিদ্যালয় ও অ্যালামনাই যৌথভাবে দুনিয়ার সমৃদ্ধির জন্য কাজ করতে পারে।

## Objectives of the Program Offering Entity

১. বাংলা ভাষা ও সাহিত্য ডিসিপ্লিনের বিদ্যমান জ্ঞানজগৎ সম্পর্কে শিক্ষার্থীদের পরিচ্ছন্ন ধারণা দেয়া।

২. ভাষার বহুবিধ রূপ, ব্যবহার ও নিত্য পরিবর্তনশীল বিশিষ্টতা সম্পর্কে ধারণা তৈরি করা।

৩. সাহিত্যের ভাষা, প্রকরণ, অন্তর্নিহিত তাৎপর্য এবং ব্যবহারিক জগতে এর ভূমিকা সম্পর্কে ধারণা দেয়া।

৪. প্রাত্যহিক ও দীর্ঘমেয়াদি বাস্তবতার উপযোগী করে অধীত বিদ্যা ব্যবহারে শিক্ষার্থীদের সমর্থ করে তোলা।

৫. জাতীয় ও আন্তর্জাতিক প্রয়োজনের নিরিখে দায়িত্ব-পালনের উপযোগী করে শিক্ষার্থীদের প্রস্তুত করা।

## Name of the Degree: আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম

## Description of the Program

বাংলা বিষয়ে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের সময়-পরিধি ৪ বৎসর। প্রতি বৎসরে ২টি করে সেমিস্টার। মোট সেমিস্টার ৪X২ = ৮টি। প্রতি সেমিস্টার ২৬ সপ্তাহের। এর মধ্যে ক্লাস হবে প্রথম ১৫ সপ্তাহ। ২ সপ্তাহ প্রস্তুতি-ছুটির পর সেমিস্টারের পরীক্ষা অনুষ্ঠিত হবে ৩ সপ্তাহব্যাপী। পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও ফলাফল প্রকাশের সময়সীমা ৩ সপ্তাহ। প্রতি সেমিস্টার পরীক্ষার পর ৩ সপ্তাহ ছুটি থাকবে।

## Graduate Attributes (Based on need assessment)

১. বিভাগের গ্রাজুয়েটরা সাধারণভাবে ভাষা এবং বিশেষভাবে বাংলা ভাষা বিষয়ে কুশলী হবে। গদ্য-রচনা ও সম্পাদনায় পারদর্শী হবে।

২. সাহিত্য অধ্যয়নের কলাকুশলতা সম্পর্কে তারা পারদর্শী হবে। ফলে সমসাময়িক সাহিত্যের পঠনপাঠনে ভূমিকা রাখতে পারবে।

৩. ভাষা ও সাহিত্যের সাধারণ কুশলতা বিভিন্ন শিক্ষাস্তরের ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণে সমর্থ হবে।

৪. সরকারি ও বেসরকারি অফিস এবং পত্রপত্রিকাসহ ভাষার ব্যবহার হয় এমন মাধ্যমগুলোতে দায়িত্ব পালনের উপযোগী হবে।

৫. সৃষ্টিশীলতা, সাহিত্যবোধ, সৌন্দর্যবোধ ও রুচির দিক থেকে বৃহত্তর সমাজ ও জনমানুষকে ইতিবাচকভাবে প্রভাবিত করতে পারবে।

## Program Educational Objectives (PEOs)

১. শিক্ষার্থীদের সাধারণভাবে ভাষা এবং বিশেষভাবে বাংলা ভাষা বিষয়ে কুশলী করে গড়ে তোলা।

২. গদ্য-রচনা ও সম্পাদনায় পারদর্শী করে তোলা।

৩. সাহিত্য-অধ্যয়নের কলাকুশলতা সম্পর্কে প্রশিক্ষণ দেয়া।

৪. সামাজিক ও রাষ্ট্রীয় চাহিদার ভিত্তিতে শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তোলা, যেন ভাষা ও সাহিত্যের সাধারণ কুশলতা বিভিন্ন শিক্ষাস্তরের ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণে সমর্থ হয়।

৫. সরকারি ও বেসরকারি অফিস এবং পত্রপত্রিকাসহ ভাষার ব্যবহার হয় এমন মাধ্যমগুলোতে দায়িত্ব পালনের উপযোগী করে প্রশিক্ষিত করা।

৬. শিক্ষার্থীরা যেন সৃষ্টিশীলতা, সাহিত্যবোধ, সৌন্দর্যবোধ ও র্চির দিক থেকে বৃহত্তর সমাজ ও জনমানুষকে ইতিবাচকভাবে প্রভাবিত করতে পারে।

৭. বাংলা ভাষা ও সাহিত্যচর্চার মধ্য দিয়ে দেশাত্মবোধ জাগ্রত করা, এবং বৃহত্তর জনমানুষের সাথে সম্পর্কিত করা।

৮. রাষ্ট্রভাষা হিসেবে বাংলার সর্বত্রগামী হওয়ার জন্য বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় ভাষাগত দক্ষতার প্রয়োগ ঘটানো।

## Program Learning Outcomes (PLOs)

১. বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাস, অর্জন ও প্রবণতা সম্পর্কে পরিচ্ছন্ন ধারণা লাভ।

২. শিক্ষার্থীরা ভাষার রূপ ও ব্যবহার সম্পর্কে কুশলতা অর্জন করবে। মানসম্মত গদ্য লিখতে ও সম্পাদনা করতে পারবে। ভাষার প্রায়োগিক বিশ্লেষণে সমর্থ হবে।

৩. সাহিত্যের রূপগত প্রকরণ সম্পর্কে ধারণা অর্জন। সাহিত্য বিশ্লেষণ ও সমালোচনায় কুশলী হয়ে ওঠা। নতুন সাহিত্য পাঠ ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় কুশলতা অর্জন করা।

৪. সাহিত্যপাঠের মধ্য দিয়ে সমাজ, দর্শন, রাজনীতি, মনস্তত্ত্ব, জনসংস্কৃতি এবং পরিবেশ বিষয়ক অধ্যয়ন সম্পর্কে বিশ্লেষণ-ক্ষমতা অর্জন করা।

৫. বাংলাদেশ-অধ্যয়নের বিভিন্ন মাত্রা যেমন বাংলাদেশের আর্থ-সামাজিক, রাজনৈতিক, ঐতিহাসিক ও নৃতাত্ত্বিক পাঠ সম্পর্কে কুশলতা অর্জন করা।

৬. বিশ্লেষণ ও উদ্ভাবনী কুশলতার চর্চার মধ্য দিয়ে জাতীয় ও আন্তর্জাতিক বাস্তবতা গভীরভাবে উপলব্ধি করার ক্ষমতা অর্জন করা।

## Mapping Mission of the University with PEO

১. শিক্ষার্থীদের সাধারণভাবে ভাষা এবং বিশেষভাবে বাংলা ভাষা বিষয়ে কুশলী করে গড়ে তোলা। (মিশন ১, ২, ৩)

২. গদ্য-রচনা ও সম্পাদনায় পারদর্শী করে তোলা। (মিশন ১, ২, ৩)

৩. সাহিত্য-অধ্যয়নের কলাকুশলতা সম্পর্কে প্রশিক্ষণ দেয়া। (মিশন ১, ২, ৩)

৪. সামাজিক ও রাষ্ট্রীয় চাহিদার ভিত্তিতে শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তোলা, যেন ভাষা ও সাহিত্যের সাধারণ কুশলতা বিভিন্ন শিক্ষাস্তরের ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণে সমর্থ হয়। (মিশন ১, ২, ৩, ৪)

৫. সরকারি ও বেসরকারি অফিস এবং পত্রপত্রিকাসহ ভাষার ব্যবহার হয় এমন মাধ্যমগুলোতে দায়িত্ব-পালনের উপযোগী করে প্রশিক্ষিত করা।(মিশন ২, ৪, ৬)

৬. শিক্ষার্থীরা যেন সৃষ্টিশীলতা, সাহিত্যবোধ, সৌন্দর্যবোধ ও রুচির দিক থেকে বৃহত্তর সমাজ ও জনমানুষকে ইতিবাচকভাবে প্রভাবিত করতে পারে। (মিশন ৩, ৪, ৬)

৭. বাংলা ভাষা ও সাহিত্যচর্চার মধ্য দিয়ে দেশাত্মবোধ জাগ্রত করা, এবং বৃহত্তর জনমানুষের সাথে সম্পর্কিত করা। (মিশন ২, ৫, ৭)

৮. রাষ্ট্রভাষা হিসেবে বাংলার সর্বত্রগামী হওয়ার জন্য বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় ভাষাগত দক্ষতার প্রয়োগ ঘটানো। (মিশন ১, ২, ৪, ৬)

## Mapping PLOs with the PEOs

১. বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাস, অর্জন ও প্রবণতা সম্পর্কে পরিচ্ছন্ন ধারণা লাভ। (পিইও ১, ২, ৪, ৫, ৭, ৮)

২. শিক্ষার্থীরা ভাষার রূপ ও ব্যবহার সম্পর্কে কুশলতা অর্জন করবে। মানসম্মত গদ্য লিখতে ও সম্পাদনা করতে পারবে। ভাষার প্রায়োগিক বিশ্লেষণে সমর্থ হবে। (পিইও ১, ২, ৪, ৫, ৭, ৮)

৩. সাহিত্যের রূপগত প্রকরণ সম্পর্কে ধারণা অর্জন। সাহিত্য-বিশ্লেষণ ও সমালোচনায় কুশলী হয়ে ওঠা। নতুন-সাহিত্য পাঠ ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় কুশলতা অর্জন করা। (পিইও ৩, ৪, ৬, ৭)

৪. সাহিত্য-পাঠের মধ্য দিয়ে সমাজ, দর্শন, রাজনীতি, মনস্তত্ত্ব, জনসংস্কৃতি ইত্যাদি এলাকায় বিশ্লেষণ-ক্ষমতা অর্জন করা। (পিইও ৩, ৪, ৬, ৭)

৫. বাংলাদেশ-অধ্যয়নের বিভিন্ন মাত্রা ও এলাকা সম্পর্কে কুশলতা অর্জন। (পিইও ৪, ৫, ৭, ৮)

৬. বিশ্লেষণ ও উদ্ভাবনী কুশলতার চর্চার মধ্য দিয়ে জাতীয় ও আন্তর্জাতিক বাস্তবতা গভীরভাবে উপলব্ধি করার ক্ষমতা অর্জন। (পিইও ৪, ৫, ৬, ৮)

# Part B

## Mapping Courses with the PLOs

## Structure of the curriculum with course list

# List of Courses


| Course Type | Course Code | Course Title | Page No. |
|---|---|---|---|
| GED | BANG-101 | Bangladesh Studies | 17 |
| CC | BANG-102 | Poetics: Form, Content, Metre and Rhetoric | 21 |
| CC | BANG-103 | Bangla Poetry-1 | 23 |
| GED | BANG-104 | Sociology | 26 |
| CC | BANG-105 | History of Bangla Literature : Ancient and Medieval period (650-1800) | 29 |
| CC | BANG-106 | Bangla Novel-1 | 32 |
| CC | BANG-107 | Phonetics and Bangla Grammar | 35 |
| GED | BANG-108 | English Language-1 | 38 |
| CC | BANG-201 | History of Bangla Literature : Modern period (1801-1947) | 42 |
| CC | BANG-202 | Bangla Poetry-2 | 44 |
| GED | BANG-203 | Philosophy | 46 |
| GED | BANG-204 | ICT Fundamentals and Advanced MS Office Skills | 49 |
| CC | BANG-205 | Bangla Short Story-1 | 58 |
| CC | BANG-206 | Bangla Drama-1 | 62 |
| CC | BANG-207 | Literature of Bangladesh: A History (1947-2000) | 65 |
| GED | BANG-208 | English Language-2 | 69 |
| CC | BANG-301 | Bangla Poetry-3 | 73 |
| CC | BANG-302 | Bangla Essay-1 | 75 |
| CC | BANG-303 | Bangla Novel-2 | 79 |
| CC | BANG-304 | Linguistics | 81 |
| CC | BANG-305 | Bangla Poetry-4 | 84 |
| GED | BANG-306 | Psychology | 87 |
| CC | BANG-307 | Folkloristics and Bangla Folk Literature | 89 |
| CC | BANG-308 | Literary Theory and Bangla Literary Criticism | 92 |
| CC | BANG-401 | Bangla Short Story-2 | 97 |
| CC | BANG-402 | Bangla Drama-2 | 99 |
| CC | BANG-403 | Literary Research: Theory and Practice | 102 |
| GED | BANG-404 | English Literature | 106 |
| CC | BANG-405 | Bangla Essay-2 | 108 |
| CC | BANG-406 | Bangla Novel-3 | 112 |
| CC | BANG-407 | Classical Literature | 114 |
| CC | BANG-408 | History of Bangla Language and Manuscript Reading | 116 |
| CC | BANG-409 | Literature on Bangladesh Liberation Struggle | 119 |
| EC | BANG-410 | Thesis | 121 |

# প্রথম বর্ষ

## প্রথম বর্ষ প্রথম সেমিস্টার

**Course Code:** BANG-101
**Course title:** বাংলাদেশ অধ্যয়ন [Bangladesh Studies]
**Course Type:** GED Course
**Credit Value:** 4 Credits

### ভূমিকা

১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার পর থেকে একটি বিস্তৃত ধারণা প্রদান করা এই কোর্সের উদ্দেশ্য। কোর্সটি বাংলাদেশের ইতিহাস, রাজনীতি, অর্থনীতি, সমাজ, সংস্কৃতি এবং ঐতিহ্যের সাথে শিক্ষার্থীদের প্রাথমিকভাবে পরিচয় করিয়ে দেবে। এছাড়াও বাংলাদেশের ভূগোল ও জনসংখ্যা, সাংবিধানিক অগ্রগতি এবং বৈদেশিক নীতির ওপর এই কোর্সে আলোকপাত করা হবে।

### কোর্সের উদ্দেশ্য

১. জাতিরাষ্ট্র হিসেবে বাংলাদেশের ঐতিহাসিক গতি-প্রকৃতির একটি সাধারণ বিবরণ প্রদান।

২. বাংলাদেশের আর্থ-সামাজিক, অর্থনৈতিক, ধর্মীয় এবং সাংস্কৃতিক বৈশিষ্ট্য সম্পর্কে শিক্ষার্থীদের পরিচিত করা।

৩. বাংলাদেশের প্রাকৃতিক বৈশিষ্ট্য, উদ্ভিদ ও প্রাণী, খনিজসম্পদ এবং জাতীয় উন্নয়নে তাদের প্রভাব অন্বেষণ।

৪. শিক্ষার্থীদের সরকার, শাসননীতি, পরিকল্পনা এবং বিভিন্ন উন্নয়ন কৌশলের সাথে পরিচিত করা।

৫. জাতি গঠনে সর্বোত্তম সেবা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করা এবং দেশপ্রেমিক ও সুনাগরিক হিসেবে গড়ে তোলা।

### Course Learning Outcomes (CLOs)

1. Demonstrate a thorough understanding of Bangladesh's rich heritage, geography, demography, socio-economic, religious, cultural and political development and their influences to the nation building. (PLO 4)

2. Examine the functioning of the constitution of Bangladesh, various socio-political institutions, and different constitutional bodies, by assessing their influence on political governance. (PLO 4, 5)
3. Design brief solutions for sustainable development and the integration of 4IR to address diverse environmental and educational concerns and resource management to formulate further strategies for the state. (PLO 4)
4. Assessing various development procedures and their rationale to the world context by examine economic, communicative and development policies. (PLO 4, 5)
5. Critically analyse the factors influencing Bangladesh's socio-economic development, foreign policies, and security concerns. (PLO 5, 6)
6. Build critical reading and writing skills by developing the ability to explain and interpret historical and socio-political scholarship. (PLO 3, 4, 5, 6)

## Teaching Learning Contents

১. **বাংলাদেশের ভূগোল ও জনসংখ্যা:** বাংলাদেশের ভৌগোলিক বৈশিষ্ট্য এবং ভূ-রাজনৈতিক গুরুত্ব, বাংলাদেশের রাজনীতি, সমাজ, অর্থনীতি, ধর্ম ও সংস্কৃতির ওপর ভৌগোলিক প্রভাব। জনসংখ্যার বৈশিষ্ট্য– বাংলাদেশের জনসংখ্যা, জাতিগঠন এবং ধর্মীয় সম্প্রদায়।

২. **বাংলাদেশের অভ্যুদয়:** ঐতিহাসিক প্রেক্ষাপট– **১৯০৫** সালের বঙ্গভঙ্গ, **১৯৪০** সালের লাহোর প্রস্তাব, **১৯৪৭** সালের ভারত বিভাজন এবং পাকিস্তানের অভ্যুদয়। বাঙালি জাতীয়তাবাদের বিকাশ: **১৯৫২** সালের ভাষা আন্দোলন এবং উল্লেখযোগ্য অন্যান্য ঘটনা– **১৯৭১** সালের স্বাধীনতা যুদ্ধ এবং বাংলাদেশের অভ্যুদয়।

৩. **বাংলাদেশের সংবিধান: ১৯৭২** সালে রচিত বাংলাদেশের সংবিধান এবং এর বৈশিষ্ট্য– সাম্প্রতিক কাল পর্যন্ত সংবিধানের সংশোধনীসমূহ।

৪. **বাংলাদেশের রাজনৈতিক অগ্রগতি:** বাংলাদেশের রাজনৈতিক দল– গণতন্ত্রের বিকাশ, গণতান্ত্রিক আন্দোলন এবং বাংলাদেশের সরকার। রাষ্ট্রীয় অঙ্গসমূহ: আইনসভা, নির্বাহী এবং বিচার বিভাগ, কেন্দ্রীয় এবং স্থানীয় সরকারের গঠন, এখতিয়ার এবং কার্যাবলি, ই-গভর্নেন্স।

৫. **বাংলাদেশের শিক্ষা:** শিক্ষাপদ্ধতি: প্রাথমিক, মাধ্যমিক এবং জাতীয় শিক্ষানীতি– মানবসম্পদ উন্নয়নে শিক্ষার ভূমিকা– আইসিটি এবং শিক্ষাগত উন্নয়ন।

৬. **বাংলাদেশের অর্থনীতি:** বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন– রাজস্ব (ফিসকেল) এবং আর্থিক নীতি: বাজেট, জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (ECNEC), কেন্দ্রীয় এবং বাণিজ্যিক ব্যাংক, বীমা, শেয়ারবাজার– অর্থনৈতিক সংস্থা এবং তাদের ভূমিকা, বাংলাদেশের জিডিপিতে কৃষি, শিল্প ও তৈরি পোশাক খাতের (আরএমজি) অবদান– রপ্তানি ও আমদানি, বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং দারিদ্র্য বিমোচন।

৭. **উন্নয়ন কৌশল এবং নীতি:** স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী উন্নয়ন কৌশল, ৫ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনা, সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল [MDGs]), টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল [SDGs]), আর্থ-সামাজিক উন্নয়নে এনজিওগুলোর ভূমিকা, নারীর ক্ষমতায়ন– চতুর্থ শিল্পবিপ্লব (4IR).

৮. **বাংলাদেশের পররাষ্ট্রনীতি ও নিরাপত্তা কৌশল:** বাংলাদেশের পররাষ্ট্রনীতির নির্ধারক এবং এর মূলনীতি, ১৯৭২ সাল থেকে বাংলাদেশের পররাষ্ট্রনীতি। বাংলাদেশের ঐতিহ্যগত এবং অপ্রচলিত নিরাপত্তা কৌশল।

৯. **সম্পদ এবং সংরক্ষণ:** সম্পদের ধরন– প্রাকৃতিক এবং অন্যান্য, বাংলাদেশের প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ: উদ্ভিদ, প্রাণী, প্রাকৃতিক সম্পদ ইত্যাদি। বাংলাদেশের পানিসম্পদ ব্যবস্থাপনা– প্রাকৃতিক দুর্যোগ এবং এর ব্যবস্থাপনা।

১০.**বাংলাদেশের সমাজ ও সংস্কৃতি:** সমাজের বৈশিষ্ট্য, সামাজিক সমস্যা এবং এর প্রতিকার– নৈতিক এবং নৈতিক মূল্যবোধ শিক্ষা, সুশীল সমাজ– বাংলাদেশের শিল্প ও সাহিত্য: বাংলাদেশের ভাষা, উল্লেখযোগ্য সাহিত্যকর্ম এবং পারফর্মিং আর্টস (থিয়েটার, নৃত্য ও সংগীত ও চিত্রকলা), চলচ্চিত্র, উৎসব, গণমাধ্যম, খেলাধুলা বাংলাদেশের ঐতিহ্যবাহী স্থান ইত্যাদি।

- বাংলাদেশের যে কোনো একটি ঐতিহাসিক স্থানে ফিল্ড-ট্রিপের ওপর নির্ভর করে অথবা নির্দিষ্ট কোনো সাহিত্যকর্ম, থিয়েটার, সংগীত, নৃত্য, চলচ্চিত্র বা আগ্রহের বিষয় সম্পর্কে শিক্ষক ছাত্রদের একটি অ্যাসাইনমেন্ট তৈরি করে জমা দেওয়ার নির্দেশনা দিতে পারেন।

## Supplementary Readings

অজয় রায়: আদি বাঙালি: নৃতাত্ত্বিক ও সমাজতাত্ত্বিক বিশ্লেষণ
অতুল সুর: বাঙলা ও বাঙালীর বিবর্তন; বাঙলার নৃতাত্ত্বিক পরিচয়; বাঙলার সামাজিক ইতিহাস
আনিসুজ্জামান (সম্পাদক): বাংলা সাহিত্যের ইতিহাস (প্রথম খণ্ড)
আবদুল মমিন চৌধুরী: প্রাচীন বাংলার ইতিহাস ও সংস্কৃতি
আবুল কাসেম ফজলুল হক: মুক্তিসংগ্রাম
আবুল মনসুর আহমদ: আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর
আহমদ শরীফ: বাঙলা, বাঙালী ও বাঙালীত্ব
কামরুদ্দীন আহমদ: পূর্ব বাংলার সমাজ ও রাজনীতি
গোপাল হালদার: বাঙালি সংস্কৃতির রূপ
দীনেশচন্দ্র সেন: বৃহৎ-বঙ্গ (১-২ খণ্ড)
নীহাররঞ্জন রায়: বাঙ্গালীর ইতিহাস (আদিপর্ব)
বদরুদ্দীন উমর: পূর্ব বাঙলার ভাষা-আন্দোলন ও তৎকালীন রাজনীতি (১-৩ খণ্ড)
বিনয় ঘোষ: বাংলার সামাজিক ইতিহাসের ধারা
মঈদুল হাসান: মূলধারা ’৭১
মনসুর মুসা (সম্পাদক): বাঙলাদেশ
মুহম্মদ আবদুর রহিম ও অন্যান্য: বাংলাদেশের ইতিহাস
মুহাম্মদ হাবিবুর রহমান: গঙ্গাঋদ্ধি থেকে বাংলাদেশ
মোহাম্মদ ফরহাদ: উনসত্তরের গণঅভ্যুত্থান
রফিকুল ইসলাম: বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম
রাখালদাস বন্দ্যোপাধ্যায়: বাঙ্গালার ইতিহাস
শওকত আলী: সত্য মামলা আগরতলা
শেখ মুজিবুর রহমান: অসমাপ্ত আত্মজীবনী; কারাগারের রোজনামচা
সাঈদ-উর রহমান: পূর্ব বাংলার সাংস্কৃতিক আন্দোলন
সুকুমার সেন: প্রাচীন বাঙ্গালা ও বাঙ্গালী; মধ্যযুগের বাঙ্গালা ও বাঙ্গালী; বঙ্গভূমিকা
সুনীতিকুমার চট্টোপাধ্যায়: সংস্কৃতি শিল্প ইতিহাস
সৈয়দ আমিরুল ইসলাম: বাংলা অঞ্চলের ইতিহাস
হুমায়ুন আজাদ: ভাষা-আন্দোলন: সাহিত্যিক পটভূমি
A M Chowdhury: Dynasti c History of Bengal
Jadunath Sarkar (editor): The History of Bengal (Vol. 2)
Kamruddin Ahmad: A Socio Political History of Bengal and the Birth of Bangladesh
R C Majumdar (editor): The History of Bengal (Vol. 1)

**Course Code :** BANG-102
**Course title :** রূপতত্ত্ব, রসতত্ত্ব, ছন্দ ও অলংকার
(Poetics: Form, Content, Metre and Rhetoric)
**Course Type :** GED Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

সাহিত্যের রস ও রূপ বিশ্লেষণের ক্ষেত্রে সংস্কৃত কাব্যশাস্ত্র ও অলংকার শাস্ত্রের স্থান অত্যন্ত গুরুত্বপূর্ণ। সংস্কৃত সাহিত্য-তাত্ত্বিকরা 'রসতত্ত্বে'র ধারায় কাব্য-সম্পর্কিত বিভিন্ন জিজ্ঞাসা ও মীমাংসার যে জগত তৈরি করেছেন, তার সঙ্গে সাহিত্যের শিক্ষার্থীদের পরিচয় অপরিহার্য। রূপতত্ত্ব কাজ করে সাহিত্যের বিভিন্ন প্রকরণ বা রূপের সংজ্ঞার্থ ও স্বতন্ত্র বৈশিষ্ট্য নিয়ে। ছন্দ ও অলংকার প্রধানত কবিতার পঠন-পাঠন, বিশ্লেষণ ও নির্মিতির সঙ্গে যুক্ত।

## Course objectives

এই কোর্স অধ্যয়নের মাধ্যমে শিক্ষার্থীরা ভারতীয় রসতত্ত্বের বিভিন্ন ধারা সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারবে এবং সাহিত্য-বিশ্লেষণের বিবিধ উপায়-উপকরণের সঙ্গে পরিচিত হবে। তাদের পঠিত বিষয়ের রূপগত বিভাজন এবং এর বৈশিষ্ট্যও এর মাধ্যমে সুস্পষ্ট হবে। তারা কাব্যের ছন্দ ও অলংকার শনাক্তকরণ ও বিশ্লেষণে সক্ষম হবে। কাব্য পাঠ সম্পর্কে এ সকল জ্ঞান শিক্ষার্থীদের ঋদ্ধ করবে।

## Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১. সাহিত্যের রূপগত বিভাজন, বৈশিষ্ট্য সম্পর্কে জানার পাশাপাশি সাহিত্যের বিভিন্ন আঙ্গিকের মধ্যকার পার্থক্য নির্ণয় করতে পারবে। (পিএলও ২,৩)

২. সাহিত্য-বিশ্লেষণের নানা পদ্ধতি সম্পর্কে জানতে পারবে; যা মৌলিক সাহিত্য রচনায় কাজে দেবে। (পিএলও ২, ৩, ৬)

৩. ভারতীয় রসতত্ত্বের বিভিন্ন ধারা সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারবে। (পিএলও ২,৩,৬)

৪. কাব্যের ছন্দ ও অলংকার শনাক্তকরণ ও বিশ্লেষণে সক্ষম হবে। (পিএলও ২,৩)

## Recommended Readings

ক. রূপতত্ত্ব: কবিতা; উপন্যাস; ছোটগল্প; নাটক; প্রবন্ধ

খ. রসতত্ত্ব: রসবাদ; ধ্বনিবাদ; অলংকারবাদ; রীতিবাদ; বক্রোক্তিবাদ;
কাব্যনির্মাণকৌশল: স্থায়ীভাব, বিভাব, অনুভাব, সঞ্চারীভাব; অলৌকিক মায়ার জগৎ; গুণ; বাচ্য; ঔচিত্য

গ. ছন্দ: ধ্বনি, মাত্রা ও অক্ষর; চরণ; পঙক্তি; স্তবক; পর্ব; বাংলা ছন্দ: স্বরবৃত্ত, মাত্রাবৃত্ত, অক্ষরবৃত্ত; বাংলা ছন্দের বিকাশধারা ও বৈচিত্র্য; ছন্দ-বিশ্লেষণ

ঘ. অলংকার: অলংকারের সংজ্ঞার্থ ও প্রয়োজনীয়তা; শব্দালংকার: অনুপ্রাস, যমক, শ্লেষ, বক্রোক্তি, পুনরুক্তবদাভাস; অর্থালংকার:
উপমা, উৎপ্রেক্ষা, রূপক, প্রতীক, চিত্রকল্প, সমাসোক্তি, অন্যাসক্ত, অতিশয়োক্তি, ভ্রান্তিমান, সন্দেহ, নিশ্চয়, বিরোধাভাস, বিষম, বিশেষোক্তি, ব্যাজস্তুতি, স্বভাবোক্তি

## Supplementary Readings

অজিতকুমার ঘোষ: নাটকের কথা

অতুলচন্দ্র গুপ্ত: কাব্যজিজ্ঞাসা

অভিনব গুপ্ত: ধ্বন্যালোক ও লোচন (সুবোধচন্দ্র সেনগুপ্ত ও কালিপদ সেন অনূদিত)

আবদুল কাদির: ছন্দ-সমীক্ষা

আবদুল মান্নান সৈয়দ: ছন্দ

কুন্তল চট্টোপাধ্যায়: সাহিত্যের রূপ-রীতি ও অন্যান্য প্রসঙ্গ

জীবেন্দ্র সিংহ রায়: কাব্যতত্ত্ব; বাঙলা অলঙ্কার; বাঙলা ছন্দ

দিলীপকুমার রায়: ছান্দসিকী

দুর্গাশঙ্কর মুখোপাধ্যায়: নাট্যতত্ত্ব বিচার

দেবীপদ ভট্টাচার্য: উপন্যাসের কথা

ধ্রুবকুমার মুখোপাধ্যায়: প্রসঙ্গ অলঙ্কার

নরেন বিশ্বাস: অলঙ্কার অন্বেষা; কাব্যতত্ত্ব অন্বেষা

নারায়ণ গঙ্গোপাধ্যায়: সাহিত্যে ছোটগল্প

নীলরতন সেন: আধুনিক বাংলা ছন্দ

প্রবোধচন্দ্র সেন: ছন্দ-পরিক্রমা

বিমলকৃষ্ণ সরকার: কবিতার কথা

পবিত্র সরকার: বাংলা ছন্দ

মোহাম্মদ মনিরুজ্জামান: বাংলা কবিতার ছন্দ

রথীন্দ্রনাথ রায়: ছোটগল্পের কথা

রবীন্দ্রনাথ ঠাকুর: ছন্দ

সাধনকুমার ভট্টাচার্য: নাট্যতত্ত্ব মীমাংসা

সুধীরকুমার দাশগুপ্ত: কাব্যালোক

শ্রীশচন্দ্র দাস: সাহিত্য সন্দর্শন

শ্যামাপদ চক্রবর্তী: অলঙ্কার-চন্দ্রিকা

Cuddon, J A: The Penguin Dictionary of Literary Terms and Literary Theory

M. H. Abrams: A Glossary of Literary terms

Padmaja Ashok: A companion to Literary Forms

**Course Code :** BANG-103

**Course title :** বাংলা কবিতা–১ [Bangla Poetry-1]

**Course Type :** Core Course

**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

কবিতা সৃষ্টিশীল সাহিত্যের একটি প্রধান ধারা। সাহিত্যের শিক্ষার্থীদের জন্য কবিতা-অনুধাবন ও এর বিশ্লেষণী-ক্ষমতা অর্জন করা গুরুত্বপূর্ণ। বর্তমান কোর্সে আধুনিক বাংলা কবিতার চারজন প্রথিতযশা কবির আটটি কাব্য পাঠ্য করা হয়েছে। এর মধ্যে মাইকেল মধুসূদন দত্ত আধুনিক বাংলা কবিতার সূচনালগ্নের যুগন্ধর কবি; রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা গীতিকাব্যের শ্রেষ্ঠ প্রতিনিধি; কাজী নজরুল ইসলাম এবং জসীমউদ্‌দীন আধুনিক বাংলা কাব্যের দুটি নতুন ধারার প্রবর্তক।

এই চারজন কবির আটটি কাব্য পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা আধুনিক বাংলা কবিতার প্রথম আট দশকের বিকাশের ধারাসহ আধুনিক কবিতার বৈশিষ্ট্য অনুধাবন, কবি হিসেবে তাঁদের প্রত্যেকের বৈশিষ্ট্য ও অবদান উপলব্ধি এবং পাঠ্য কাব্যসমূহ বিশ্লেষণে সক্ষম হবে। অধিকন্তু মধ্যযুগের কবিতার গণ্ডি পেরিয়ে পাশ্চাত্য-সাহিত্যের সঙ্গে নিবিড় সংযুক্তির ফলে বাংলা কবিতার যে বাঁকবদল, তাও উপলব্ধি করতে পারবে। একই সঙ্গে উনিশ শতকে বাঙালি সংস্কৃতির নবজাগরণের বৈশিষ্ট্যও অনুধাবন করবে।

## Course objectives

এ কোর্সের মধ্য দিয়ে আধুনিক বাংলা কাব্যের উদ্ভব, বিকাশ এবং আধুনিক কবিদের সম্পর্কে জানতে পারবে।

কবিতা বিচার ও বিশ্লেষণ অর্থাৎ সমালোচনার দক্ষতা অর্জন করবে। পাশাপাশি ভাষাগত দিকে নিজেকে বা নিজের মতগুলো উপস্থাপনে দক্ষতা বাড়বে।

## Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১. আধুনিক বাংলা কবিতার উন্মেষকাল, বৈশিষ্ট্য এবং চারজন কবি ও তাঁদের কাব্যকৃতি সম্পর্কে জানবে। (পিএলও ১, ৩)

২. কবিদের সমকাল, মানস ও কাব্যে তার প্রতিফলন সম্পর্কে জানবে। (পিএলও ৪, ৫)

৩. মহাকাব্য, ট্রাজেডির স্বরূপ, বৈশিষ্ট্য সম্পর্কে জানবে। (পিএলও ৩, ৬)

৪. পুরাণের সংজ্ঞা, বৈশিষ্ট্য এবং আধুনিক কবিতায় তার প্রয়োগের তাৎপর্য জানবে। (পিএলও ৩, ৬)

৫. কবিতায় রোমান্টিক চেতনার প্রভাব পর্যালোচনা করতে শিখবে। (পিএলও ৩, ৬)

৬. বাংলা কবিতায় ঔপনিবেশিক শাসনের বিরোধিতার ইতিবৃত্ত জানবে। (পিএলও ৩, ৪, ৫)

৭. বাংলার লোকজ জীবন, প্রকৃতি এবং কবিতায় তার প্রভাব সম্পর্কে জানবে। (পিএলও ৩, ৪, ৫)

৮. মধ্যযুগের বাংলা কাব্য এবং আধুনিক যুগের বাংলা কবিতার তুলনামূলক আলোচনা করতে সমর্থ হবে। (পিএলও ৫, ৬)

## Recommended Readings

ক] রবীন্দ্রনাথ ঠাকুরঃ *সোনার তরী*, *চিত্রা*
জসীমউদ্‌দীনঃ *রাখালী*, *নক্সী-কাঁথার মাঠ*

[খ] মাইকেল মধুসূদন দত্তঃ *মেঘনাদবধ-কাব্য; চতুর্দ্দশপদী কবিতাবলী*: বঙ্গভাষা, অন্নপূর্ণার ঝাঁপি, মেঘদূত, কবি, কপোতাক্ষ নদ, উর্ব্বশী, কবিবর ভিক্‌তর হুগো, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, মিত্রাক্ষর, আশা।

কাজী নজরুল ইসলামঃ *অগ্নি-বীণা*, *সিন্ধু-হিন্দোল*

## Supplementary Readings

অনীক মাহমুদ: জসীমউদ্‌দীনের কাব্যে বিষয়বৈচিত্র্য ও শিল্পরূপ

আজহারউদ্দিন খান: বাংলা সাহিত্যে নজরুল

আনিসুজ্জামান (সম্পাদক): রবীন্দ্রনাথ

আবদুল মান্নান সৈয়দ: কাজী নজরুল ইসলাম: কবি ও কবিতা; নজরুল ইসলাম: কালজ ও কালোত্তর

আবু সয়ীদ আইয়ুব: আধুনিকতা ও রবীন্দ্রনাথ

আবু হেনা মোস্তফা কামাল: শিল্পীর রূপান্তর

এ কে এম আমিনুল ইসলাম: জসীমউদ্‌দীন: কবি ও কাব্য

কাজী আবদুল ওদুদ: নজরুল-প্রতিভা

ক্ষুদিরাম দাস: রবীন্দ্র-প্রতিভার পরিচয়

ক্ষেত্র গুপ্ত: মধুসূদনের কবি-আত্মা ও কাব্যশিল্প; নজরুলের কবিতা: অসংযমের শিল্পরূপ

খুরশীদ আনোয়ার জসীমউদ্‌দীন (সম্পাদক): কবি জসীমউদ্‌দীনের প্রবন্ধসমূহ

গোলাম মুরশিদ: আশার ছলনে ভুলি

চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়: রবি-রশ্মি (২ খণ্ড)

তারাপদ মুখোপাধ্যায়: আধুনিক বাংলা কাব্য

তিতাস চৌধুরী: জসীমউদ্‌দীন: কবিতা, গদ্য ও স্মৃতি

নাসির আলী মামুন (সম্পাদক): মাটি ও মানুষের কবি জসীমউদ্‌দীন

নীহাররঞ্জন রায়: রবীন্দ্র-সাহিত্যের ভূমিকা

পলাশ প্রকাশনী (প্রকাশিত): জসীমউদ্‌দীনের নক্সী-কাঁথার মাঠ সমালোচনা

প্রমথনাথ বিশী: রবীন্দ্র কাব্যপ্রবাহ

ফাতেমা কাওসার: বাংলা সাহিত্যের কথকতা

বিমল গুহ: আধুনিক বাংলা কবিতায় লোকজ উপাদান: জসীমউদ্‌দীন-জীবনানন্দ দাশ-বিষ্ণু দে

বিশ্বজিৎ ঘোষ: নজরুল মানস ও অন্যান্য প্রসঙ্গ

বুদ্ধদেব বসু: কবি রবীন্দ্রনাথ; সঙ্গ নিঃসঙ্গতা রবীন্দ্রনাথ

বেগম আকতার কামাল: নজরুল: দৃষ্টি ও সৃষ্টি

ভীষ্মদেব চৌধুরী: নিয়তির পক্ষ-বিপক্ষ ও বিবিধ প্রবন্ধ

মুজফ্‌ফর আহমদ: কাজী নজরুল ইসলাম: স্মৃতিকথা

মোহিতলাল মজুমদার: কবি শ্রীমধুসূদন; আধুনিক বাংলা সাহিত্য
মোহাম্মদ মনিরুজ্জামান (সম্পাদক): নজরুল-সমীক্ষণ
রফিকুল ইসলাম: কাজী নজরুল ইসলাম: জীবন ও সৃষ্টি; নজরুল জীবনী
শুভ্রাংশু মুখোপাধ্যায়: রবীন্দ্রকাব্যের পুনর্বিচার
শশাঙ্কমোহন সেন: মধুসূদন: অন্তর্জীবন ও প্রতিভা
সন্‌জীদা খাতুন: ধ্বনি থেকে কবিতা
সিরাজ সালেকীন: নজরুল-টোটেম
সীতাংশু মৈত্র: যুগন্ধর মধুসূদন
সুনীলকুমার মুখোপাধ্যায়: জসীমউদ্‌দীন: কবিমানস ও কাব্যসাধনা
সুরেশচন্দ্র মৈত্র: বাংলা কবিতার নবজন্ম
সুশীলকুমার গুপ্ত: নজরুল চরিতমানস
সৈয়দ আলী আহসান: মধুসূদন: কবিকৃতি ও কাব্যাদর্শ; রবীন্দ্রনাথ: কাব্যবিচারের ভূমিকা
হায়াৎ মামুদ ও জ্যোতিপ্রকাশ দত্ত (সম্পাদক): তোমার সাম্রাজ্যে যুবরাজ

**Course Code :** BANG-104
**Course title : সমাজবিজ্ঞান** [Sociology]
**Course Type :** GED Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

সাহিত্যকর্মে সমাজের নিখুঁত প্রতিফলন ঘটে বলে প্রায়শই দাবি করা হয়। সামাজিক সামষ্টিকতার মধ্যে ব্যক্তির গতি ও স্থিতি পরীক্ষা করা সাহিত্যের অন্যতম প্রধান লক্ষ্য। কাজেই সমাজবিজ্ঞান ডিসিপ্লিনের সাথে সাহিত্য ও ভাষার খুব অন্তরঙ্গ গভীর সম্পর্ক বিদ্যমান।

বর্তমান কোর্সটি পরিকল্পিত হয়েছে সমাজবিজ্ঞানের প্রাথমিক ও মৌলিক ধারণাগুলোর সমন্বয়ে। সমাজবিজ্ঞানের বুনিয়াদি বর্গ, বিশ্লেষণ-পদ্ধতি এবং দৃষ্টিভঙ্গির সাথে শিক্ষার্থীদের পরিচয় ঘটানোই এর লক্ষ্য।

এ কোর্স অধ্যয়নের মধ্য দিয়ে শিক্ষার্থীরা সমাজ অধ্যয়নের দৃষ্টিভঙ্গি, প্রয়োজনীয় প্রাথমিক পরিভাষা, এবং প্রভাবশালী কিছু পদ্ধতির সাথে পরিচিত হবে। এর মধ্য দিয়ে একদিকে সাহিত্যে বিধৃত সমাজ-সত্যের প্রতি মনোযোগী হওয়া সম্ভব হবে, অন্যদিকে

সাহিত্যের বিচার-বিশ্লেষণের ক্ষেত্রে সমাজবিজ্ঞানের কিছু অন্তর্দৃষ্টি বিশেষভাবে সহায়ক হয়ে উঠবে।

## Course objectives

এ কোর্স সমাপ্ত করলে শিক্ষার্থীরা সমাজবিজ্ঞানের প্রাথমিক ভাষা, পরিভাষা, দৃষ্টিভঙ্গি ও বিশ্লেষণ-পদ্ধতির সাথে পরিচিত হবে।

অর্জিত জ্ঞান সাহিত্যপাঠ ও বিশ্লেষণে ব্যবহার করতে শিখবে।

সাহিত্যে প্রতিফলিত সমাজের সূক্ষ্ম অভিব্যক্তি ও বাস্তবতা অধিকতর মনোযোগের সাথে লক্ষ করতে সক্ষম হবে।

সমাজবিজ্ঞানের প্রণালি-পদ্ধতি সাহিত্য-বিশ্লেষণে নতুন ধারণার জোগান দেবে।

## Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১. শিক্ষার্থীরা সমাজবিজ্ঞানের প্রাথমিক ভাষা, পরিভাষা, দৃষ্টিভঙ্গি ও বিশ্লেষণ-পদ্ধতির সাথে পরিচিত হবে। (পিএলও ৪, ৫, ৬)

২. সমাজবিজ্ঞান পাঠের মাধ্যমে অর্জিত জ্ঞান সাহিত্যপাঠ ও বিশ্লেষণে ব্যবহার করতে শিখবে। (পিএলও ৩, ৪, ৬)

৩. সাহিত্যে বিধৃত সমাজ-বাস্তবতা অনুধাবন করে বৃহত্তর জনসমাজের সাথে সাহিত্যের সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে। (পিএলও ৪, ৫, ৬)

৪. সামাজিক বিজ্ঞানের গবেষণা ও পাঠ-পদ্ধতি সাহিত্যে প্রয়োগ করতে শিখবে। (পিএলও ৩, ৬)

## Recommended Readings

সমাজবিজ্ঞানের সংজ্ঞার্থ ও পরিধি; সমাজের উৎপত্তি ও বিকাশ: অগস্ট কোঁৎ, কার্ল মার্কস, হার্ভার্ড স্পেন্সার, এমিল দুর্খেইম, ম্যাক্স ওয়েবার প্রমুখের মতবাদ

সমাজ-কাঠামো: ব্যক্তি, পরিবার ও সমাজ; সামাজিক স্তরবিন্যাস ও শ্রেণি; বর্ণ ও নৃগোষ্ঠী

সংস্কৃতি: সংস্কৃতির উপাদান, মূল্যবোধ ও বিশ্বাস; সাংস্কৃতিক বৈচিত্র্য; সংস্কৃতি-পাঠের বিভিন্ন দৃষ্টিভঙ্গি; ধর্ম; লিঙ্গ

সাহিত্যের সমাজতত্ত্ব; সমাজ ও সাহিত্যের পারস্পরিক সম্পর্ক; সাহিত্যের সমাজতাত্ত্বিক ব্যাখ্যা: কার্ল মার্কস, ফ্রেডরিক এঙ্গেলস, লুনাচারস্কি, গেয়র্গ লুকাচ, টেরি ইগলটন প্রমুখের তত্ত্ব

মানবসমাজ বিকাশের পর্যায়সমূহ: আদিমসমাজ, পশুচারণ সমাজ, কৃষিসমাজ, সামন্তসমাজ, পুঁজিবাদী সমাজ, সাম্যবাদী সমাজ।

বাংলাদেশের গ্রামীণ সম্প্রদায়ের উৎপত্তি ও বিকাশ: গ্রামীণ সামাজিক শ্রেণিসমূহ; শহুরে সম্প্রদায়; বাংলাদেশে মধ্যশ্রেণির বিকাশ; বাংলাদেশের জনসমাজ: ধর্ম, বর্ণ, শ্রেণি ও নৃগোষ্ঠী।

## Supplementary Readings

এ. কে. নাজমুল করিম: সমাজবিজ্ঞান সমীক্ষণ; পরিবর্তনশীল সমাজ: ভারত, পাকিস্তান ও বাংলাদেশ; 'সাহিত্য ও সমাজবিজ্ঞান' (এ. কে. নাজমুল করিম স্মারকগ্রন্থ বইয়ের অন্তর্ভুক্ত)

খগেন্দ্রনাথ সেন: সমাজবিজ্ঞানের ভূমিকা (১-২ খণ্ড)

পরিমলভূষণ কর: সমাজতত্ত্ব

বদরুদ্দীন উমর: চিরস্থায়ী বন্দোবস্তে বাংলাদেশের কৃষক

বিনয় ঘোষ: বাদশাহী আমল; বাংলার নবজাগৃতি

রংগলাল সেন: সমাজকাঠামো: পুঁজিবাদ ও সমাজতন্ত্র

A. K. Nazmul Karim: Changing Society in India, Pakistan and Bangladesh; 'Social Stratification patterns among the Muslims of certain districts of East Pakistan', A. K Nazmul Karim Commemorative Vol.

Anthony Giddens and Philip W Sutton: Sociology, (7th edition)

A.R. Desai: Social Background of Indian Nationalism, India

B H Baden-Powell: The origin and growth of village communities in India

D. D Kosambi: Introduction to the study of Indian History

John J. Macionis: Sociology

Karl Marx: Articles On India

Korgen, K. O. (Ed.). (2017). *The Cambridge Handbook of Sociology: Core Areas in Sociology and the Development of the Discipline*.

Schaefer, R., T. (2012). *Sociology: A Brief Introduction* (10th ed.)

Tischler, H. L. (2011). *Introduction to Sociology* (11th ed.)

Tom Burns and Elizabeth Burns: Introduction in sociology of Literature and Drama

## প্রথম বর্ষ: দ্বিতীয় সেমিস্টার

**Course Code :** BANG-105

**Course title: বাংলা সাহিত্যের ইতিহাস: প্রাচীন ও মধ্যযুগ (৬৫০-১৮০০)**

[History of Bangla Literature: Ancient and Medieval period (650-1800)]

**Course Type :** Core Course

**Credit Value :** 4 Credits

### Rationale of the Course

সাহিত্যের শিক্ষার্থী হিসেবে বাংলা সাহিত্যের প্রাচীন ও মধ্যযুগের ইতিহাস এবং নিদর্শন সমূহের পরিচয় সম্পর্কে জ্ঞানার্জন অত্যাবশ্যকীয়।

### Course objectives

বাংলা সাহিত্যের প্রাচীন নিদর্শন থেকে শুরু করে ১৮০০ খ্রিস্টাব্দ পর্যন্ত সাহিত্যের বিভিন্ন মাধ্যমের সাথে শিক্ষার্থীদের পরিচয় ঘটানো এই কোর্সের লক্ষ্য। এতে বাংলা সাহিত্যধারার উদ্ভব ও বিকাশে আর্থ-সামাজিক-সাংস্কৃতিক-দার্শনিক পটভূমির আলোচনাও থাকবে।উল্লেখযোগ্য সাহিত্যের ধারাসমূহের লেখক পরিচিতি, রচনার পরিবেশ, বিষয়, আঙ্গিক ও ভাষার ধারণা প্রদান করা হবে।

### Program Educational Objectives (PEOs)

১. শিক্ষার্থীদের সাধারণভাবে ভাষা এবং বিশেষভাবে বাংলা ভাষা বিষয়ে কুশলী করে গড়ে তোলা।

২. গদ্য-রচনা ও সম্পাদনায় পারদর্শী করে তোলা।

৩. সাহিত্য- অধ্যয়নের কলাকুশলতা সম্পর্কে প্রশিক্ষণ দেয়া।

৪. সামাজিক ও রাষ্ট্রীয় চাহিদার ভিত্তিতে শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তোলা, যেন ভাষা ও সাহিত্যের সাধারণ কুশলতা বিভিন্ন শিক্ষাস্তরের ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণে সমর্থ হয়।

৫. সরকারি ও বেসরকারি অফিস এবং পত্রপত্রিকাসহ ভাষার ব্যবহার হয় এমন মাধ্যমগুলোতে দায়িত্ব পালনের উপযোগী করে প্রশিক্ষিত করা।

৬. শিক্ষার্থীরা যেন সৃষ্টিশীলতা, সাহিত্যবোধ, সৌন্দর্যবোধ ও রুচির দিক থেকে বৃহত্তর সমাজ ও জনমানুষকে ইতিবাচকভাবে প্রভাবিত করতে পারে।

৭. বাংলা ভাষা ও সাহিত্যচর্চার মধ্য দিয়ে দেশাত্মবোধ জাগ্রত করা, এবং বৃহত্তর জনমানুষের সাথে সম্পর্কিত করা।

৮. রাষ্ট্রভাষা হিসেবে বাংলার সর্বত্রগামী হওয়ার জন্য বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় ভাষাগত দক্ষতার প্রয়োগ ঘটানো।

## Program Learning Outcomes(PLOs)

১. বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাস, অর্জন ও প্রবণতা সম্পর্কে পরিচ্ছন্ন ধারণা লাভ।

২. শিক্ষার্থীরা ভাষার রূপ ও ব্যবহার সম্পর্কে কুশলতা অর্জন করবে। মানসম্মত গদ্য লিখতে ও সম্পাদনা করতে পারবে। ভাষার প্রায়োগিক বিশ্লেষণে সমর্থ হবে।

৩. সাহিত্যের রূপগত প্রকরণ সম্পর্কে ধারণা অর্জন। সাহিত্য বিশ্লেষণ ও সমালোচনায় কুশলী হয়ে ওঠা। নতুন সাহিত্য পাঠ ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় কুশলতা অর্জন করা।

৪. সাহিত্য-পাঠের মধ্য দিয়ে সমাজ, দর্শন, রাজনীতি, মনস্তত্ত্ব, জনসংস্কৃতি ইত্যাদি এলাকায় বিশ্লেষণ-ক্ষমতা অর্জন করা।

৫. বাংলাদেশ-অধ্যয়নের বিভিন্ন মাত্রা ও এলাকা সম্পর্কে কুশলতা অর্জন করা।

৬. বিশ্লেষণ ও উদ্ভাবনী কুশলতার চর্চার মধ্য দিয়ে জাতীয় ও আন্তর্জাতিক বাস্তবতা গভীরভাবে উপলব্ধি করার ক্ষমতা করা।

## Course Learning Outcomes(CLOs)

- ছাত্রছাত্রীরা এই কোর্স থেকে বাংলা সাহিত্য ও সংস্কৃতির মূল ভিত্তি বা শিকড় সম্পর্কে জানতে সক্ষম হবে।
- সপ্তম থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত বাংলার ইতিহাস ও রাজনৈতিক পরিবর্তনের কথা জানতে পারবে।
- বৌদ্ধ-তুর্কি-মোঘল ও ইংরেজ যুগের সূচনার সমাজ-সংস্কৃতি ও সাহিত্য প্রবণতার পরিচয় জানতে পারবে।
- সমাজ ও সাহিত্যে চৈতন্য সংস্কৃতি ও নবজাগরণের স্বরূপের কথা জানতে পারবে।

- ধর্মীয় চেতনাময় সাহিত্যের মধ্য থেকে চিরায়ত মানবজীবন ও সাহিত্যবোধের পরিচয় পাওয়া যাবে।
- সাহিত্যের আদিরূপ এবং মধ্যযুগের বিভিন্ন সাহিত্য নিদর্শন সম্পর্কিত পূর্ণাঙ্গ জ্ঞানার্জনের মাধ্যমে শিক্ষার্থীরা এ সংক্রান্ত ধারণা লাভ করতে সমর্থ হবে।

## Recommended Readings

বাংলা সাহিত্যের আদিপর্ব: চর্যাগীতি; প্রাচীন যুগের অন্যান্য সাহিত্য-নিদর্শন।

বাংলা সাহিত্যের মধ্যপর্ব: শ্রীকৃষ্ণকীর্তন; রামায়ণ, মহাভারত ও অন্যান্য অনুবাদ সাহিত্য।

মঙ্গলকাব্য — ধর্মমঙ্গল ও নাথ সাহিত্য; মনসামঙ্গল; চণ্ডীমঙ্গল; অন্নদামঙ্গল ও অন্যান্য মঙ্গলকাব্য।

বৈষ্ণব পদাবলি ও জীবনীসাহিত্য।

রোমান্সমূলক প্রণয়কাহিনি; বাউল গান; গীতিকা ও অন্যান্য মৌখিক সাহিত্য; পুথিসাহিত্য।

## Supplementary Readings

অসিতকুমার বন্দ্যোপাধ্যায়: বাংলা সাহিত্যের ইতিবৃত্ত (১ম-৫ম খণ্ড)

আনিসুজ্জামান (সম্পাদক): বাংলা সাহিত্যের ইতিহাস (১ম ও ২য় খণ্ড)

আবদুল করিম: বাংলা সাহিত্যের কালক্রম: মধ্যযুগ

আহমদ শরীফ: বাঙালী ও বাঙলা সাহিত্য (১ম ও ২য় খণ্ড)

ওয়াকিল আহমদ: বাংলা সাহিত্যের পুরাবৃত্ত

গোপাল হালদার: বাংলা সাহিত্যের রূপরেখা (১ম খণ্ড)

দীনেশচন্দ্র সেন: বঙ্গভাষা ও সাহিত্য

ভূদেব চৌধুরী: বাংলা সাহিত্যের ইতিকথা

মুহম্মদ এনামুল হক: মুসলিম বাঙ্গলা সাহিত্য

মুহম্মদ শহীদুল্লাহ্: বাংলা সাহিত্যের কথা (১ম ও ২য় খণ্ড)

শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়: বাংলা সাহিত্যের বিকাশের ধারা (১ম খণ্ড)

সুকুমার সেন: বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (১ম ও ২য় খণ্ড)

সুখময় মুখোপাধ্যায়: পুরাতন বাংলা সাহিত্যের তথ্য ও কালক্রম

হুমায়ুন কবির: বাঙলার কাব্য

Dusan Zbavitel: Bengali Literature

Sudipta Kaviraj: 'The Two Histories of Literary Culture in Bengal', in *Literary Cultures in History: Reconstructions from South Asia*, Edited by Sheldon Pollock

**Course Code :** BANG-106

**Course title: বাংলা উপন্যাস–১** [Bangla Novel-1]

**Course Type :** Core Course

**Credit Value :** 4 Credits

## Rational of the Course

আধুনিক বাংলা সাহিত্যের একটি প্রধান ধারা উপন্যাস। গত দেড়শ বছরে বাংলা উপন্যাসের বিকাশ ঘটেছে উল্লেখযোগ্যভাবে। বর্তমান কোর্সে বাংলা উপন্যাসের সূচনালগ্নের মহত্তম শিল্পী বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, বাংলা উপন্যাসে নতুন মাত্রা সংযোজনকারী রবীন্দ্রনাথ ঠাকুর, সামাজিক ধারার ঔপন্যাসিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায় এবং রবীন্দ্র-উত্তর কালের ঔপন্যাসিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের একটি করে উপন্যাস পাঠ্য।

এসব উপন্যাস পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা উপন্যাসের উদ্ভব, বিকাশ ও বৈশিষ্ট্য সম্পর্কে প্রত্যক্ষ ধারণা অর্জন করতে পারবে। উপন্যাসে অভিব্যক্ত হয় যে জীবনের সর্বতোমুখী স্পন্দন সে-সম্পর্কেও তারা বিশ্লেষণী দৃষ্টি অর্জনে সক্ষম হবে। পাশাপাশি উপন্যাসের বিশ্লেষণ-কৌশলও আয়ত্ত করবে।

## Course Objectives

আধুনিক জীবনরূপক হিসেবে উপন্যাসের উদ্ভব ও বিকাশের ইতিহাস সম্পর্কে ধারণার পাশাপাশি বাংলা উপন্যাসের সঙ্গে পাশ্চাত্য উপন্যাসের রূপরেখা সম্পর্কেও জানবে।

উনিশ শতক ও বিশ শতকে বাংলাদেশের সমাজভাবনা ও জীবনরীতির পরিচয় পাবে এবং বাঙালি সমাজে পাশ্চাত্য সংস্কৃতির প্রভাব সম্পর্কে জানবে।

উনিশ শতকে উদ্ভূত উপনিবেশিত জীবনের সংকট সম্পর্কে জানবে এবং উপন্যাসে সমাজচিন্তার রূপরেখা নির্মাণের কৌশল সম্পর্কে অবহিত হবে। এছাড়া উপন্যাসের শৈলী ও লেখকের জীবনদর্শন সম্পর্কে জ্ঞান অর্জন করবে।

## Course Learning Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes (PLOs)

১. উপন্যাস পাঠ ও বিশ্লেষণ করতে পারবে। (১, ৩)

২. উপন্যাস পাঠের মাধ্যমে দেশকাল সম্পর্কে সচেতনতা তৈরি হবে এবং জীবনের জটিল গতিপ্রকৃতি, মানসপ্রকৃতির দ্বান্দ্বিক গঠনের বৈচিত্র্য এবং চিন্তাভাবনার সীমাবদ্ধতা উপলব্ধির মাধ্যমে সমাজ ও রাষ্ট্রের ইতিবাচক পরিবর্তনে প্রয়াসী হবে। (৩, ৪, ৫)

৩. স্বকীয় জীবনচেতনায় উদ্বুদ্ধ হয়ে মানবীয় মূল্যবোধকে গুরুত্ব দিতে শিখবে।

৪. নিজস্ব সংস্কৃতির উপর ভিন্ন সংস্কৃতির আগ্রাসন বোঝাপড়া করতে পারবে। (৫, ৬)

৫. বাংলা ভাষার গদ্যবৈশিষ্ট্যের সঙ্গে পরিচয়ের মধ্য দিয়ে ভাষার বিবর্তন এবং চলমানতা উপলব্ধি করবে,

পাশাপাশি জীবনের সামগ্রিক রূপ প্রকাশের আধার হিসেবে নতুন ভাষাসংরূপ তৈরিতে প্রয়াসী হবে। (১, ২)

৬. অন্য ভাষায় রচিত সাহিত্যের ভাবসম্পদ স্বীকরণে উদ্যোগী হবে। (২, ৬)

## Recommended Readings

[ক] বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়: *কপালকুণ্ডলা*

[খ] রবীন্দ্রনাথ ঠাকুর: *চোখের বালি*

[গ] শরৎচন্দ্র চট্টোপাধ্যায়: *পল্লীসমাজ*

[ঘ] বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়: *পথের পাঁচালী*

## Supplementary Readings

অচ্যুত গোস্বামী: বাংলা উপন্যাসের ধারা

অর্চনা মজুমদার: রবীন্দ্র-উপন্যাস পরিক্রমা

অরবিন্দ পোদ্দার: বঙ্কিম-মানস

অরুণ সেন (সম্পাদক): বিভূতিভূষণ ॥ আধুনিক জিজ্ঞাসা

অরুণকুমার মুখোপাধ্যায়: শরৎচন্দ্র: পুনর্বিচার

অলোক রায়: বাংলা উপন্যাস: প্রত্যাশা ও প্রাপ্তি

অশ্রুকুমার সিকদার: আধুনিকতা ও বাংলা উপন্যাস

কমল মুখোপাধ্যায় (সম্পাদক): বিভূতিভূষণ: শতবর্ষের সমীক্ষা

ক্ষেত্র গুপ্ত: বঙ্কিমচন্দ্রের উপন্যাস: শিল্পরীতি

গিয়াস শামীম: উপন্যাসের শিল্পস্বর

গোপিকানাথ রায়চৌধুরী: রবীন্দ্র উপন্যাসের নির্মাণশিল্প; বিভূতিভূষণ: মন ও শিল্প

চিত্তরঞ্জন ঘোষ: বিভূতিভূষণ

জীবেন্দ্র সিংহরায়: শরৎ-সন্দর্শন

দেবেশ রায়: উপন্যাসের নতুন ধরণের খোঁজে

পার্থপ্রতিম বন্দ্যোপাধ্যায়: বিভূতিভূষণ: উপন্যাস রাজনৈতিক

ভীষ্মদেব চৌধুরী: জনান্তিকের মুক্তিযুদ্ধ ও অন্যান্য; কথাশিল্পের কথামালা: শরৎচন্দ্র ও তারাশঙ্কর

রবীন্দ্র গুপ্ত: উপন্যাসে বাস্তবতা: রবীন্দ্রনাথ

রুশতী সেন: বিভূতিভূষণ: দ্বন্দ্বের বিন্যাস; বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়: বঙ্গ-সাহিত্যে উপন্যাসের ধারা

সত্যব্রত দে: রবীন্দ্র-উপন্যাস সমীক্ষা

সত্যেন্দ্রনাথ রায়: বাংলা উপন্যাস ও আধুনিকতা

সরোজ বন্দ্যোপাধ্যায়: বাংলা উপন্যাসের কালান্তর

সুতপা ভট্টাচার্য: কথাসাহিত্যের একলা পথিক বিভূতিভূষণ

সুবোধচন্দ্র সেনগুপ্ত: বঙ্কিমচন্দ্র; শরৎচন্দ্র

সৈয়দ আকরম হোসেন: রবীন্দ্রনাথের উপন্যাস: চেতনালোক ও শিল্পরূপ; প্রসঙ্গ বাংলা কথাসাহিত্য

সৌমিত্র শেখর (সম্পাদক): বিভূতিভূষণ: জীবন ও সাহিত্য

সৌরেন বিশ্বাস: বিভূতিভূষণের উপন্যাসে শতবর্ষের বাংলাদেশ

হুমায়ুন কবির: শরৎ-সাহিত্যের মূলতত্ত্ব

Sudipta Kaviraj: The Unhappy Consciousness: Bankimchandra Chattopadhyay and the Formation of Nationalist Discourse in India

**Course Code:** BANG-107

**Course title: ধ্বনিবিজ্ঞান ও বাংলা ব্যাকরণ**
[Phonetics and Bangla Grammar]

**Course Type:** Core Course

**Credit Value:** 4 Credits

## Rationale of the Course

বাংলা বিভাগের শিক্ষার্থীদের জন্য ভাষার বিশ্লেষণী জ্ঞান অপরিহার্য। ভাষাবোধ অর্জন ও ভাষার বিচিত্র ব্যবহারে সমর্থ হয়ে ওঠার জন্য ভাষাবিজ্ঞান পাঠ জরুরি। অন্যদিকে পেশাগত জীবনে বাংলা বিভাগের শিক্ষার্থীদের একটি বড় অংশ কাজ করে মূলত ভাষা ও সাহিত্যের শিক্ষক হিসেবে। এ কাজ সাফল্যের সাথে করার জন্য ভাষাবিজ্ঞানের কলাকৌশল আয়ত্ত করা দরকার।

বর্তমান কোর্সের দুটি অংশ। একাংশে আছে ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব। ধ্বনিবিশ্লেষণের প্রণালি ও পদ্ধতি সম্পর্কে জ্ঞানলাভ করে বাংলা ধ্বনির বিচার-বিশ্লেষণে পারদর্শী হয়ে ওঠা এ অংশের লক্ষ্য। অন্য অংশে আছে বাংলা ব্যাকরণ, যা 'প্রথাগত ব্যাকরণ' নামে পরিচিত। এ অংশের লক্ষ্য ইতোপূর্বে পঠিত ব্যাকরণিক প্রক্রিয়াগুলোর সাথে গভীরভাবে পরিচিত হওয়া। ভাষার প্রায়োগিক দিকগুলোতে দক্ষতা অর্জনও এর অন্যতম প্রধান উদ্দেশ্য।

## Course objectives

১. এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা বিশেষভাবে ধ্বনির সাথে পরিচিত হবে।

২. বিভিন্ন রকম ধ্বনি এবং ধ্বনি সৃষ্টিতে বাক্- প্রত্যঙ্গের ভূমিকা সম্পর্কে জানতে পারবে।

৩. কোর্সটির দ্বিতীয় অংশটি বাংলা ব্যাকরণ। এই অংশে বাংলা ভাষা শিক্ষণে ব্যবহৃত ব্যাকরণিক- ভাষাতাত্ত্বিক উপাদান সম্পর্কে জ্ঞানলাভ করবে।

৪. ভাষা, শব্দ, বাক্য সম্পর্কে স্পষ্ট ধারণা লাভ করবে।

৫. শব্দের বানান, লিখন রীতি সম্পর্কে স্পষ্ট ধারণা লাভ করবে।

৬. বাংলা ভাষা শ্রবণ ও কথন দক্ষতা অর্জন করবে।

## Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১. শিক্ষার্থীরা ভাষার রূপ ও ব্যবহার সম্পর্কে কুশলতা অর্জন করবে। মানসম্মত গদ্য লিখতে ও সম্পাদনা করতে পারবে। (পিএলও ১, ২)

২. ভাষার প্রয়োগিক বিশ্লেষণে সমর্থ হবে। (পিএলও ১, ২)

৩. বাংলা লিখন দক্ষতা অর্জনের জন্য যুক্তব্যঞ্জন, শব্দের বানান, বাংলা লিখনরীতি, বাংলা পরিভাষা সম্পর্কে স্পষ্ট ধারণা অর্জন করবে। (পিএলও ১, ২)

৪. রাষ্ট্রভাষা হিসেবে বাংলার সর্বত্রগামী হওয়ার জন্য বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় ভাষাগত দক্ষতার প্রয়োগ ঘটাতে পারবে। (পিএলও ৪, ৫, ৬)

৫. সরকারি ও বেসরকারি অফিস এবং পত্রপত্রিকাসহ ভাষার ব্যবহার হয় এমন মাধ্যমগুলোতে দায়িত্ব পালনের উপযোগী করে প্রশিক্ষিত হতে সহায়তা করবে। (পিএলও ৪, ৫, ৬)

## Recommended Readings

### [ক] ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব

বাক-প্রত্যঙ্গ, স্বরধ্বনি, অর্ধ-স্বরধ্বনি, দ্বিস্বরধ্বনি, ব্যঞ্জনধ্বনি, সংযুক্ত ব্যঞ্জনধ্বনি, যুগ্মীভবন, আন্তর্জাতিক ধ্বনিতাত্ত্বিক বর্ণমালা, শ্বাসাঘাত, স্বরতরঙ্গ, মীড়, স্বর, মূলধ্বনি।

### [খ] বাংলা ব্যাকরণ

**১. বাংলা ভাষা-শিক্ষণে ব্যবহৃত ব্যাকরণিক-ভাষাতাত্ত্বিক উপাদান**

**ভাষাঃ** বাংলা ভাষা, বাংলা ব্যাকরণ; প্রথাগত ব্যাকরণের ধারণা, ধ্বনি, বর্ণ, অক্ষর, ধ্বনি-পরিবর্তন।

**শব্দঃ** শব্দ ও পদ, শব্দগঠন-প্রক্রিয়া (বিভক্তি ও বচন, সন্ধি ও সমাস, উপসর্গ ও প্রত্যয়); শব্দের উৎস-পরিচয়, সমার্থ শব্দ।

**বাক্যঃ** বাক্য-পরিচয়, বাক্যের প্রকারভেদ, বাক্যে পদগত বিন্যাস।

**২. বাংলা লিখন-দক্ষতা**

যুক্তব্যঞ্জন, শব্দের বানান, বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের নিয়ম।

তৎসম বা সংস্কৃত শব্দের বানানের নিয়ম [ণত্ব ও ষত্ব-বিধান, নাসিক্য ব্যঞ্জন, বিসর্গ-গত, সন্ধিগত (স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধি)]।

**শব্দের বানানঃ** সন্ধিগত (স্বর ও ব্যঞ্জন), নারীবাচক শব্দগঠন, বহুবচনজ্ঞাপক

শব্দগঠন, বিশেষ্য-বিশেষণ পদগঠন। বিদেশি শব্দের বাংলা প্রতিবর্ণীকরণ।

শব্দের অপপ্রয়োগ, অপপ্রয়োগের কারণ, শব্দের বানানগত অশুদ্ধি, গঠনগত অশুদ্ধি, বাক্যের অশুদ্ধি।

**লিখনরীতি:** সাধু ও চলিত; প্রচারমাধ্যমে ভাষার অপপ্রয়োগ, বিষয়ানুযায়ী ভাষারীতি (সাহিত্যের ভাষা; গণমাধ্যমের ভাষা; বিজ্ঞানের ভাষা; প্রবন্ধের ভাষা); বাংলা পরিভাষা: সংজ্ঞার্থ, নির্মাণ ও নীতি-রীতি; বিরামচিহ্ন।

### ৩. বাংলা শ্রবণ ও কথন দক্ষতা

বাংলা উচ্চারণসূত্র ও তার প্রয়োগ
স্বরধ্বনির উচ্চারণ; ব্যঞ্জনধ্বনির উচ্চারণ।

## Supplementary Readings

আবুল কালাম মনজুর মোরশেদ: আধুনিক ভাষাতত্ত্ব

জীনাত ইমতিয়াজ আলী: ধ্বনিবিজ্ঞানের ভূমিকা

জ্যোতিভূষণ চাকী: বাংলা ভাষার ব্যাকরণ

নরেন বিশ্বাস: বাংলা উচ্চারণ অভিধান

নেপাল মজুমদার (সম্পাদক): বানান বিতর্ক

মনসুর মুসা: বাংলা পরিভাষা: ইতিহাস ও সমস্যা

মহাম্মদ দানীউল হক: ভাষাবিজ্ঞানের কথা

মাহবুবুল হক: বাংলা বানানের নিয়ম

মুহম্মদ আবদুল হাই: ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব

মুহম্মদ এনামুল হক: ব্যাকরণ-মঞ্জরী

মুহম্মদ শহীদুল্লাহ্: বাংলা ভাষার ইতিবৃত্ত; বাঙ্গালা ব্যাকরণ

যতীন সরকার: ব্যাকরণের ভয় অকারণ

রফিকুল ইসলাম: ভাষাতত্ত্ব

রফিকুল ইসলাম ও অন্যান্য (সম্পাদক): বাংলা একাডেমি প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ (১-২ খণ্ড)

রবীন্দ্রনাথ ঠাকুর: বাংলা শব্দতত্ত্ব; বাংলা-ভাষা পরিচয়

শিবপ্রসন্ন লাহিড়ী ও অন্যান্য (সম্পাদক): বাংলা ভাষার প্রয়োগ ও অপপ্রয়োগ

সুকুমার সেন: ভাষার ইতিবৃত্ত

সুনীতিকুমার চট্টোপাধ্যায়: ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ

হুমায়ুন আজাদ: বাঙলা ভাষা [দুই খণ্ড]

Charles F. Hockett: A Course In Modern Linguistics

Edward Sapir: Language: An Introduction to the study of speech

Leonard Bloomfield: Language

Suniti Kumar Chatterji: The Origin and Development of the Bengali Language

**Course Code :** BANG-108

**Course title :** ইংরেজি ভাষা-১ [English Language-1]

**Course Type :** GED Course

**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

বাংলা বিভাগের শিক্ষার্থীদের ইংরেজি ভাষাচর্চার বহুবিধ গুরুত্ব আছে। প্রথমত, স্নাতক পর্যায়ে একাধিক ভাষাশিক্ষার বন্দোবস্ত উচ্চশিক্ষার এক সাধারণ সংস্কৃতি। এদিক থেকে দ্বিতীয় ভাষা হিসেবে বাংলাদেশে ইংরেজির অধিষ্ঠান প্রায় বিকল্পহীন। পেশাগত জীবনে এ ভাষার প্রয়োজন হয়। আন্তর্জাতিক যোগাযোগের ভাষাও ইংরেজি। বাংলা বিভাগের শিক্ষার্থীদের জন্য ইংরেজি ভাষাচর্চার আরেক গুরুত্ব এই যে, দ্বিতীয় একটি ভাষার কলাকৌশল চর্চার মধ্য দিয়ে তারা নিজেদের চর্চিত প্রধান ভাষাটি সম্পর্কে তুলনামূলক বিবেচনার মাধ্যমে অধিকতর সচেতন হতে পারবে।

বর্তমান কোর্সটি পরিকল্পিত হয়েছে প্রধানত পড়া ও লেখার কুশলতা বাড়ানোর জন্য। ব্যাকরণিক শুদ্ধতা, শব্দভান্ডার ও এর ব্যবহার বৃদ্ধি, অনুচ্ছেদ লেখার দক্ষতা-বৃদ্ধি ইত্যাদি লক্ষ্য সামনে রেখে বিষয়গুলো নির্বাচন করা হয়েছে। সামগ্রিকভাবে এ কোর্স অধ্যয়ন করলে শিক্ষার্থীদের ইংরেজি ভাষাজ্ঞান ও ব্যবহার-কৌশল বৃদ্ধি পাবে।

## Course objectives

এ কোর্স শিক্ষার্থীদের ইংরেজি ব্যাকরণের প্রয়োজনীয় কিছু দিক সম্পর্কে সচেতন করার মধ্য দিয়ে ইংরেজি ভাষার ব্যবহারিক শুদ্ধতা সম্পর্কে ধারণা দেবে। প্রধানত পড়া ও লেখা এবং গৌণত শোনা ও বলার দক্ষতা বাড়াবে। এভাবে ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের মধ্য দিয়ে একদিকে তুলনামূলক বিশ্লেষণের মধ্য দিয়ে বাংলা ভাষা সম্পর্কিত ধারণা গভীরতা পাবে, অন্যদিকে ইংরেজি ভাষায় রচিত সাহিত্য ও অন্য রচনার বিশাল ভান্ডারের সাথে নিজেকে যুক্ত করতে পারবে। এর ফলে শিক্ষার্থীর সামগ্রিক সক্ষমতা বৃদ্ধি পাবে।

একটি উপন্যাস সংযুক্ত হয়েছে এ কোর্সে। এর লক্ষ্য সাহিত্যিক ভাষার সাথে সম্পর্কিত করে ভাষার ব্যাকরণিক ও অন্যান্য গুণ সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করা। এ টেক্সটটি কোর্সের অন্য ব্যাকরণিক ও শব্দভান্ডারগত চর্চার ক্ষেত্রেও ব্যবহৃত হতে পারে।

**Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)**

১। ইংরেজি ভাষার ব্যাকরণ ও সামগ্রিক স্বভাব সম্পর্কে ধারণা অর্জন। (পিএলও ২, ৬)

২। ইংরেজি ভাষা পড়তে ও লিখতে শিখবে। (পিএলও ২, ৬)

৩। ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের মধ্য দিয়ে তুলনামূলক বিশ্লেষণের মধ্য দিয়ে বাংলা ভাষা সম্পর্কে অধিকতর সচেতন হবে। (পিএলও ১, ২)

৪। ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের মধ্য দিয়ে ইংরেজিতে রচিত সাহিত্য ও অপরাপর রচনার বিশাল ভান্ডারের সাথে সম্পর্কিত হতে পারবে। (পিএলও ২, ৩, ৪, ৫, ৬)

**Recommended Readings**

a) Grammar

Vowels and Consonants; Syllable, spelling and Pronunciation; Parts of speech; Preposition; Words and their derivatives; Tense; Verb and its different forms; The infinitive; The gerund; Participles; Syntax; Sentence-structures and transformation; Clauses; The passive; Reported speech.

b) Reading

Skimming; Scanning
Paraphrasing
Summarizing
Comprehension

c) Writing

Writing Paragraphs

d) Base Text

Syed Waliullah: Tree Without Roots

**Supplementary Readings**

Alam, F. et al.: Endeavour: An Introductory Language Coursebook

Eastwood, John: Oxford Guide to English Grammar

Imhoof, M. and Hudson, H.: From Paragraph to Essay: Developing Composition Writing

Khan, R., Ahmed, T. and Farida, N.: Writing Essays With Ease

Langan, John: College Writing Skills with Readings

Wren, P. C. & Martin, H.: High School English Grammar and Composition

Williams, A. M.: English Grammar and Composition

# দ্বিতীয় বর্ষ

## দ্বিতীয় বর্ষ: তৃতীয় সেমিস্টার

**Course Code:** BANG-201
**Course title:** বাংলা সাহিত্যের ইতিহাস: আধুনিক যুগ (১৮০১-১৯৪৭)
[History of Bangla Literature: Modern period (1801-1947)]
**Course Type:** Core Course
**Credit Value:** 4 Credits

### Rationale of the Course

সাহিত্যের সামগ্রিক অনুধাবনের জন্য এর ধারাবাহিক বিকাশের ইতিবৃত্ত জানা অপরিহার্য। সাহিত্যের উপকরণের বিশ্লেষণ এবং এ-যুগের লেখকদের মূল্যায়নেও ইতিহাসের প্রেক্ষাপট অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলা সাহিত্যের বিকাশের সবথেকে গুরুত্বপূর্ণ পর্যায় এই কোর্সের অন্তর্ভুক্ত হয়েছে। ফলত সাহিত্যের শিক্ষার্থীদের জন্য এই কোর্সের আলোচ্য বিষয়সমূহ সম্পর্কে সুস্পষ্ট ধারণা রাখা অত্যন্ত জরুরি।

### Course objectives

এই কোর্স অধ্যয়নের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা সাহিত্যের আধুনিক যুগের (১৮০১-১৯৪৭) ইতিহাস এবং এর বৈশিষ্ট্য, প্রকরণ ও বৈচিত্র্য সম্পর্কে পরিপূর্ণ ধারণা অর্জন করতে পারবে। সাহিত্যের ইতিহাস পাঠ ও বিশ্লেষণের মাধ্যমে বাংলা সাহিত্যের প্রধান সাহিত্যিকদের সাহিত্যকৃতি সম্পর্কে জানতে পারবে।

### Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১. শিক্ষার্থীরা বাংলা সাহিত্য ও তার ইতিহাস সম্পর্কে শিখবে। (পিএলও ১, ৩, ৫)

২. উনিশ ও বিশ শতকের সাহিত্যের গতিপ্রকৃতি সম্পর্কে জ্ঞানলাভ করতে পারবে। (পিএলও ১, ৪, ৫, ৬)

৩. সাহিত্য সমালোচনা পদ্ধতি ব্যবহার করে কীভাবে সাহিত্যের ইতিহাস পাঠ করতে হয় সে সম্পর্কিত জ্ঞান লাভ করবে। (পিএলও ৩, ৪, ৬)

৪. সাহিত্যের ইতিহাস পাঠ, বিশ্লেষণ ও সমালোচনা করার অভিজ্ঞতা অর্জন করবে। (পিএলও ২, ৩, ৫, ৬)

## Recommended Readings

আধুনিক যুগের সূচনা: ঔপনিবেশিক শাসন, উনিশ শতক ও বাংলা সাহিত্যের আধুনিকতা।

বাংলা গদ্য: ফোর্ট উইলিয়াম পর্ব; সমাজ-সংস্কার ও ধর্ম-সংস্কার আন্দোলন, রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

বাংলা উপন্যাস ও ছোটগল্প: উদ্ভব ও প্রাথমিক চর্চা; বঙ্কিমচন্দ্র এবং সমকালীন ঐতিহাসিক উপন্যাসের ধারা; রবীন্দ্রনাথ ঠাকুর এবং তাঁর যুগ; শরৎচন্দ্র চট্টোপাধ্যায়; কল্লোলযুগ; তিরিশোত্তর কথাসাহিত্য; পূর্ব বাংলার সাহিত্যিকদের কথাসাহিত্যচর্চা।

কবিতা: ঈশ্বরগুপ্ত এবং সন্ধিযুগের চর্চা; মাইকেল মধুসূদন দত্ত এবং মহাকাব্যের ধারা; বিহারীলাল এবং গীতিকবিতার উদ্ভব, বিকাশ ও প্রতিষ্ঠা; রবীন্দ্রকাব্য ও পরবর্তী কাব্যধারা: কাজী নজরুল ইসলাম, জসীমউদ্‌দীন; কল্লোলযুগের কাব্যপ্রবণতা; তিরিশোত্তর কবিতার ধারা।

নাটক: বাংলা রঙ্গমঞ্চের সূচনা; মাইকেল মধুসূদন দত্ত, দীনবন্ধু মিত্র ও উনিশ শতকের সামাজিক ও মিথ আশ্রয়ী নাটকের ধারা; রবীন্দ্রনাথ ঠাকুর; বিশ শতকের নব নাট্যধারা—বিজন ভট্টাচার্য, উৎপল দত্ত প্রমুখ।

প্রবন্ধ: বাংলা প্রবন্ধের সূচনা ও বিকাশ; বিশ শতকের প্রথমার্ধের প্রবন্ধসাহিত্য।

## Supplementary Readings

অজিতকুমার ঘোষ: বাংলা নাটকের ইতিহাস

অসিতকুমার বন্দ্যোপাধ্যায়: বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত

আনিসুজ্জামান: মুসলিম-মানস ও বাংলা সাহিত্য

আশুতোষ ভট্টাচার্য: বাংলা নাট্যসাহিত্যের ইতিহাস

কাজী আবদুল ওদুদ: বাংলার জাগরণ

কাজী আবদুল মান্নান: আধুনিক বাংলা সাহিত্যে মুসলিম-সাধনা

ক্ষেত্রগুপ্ত: বাংলা সাহিত্যের সমগ্র ইতিহাস

গোপাল হালদার: বাঙলা সাহিত্যের রূপরেখা (দ্বিতীয় খণ্ড)

ফাতেমা কাওসার: কায়কোবাদ: কবি ও কবিতা

ভূদেব চৌধুরী: বাংলা সাহিত্যের ইতিকথা; বাংলা সাহিত্যের সংক্ষিপ্ত ইতিহাস

মনোমোহন ঘোষ: বাংলা গদ্যের চারযুগ

মুহম্মদ আবদুল হাই ও সৈয়দ আলী আহসান: বাংলা সাহিত্যের ইতিবৃত্ত (আধুনিক যুগ)
মোহাম্মদ আজম: বাংলা ভাষার উপনিবেশায়ন ও রবীন্দ্রনাথ
শশিভূষণ দাশগুপ্ত: বাংলা সাহিত্যের নবযুগ
শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়: বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা; বাংলা সাহিত্যের বিকাশের ধারা (২য় খণ্ড)
সজনীকান্ত দাস: বাংলা গদ্যসাহিত্যের ইতিহাস
সরোজ বন্দ্যোপাধ্যায়: বাংলা উপন্যাসের কালান্তর
সিরাজুল ইসলাম চৌধুরী: উনিশ শতকের বাংলা গদ্যের সামাজিক ব্যাকরণ
সুকুমার সেন: বাঙ্গালা সাহিত্যের ইতিহাস; বাঙ্গালা সাহিত্যে গদ্য
হুমায়ুন কবির: বাঙলার কাব্য
S K Das: Early Bengali Prose
S K De: History of Bengali Literature in the Nineteenth Century

**Course Code :** BANG-202
**Course title :** বাংলা কবিতা-২ [Bangla Poetry-2]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rational Of the Course

সাহিত্যের শিক্ষার্থী হিসেবে মধ্যযুগের বাংলা সাহিত্যের সঙ্গে পরিচয় আবশ্যক। এ-কোর্সটির সাথে পরিচয় ঘটলে মধ্যযুগের বাংলা কাব্যের অন্যতম প্রধান দুটি ধারা মঙ্গলকাব্য ও রোমান্সমূলক প্রণয়োপাখ্যান সম্পর্কে জানবে। মধ্যযুগের মঙ্গলকাব্য ও রোমান্সমূলক প্রণয়োপাখ্যান আমাদের জাতীয় জীবনের অংশ, আমাদের ঐতিহ্য। এটি অধ্যয়নের মধ্য দিয়ে নিজস্ব সাহিত্য-ঐতিহ্যের সাথে পরিচিত হবে। তাছাড়া সাহিত্য পাঠের বিশিষ্ট ধরন ও বৈশিষ্ট্য আছে। শিক্ষার্থীদের সে-বিশিষ্টতার সাথে পরিচিত হওয়া জরুরি।

## Course Objectives

মধ্যযুগের বাংলা কাব্যের মধ্যে মঙ্গলকাব্য ও রোমান্সমূলক প্রণয়োপাখ্যান দুটি প্রধান ধারা। মঙ্গলকাব্যের ধারা সমগ্র মধ্যযুগ জুড়ে এবং প্রণয়োপাখ্যানের ধারা পঞ্চদশ-

সপ্তদশ শতাব্দে বাংলা সাহিত্যের প্রধান ধারা ছিল। বর্তমান কোর্সে মঙ্গলকাব্যের প্রধান চারটি ধারার মধ্যে দুটি ধারার দুটি গ্রন্থপাঠে (মনসামঙ্গল ও চণ্ডীমঙ্গল) শিক্ষার্থীরা মঙ্গলকাব্যের রচয়িতা, বিষয়বস্তু, ভাষা ও অন্যান্য বৈশিষ্ট্য সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারবে।

কোর্সটির অন্য অংশে রোমান্সমূলক প্রণয়োপাখ্যানের দুটি প্রধান গ্রন্থ অধ্যয়নের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা সাহিত্যে হিন্দু কবিদের পাশাপাশি মুসলিম কবিদের অবদান সম্পর্কে সম্যক ধারণা লাভ। বাংলা সাহিত্যে পারস্য ও উত্তর ভারতীয় প্রভাবের ফল, এর ভাষাগত ও বিষয়বস্তুর মানবিক বৈশিষ্ট্য প্রভৃতি সম্পর্কে জ্ঞানলাভ করবে। পাশাপাশি তৎকালীন পৃষ্ঠপোষকের রুচি এবং সামাজিক-অর্থনৈতিক সাংস্কৃতিক অবস্থাও অনুধাবন করতে পারবে।

## Course Learning Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes (PLOs)

১. কাব্য পাঠের মধ্য দিয়ে টেক্সট বিশ্লেষণ ও সাহিত্য কীভাবে সমালোচনায় প্রযুক্ত হয় সে জ্ঞান লাভ করবে। (পিএলও ২, ৩, ৫, ৬)

২. মধ্যযুগের সমাজ-দর্শন-রাজনীতি-মনস্তত্ত্ব ইত্যাদি সম্পর্কে জানবে। (পিএলও ৪, ৬)

৩. মধ্যযুগের বাংলা ভাষাবৈশিষ্ট্য সম্পর্কে জানার পর ভাষার বিবর্তন এবং চলমানতা সম্পর্কে জানবে। (পিএলও ১,২)

৪. অন্যভাষার সাহিত্যকে অনুবাদের মাধ্যমে দেশজ পরিমণ্ডলে স্থাপন করতে শিখবে। (পিএলও ৩, ৬)

৫. মধ্যযুগের সাহিত্য ও পাণ্ডুলিপি পাঠ এবং পাঠ সম্পাদনা বিষয়ে আগ্রহ তৈরি হবে। (পিএলও ৩, ৬)

## Recommended Readings

রোমান্সকাব্য

[ক] শাহ মুহম্মদ সগীর: *ইউসুফ জোলেখা* [মুহম্মদ এনামুল হক সম্পাদিত]
[খ] আলাওল: *পদ্মাবতী* [সৈয়দ আলী আহসান সম্পাদিত]

মঙ্গলকাব্য

[গ] বিজয় গুপ্ত: *পদ্মাপুরাণ* [শ্রীজয়ন্তকুমার দাসগুপ্ত সম্পাদিত]
[ঘ] মুকুন্দরাম চক্রবর্তী: *চণ্ডীমঙ্গল* [নির্বাচিত পাঠ: মুহম্মদ আবদুল হাই ও আনোয়ার পাশা সম্পাদিত *কালকেতু উপাখ্যান*]

## Supplementary Readings

অরবিন্দ পোদ্দার: মানবধর্ম ও বাংলা কাব্যে মধ্যযুগ

আবদুল করিম সাহিত্যবিশারদ ও মুহম্মদ এনামুল হক: আরকান রাজসভায় বাঙ্গালা সাহিত্য

আবদুল হাফিজ: বাংলা রোমান্স-কাব্য পরিচয়

আশুতোষ ভট্টাচার্য: বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস

আহমদ শরীফ: বাঙালী ও বাঙলা সাহিত্য (১ম ও ২য় খণ্ড)

ওয়াকিল আহমদ: বাংলা রোম্যান্টিক প্রণয়োপাখ্যান

ক্ষুদিরাম দাস: কবিকঙ্কণ-চণ্ডী (১ম খণ্ড)

ক্ষেত্রগুপ্ত: প্রাচীন কাব্য: সৌন্দর্যজিজ্ঞাসা ও নবমূল্যায়ন; কবি মুকুন্দরাম

চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় (সম্পাদক): কবি-কঙ্কণ চণ্ডী; চণ্ডীমঙ্গল-বোধিনী

বেগম আকতার কামাল: কবিতার নান্দনিকতা: প্রাচীন ও মধ্যযুগ

মমতাজুর রহমান তরফদার: বাংলা রোমান্টিক কাব্যের আওয়াধী-হিন্দী পটভূমি

মুহম্মদ এনামুল হক: মুসলিম বাংলা সাহিত্য; বঙ্গে স্বূফী প্রভাব

মুহম্মদ শহীদুল্লাহ্ (সম্পাদক): পদ্মাবতী

মুহম্মদ শাহজাহান মিয়া: শ্রীরায় বিনোদ: কবি ও কাব্য

শিপ্রা সরকার: সাহিত্যের সমাজতত্ত্ব: প্রসঙ্গ মুকুন্দরামের চণ্ডীমঙ্গল কাব্য

শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় ও বিশ্বপতি চৌধুরী (সম্পাদক): কবিকঙ্কণ-চণ্ডী

Abu Musa Mohammad Arif Billah: Influence of Persian Literature on Shah Mohammad Sagir's Yusuf Zulaikha and Alaol's Padmavati

**Course Code :** BANG-203
**Course title :** দর্শন [Philosophy]
**Course Type :** GED Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

দর্শনের সাথে ভাষা ও সাহিত্যের সম্পর্ক অতি গভীর। সাহিত্যে প্রায়শই জীবন ও জগৎ সম্পর্কে গুরুত্বপূর্ণ ধ্যান-ধারণা প্রকাশিত হয়। দর্শন এ ধরনের ধারণা নিয়েই কাজ

করে। তবে এ শাস্ত্রের কর্মপদ্ধতিতে নৈর্ব্যক্তিকতা থাকে – পদ্ধতিগত নির্দিষ্টতা, যুক্তির বাঁধন এবং প্রকাশের বিশিষ্টতা দর্শনের লক্ষণ। সাহিত্যের তুলনামূলক নিরাকার উপলব্ধির সাথে এসব উপাদানের যোগ সাধিত হলে তার সামগ্রিক বোধ ও তা প্রকাশের শক্তিকে প্রগাঢ় করবে।

বর্তমান কোর্সটি পরিকল্পিত হয়েছে দর্শনের প্রাথমিক ও মৌলিক ধারণাগুলোর সমন্বয়ে। দর্শনের বুনিয়াদি বর্গ, বিশ্লেষণ-পদ্ধতি এবং দৃষ্টিভঙ্গির সাথে শিক্ষার্থীদের পরিচয় ঘটানোই এর লক্ষ্য। এর সঙ্গে যুক্ত হয়েছে এমন কয়েকটি প্রসঙ্গ, যা সাহিত্যের শিক্ষার্থীদের বিশেষভাবে পড়তে হয়।

এ কোর্স অধ্যয়নের মধ্য দিয়ে শিক্ষার্থীরা দর্শনের ইতিহাস, প্রয়োজনীয় প্রাথমিক পরিভাষা, এবং প্রভাবশালী কিছু পদ্ধতির সাথে পরিচিত হবে। এর মধ্য দিয়ে একদিকে সাহিত্যে বিধৃত দার্শনিকতার প্রতি অধিকতর মনোযোগী হওয়া সম্ভব হবে, অন্যদিকে সাহিত্যের বিচার-বিশ্লেষণের ক্ষেত্রে দর্শনের অন্তর্দৃষ্টি এবং প্রণালি-পদ্ধতি বিশেষভাবে সহায়ক হয়ে উঠবে।

## Course objectives

এ কোর্স সমাপ্ত করলে শিক্ষার্থীরা দর্শনের প্রাথমিক ভাষা, পরিভাষা, দৃষ্টিভঙ্গি ও বিশ্লেষণ-পদ্ধতির সাথে পরিচিত হবে।

অর্জিত জ্ঞান সাহিত্যপাঠ ও বিশ্লেষণে ব্যবহার করতে শিখবে।

সাহিত্যে প্রতিফলিত চিন্তা, বোধ ও অনুভূতির সূক্ষ্ম অভিব্যক্তি ও প্রবণতা অধিকতর মনোযোগের সাথে লক্ষ করতে সক্ষম হবে।

দর্শনশাস্ত্রের প্রণালি-পদ্ধতি সাহিত্য-বিশ্লেষণে নতুন ধারণার জোগান দেবে।

## Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১। শিক্ষার্থীরা দর্শনের প্রাথমিক ভাষা, পরিভাষা, দৃষ্টিভঙ্গি ও বিশ্লেষণ-পদ্ধতির সাথে পরিচিত হবে। (পিএলও ৪, ৫, ৬)

২। দর্শন পাঠের মাধ্যমে অর্জিত জ্ঞান সাহিত্যপাঠ ও বিশ্লেষণে ব্যবহার করতে শিখবে। (পিএলও ৩, ৪, ৬)

৩। সাহিত্যে বিধৃত চিন্তা, দৃষ্টিভঙ্গি, অনুভূতি ও সৌন্দর্য অনুধাবন করে বৃহত্তর জনসমাজের সাথে সাহিত্যের সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে। (পিএলও ৪, ৫, ৬)

৪। দর্শনের জ্ঞানতত্ত্ব, যুক্তি ও নীতি সাহিত্যে প্রয়োগ করতে শিখবে। (পিএলও ৩, ৬)

## Recommended Readings

**দর্শনের স্বরূপ:** দর্শনের সংজ্ঞার্থ, আওতা ও পরিধি; দার্শনিক পদ্ধতি; দার্শনিক যুক্তি; বিজ্ঞান, কলা, ধর্ম ও শিক্ষার সঙ্গে দর্শনের সম্পর্ক

জ্ঞানতত্ত্ব ও জ্ঞানের প্রকৃতি; নন্দনতত্ত্ব ও সৌন্দর্যের ধারণা; নীতিবিদ্যা ও নৈতিকতার স্বরূপ; যুক্তিবিদ্যা ও যুক্তির প্রয়োগ; অধিবিদ্যা ও বাস্তবতার ধারণা

দর্শনের সংক্ষিপ্ত ইতিহাস; প্রধান ধারাগুলোর পরিচয়: প্রাকৃতবাদ, ভাববাদ, বস্তুবাদ, প্রয়োজনবাদ, দ্বান্দ্বিক মতবাদ, অস্তিত্ববাদ; সৃষ্টিতত্ত্ব ও বিবর্তনবাদ

**বিশেষ পাঠ:** প্লেটো; অ্যারিস্টটল; কান্ট ও হেগেলের নন্দনতত্ত্ব; উপযোগবাদ; সার্ত্রীয় অস্তিত্ববাদ।

## Supplementary Readings

আবদুল বারী: দর্শনের কথা

আমিনুল ইসলাম: সমকালীন পাশ্চাত্য দর্শন

উইল ডুরান্ট: দর্শনের ইতিকাহিনী (আবুল ফজল অনূদিত)

গোবিন্দচন্দ্র দেব: তত্ত্ববিদ্যাসার

নজরুল ইসলাম: সাধারণ দর্শন

রমাপ্রসাদ দাস ও শিবপদ চক্রবর্তী: পাশ্চাত্য দর্শনের রূপরেখা

Abdul Matin: An Outline of Philosophy

John Perry, Michael Bratman, and John Martin Fischer. Introduction to Philosophy: Classical and Contemporary Readings

T Z Lavine: From Socrates to Sartre

**Course Code :** BANG-204
**Course title:** ICT Fundamentals and Advanced MS Office Skills
**Course Type :** GED Course
**Credit Value :** 4 Credits

**Rationale of the Course**

This course provides students with foundational knowledge of computer hardware, software, networks, and the Internet, along with a comprehensive understanding of essential office applications, such as Microsoft Word, Excel, PowerPoint, and web browsing/searching. Through a blend of theoretical knowledge and practical exercises, students will develop proficiency in computer operation, document creation and formatting, spreadsheet management, presentation design, and effective online navigation. The course aims to equip students with practical computer skills required for both their academic pursuits and personal lives.

| | | |
|---|---|---|
| **Lecturing (Theory)** | **2 credit** | **80 Notional hours** |
| **Lab-work (Practical)** | **2 credits** | **120 Notional hours** |

**Course Content**

| **Topic** | **Required session(s)** | **CLOs** |
|---|---|---|
| **1.** Computer Fundamentals<br>1.1 Computer Hardware and Network<br>1.1.1 Computer Generations<br>1.1.2 Hardware Components of a PC<br>1.1.3 Classification of Computer Memory and Storage Devices<br>1.1.4 Installing peripheral devices (Printers/Bluetooth devices)<br>1.1.5 Topologies of Computer Network<br>1.1.6 Logical, Physical, and Port Addresses<br>1.1.7 Functions of Hub, Switch, Router, Gateway, and Firewall Devices<br>1.1.8 Configuring Wireless Access Points<br><br>1.2 Software and Security Systems<br>1.2.1 Software Systems<br>1.2.1.1 *Types of Software*<br>1.2.1.2 *Application Software, System Software and Operating systems, Device Drivers*<br>1.2.1.3 *Utility Software and Firmware*<br>1.2.2 Cybersecurity<br>1.2.2.1 *Confidentiality, Integrity and Availability Cyber Attacks – Man in the Middle Attack, Denial-of-Service (DoS) and Distributed Denial-of-Service (DDoS), Email Attacks, Password Attacks, Malware and Fishing Attacks, and Ethical usage of Cyber spaces.*<br>1.3 Artificial Intelligence and Machine Learning<br>1.3.1 Fundamentals of AI and Machine Learning<br>1.3.2 Generative AI tools and Their Usage | | CLO1<br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br>CLO2 |

| | | |
|---|---|---|
| **2.** Features of MS Word<br>2.1Home Tab<br>2.1.1 Clipboard Group: Format Painter<br>2.1.2 Font Group: Strikethrough, Subscript, Superscript, Small Caps,<br>2.1.3 Styles Group: Creating New Styles<br>2.2Insert Tab<br>2.2.1 Pages Group: Cover Page, Page Break<br>2.2.2 Tables Group: Creating tables<br>2.2.3 Header & Footer Group: Header, Footer, Page Number<br>2.2.4 Symbols Group: Equation, Symbol<br>2.3Design Tab<br>2.3.1 Document Formatting Group<br>2.3.2 Page Background Group: Watermark, Page Color, Page Borders<br>2.4Layout Tab<br>2.4.1 Page Setup Group: Margins, Orientation, Size, Columns, Breaks, Line Numbers<br>2.4.2 Paragraph Group: Indent, Spacing<br>2.4.3 Arrange Group: Position, Wrap Text, Bring Forward, Send Backward<br>2.5Mailings Tab<br>2.5.1 Create Group: Envelops, Labels<br>2.5.2 Mail Merge: Select Recipients, Edit Recipient List<br><br>Practice Tasks: Creating a CV, Formatting a business letter, Designing a report with a title page, headings, and footers, Inserting and formatting a table for data presentation, creating a mail merge for personalized letter or invitation, adding a watermark and custom page color to a document, setting up document margins and orientations for printing, etc.<br><br>**3.** Features of MS Excel<br>3.1Columns and Rows<br>Selecting Columns and Rows, Changing Column | | CLO3 |

| | | |
|---|---|---|
| Width and Row Height, Auto fitting Columns and Rows, Hide/Unhide Columns and Rows, Inserting and Deleting Columns and Rows, Cell, Address of a cell, Components of a cell – Format, value, formula, use of paste and paste special.<br>3.2 Functionality Using Ranges<br>Using Ranges, Selecting Ranges, Entering Information into a Range, Using AutoFill<br>3.3 Creating Formulas<br>Using Formulas, Formula Functions – Sum, Average, IF, Count, Max, Min, Proper, Upper, Lower, Using AutoSum<br>3.4 Spreadsheet Charts<br>Creating Charts, Different types of charts, Formatting Chart Objects, Changing the Chart Type, Showing and Hiding the Legend, Showing and Hiding the Data Table, Moving between Spreadsheets,<br>3.5 Data Analysis<br>Sorting, Filter, Text to Column, Data Validation<br><br>Practice Tasks: Create a spreadsheet to track your month expenses, Adjust the column widths to ensure all category names are fully visible, Use Insert function to add a new row, Use Formulas to calculate total expense, average spending, and identify spending that exceeds certain limits, Create Charts to visually represent the expenses incurred, etc.<br><br>**4.** Features of PowerPoint<br>4.1 Presentations<br>4.1.1 Understanding Electronic Presentations<br>4.1.2 Applying a Theme<br>4.1.3 Typing Text into a Slide<br>4.1.4 Saving a Presentation<br>4.1.5 Inserting New Slides<br>4.1.6 Presenting a Slide Show<br>4.1.7 Printing Handouts | | CLO4 |

| | | |
|---|---|---|
| 4.2 Preparing for Presentations<br>4.2.1 Using Slide Sorter View<br>4.2.2 Reusing Slides<br>4.2.3 Adding Sections<br>4.2.4 Adding Notes to Your Slides<br>4.2.5 Slide Numbers<br>4.2.6 About Hyperlinks<br><br>4.3 Animations and Transitions<br>4.3.1 Understanding Animation<br>4.3.2 Animating Text<br>4.3.3 Animating Objects<br><br>4.4 Media and Action Buttons<br>4.4.1 Understanding Media in PowerPoint<br>4.4.2 Inserting an Online Video<br>4.4.3 Inserting an Online Audio Clip<br><br>4.5 Setting Up the Show<br>4.5.1 About Self-Running Presentations<br>4.5.2 Recording a Slide Show<br>4.5.3 Setting Up a Self-Running Presentation<br>4.5.4 Rehearsing Timings<br>4.5.5 Setting Up a Speaker-Led Show<br>4.5.6 Creating a Custom Show<br>4.5.7 Understanding Presenter View<br><br>4.6 Brilliant Presentations<br>4.6.1 Planning a Presentation<br>4.6.2 Make It Readable<br>4.6.3 The Four Pillars of Great Design<br>4.6.4 Perfect Presentation Layouts<br>4.6.5 Presenting Polished Presentations<br>4.6.6 Presentation Methods and Hardware<br><br>Practice Tasks: Create a professional presentation on a chosen topic using at least 5 slides. Apply a theme, add media (video and audio), use | | CLO5 |

| | | |
|---|---|---|
| animations and transitions, incorporate speaker notes and hyperlinks, and set up the presentation for self-running mode.<br><br>**5.** Internet Searching and Browsing<br>5.1 Browsing Tools and Techniques<br>5.2 Searching on the internet: Keyword searching, Boolean Operators, Phrase searching, Truncation and Wildcard<br>5.3 Using Clouds, Dropbox, Google Drive, Zoom Account Management, and others.<br>5.4 Social Networking, e-Commerce, creating a YouTube Profile, LinkedIn, etc | | |

**Course Learning Outcomes (CLOs):** After completing the course, students should be able to:

| | |
|---|---|
| CLO1 | Demonstrate the effective understanding of computer systems, components, network systems, and cloud storage. |
| CLO2 | Use Microsoft Word efficiently to create and format documents, including advanced features such as tables, graphics and mail merge. |
| CLO3 | Develop skills in Microsoft Excel for creating spreadsheets, entering and manipulating data, performing fundamental data analysis, and visualising data. |
| CLO4 | Create visually appealing and engaging presentations using Microsoft PowerPoint, incorporating text, graphics, animations and multimedia elements. |
| CLO5 | Navigate internet search and browning tools effectively to access online resources and services effectively. |

**Mapping Course Learning Outcomes (CLOs) with the PLOs:**

**[Types of correlation: 1) NC (No correlation); 2) Weak; 3) Moderate; 4) Strong**

| CLOs | PLO1 | PLO2 | PLO3 | PLO4 | PLO5 | PLO6 |
|---|---|---|---|---|---|---|
| CLO1 | | | | | | |
| CLO2 | | | | | | |
| CLO3 | | | | | | |
| CLO4 | | | | | | |
| CLO5 | | | | | | |

After completing the course, the students will be able to:

| SL No. | Course Learning Outcome | PLOs | Assessment Rubric Utilised |
|---|---|---|---|
| CLO1 | Demonstrate the effective understanding of computer systems, components, network systems, and storage devices. | | Quiz, Application based tasks, PBL Assignment/Presentation, Midterm |
| CLO2 | Use Microsoft Word efficiently to create and format documents, including advanced features such as tables, graphics and mail merge. | | Quiz, Application based tasks, PBL Assignment/Presentation, Midterm |

| | | | |
|---|---|---|---|
| CLO3 | Develop skills in Microsoft Excel for creating spreadsheets, entering and manipulating data, performing fundamental data analysis, and visualising data. | | Quiz, Application based tasks, PBL Assignment/Presentation, Midterm |
| CLO4 | Create visually appealing and engaging presentations using Microsoft PowerPoint, incorporating text, graphics, animations and multimedia elements. | | Quiz, Application based tasks, PBL Assignment/Presentation, Midterm |
| CLO5 | Navigate internet search and browning tools effectively to access online resources and services effectively. | | Quiz, Application based tasks, PBL Assignment/Presentation, Midterm |

**Assessment Pattern:**

CIE-Continuous Internal Evaluation (Attendance: 10 marks + Continuous evaluation: 40 marks)

| Bloom's Category | Quiz | Assignment/ Tasks | Reflection | Midterm Exam | Presentation |
|---|---|---|---|---|---|
| Remember | √ | | | √ | |
| Understand | √ | √ | √ | √ | √ |
| Apply | | √ | √ | √ | √ |
| Analyse | | √ | | | √ |
| Evaluate | | | | | |
| Create | | | | | |

SEE-Semester End Evaluation (Final Written Exam 20 marks + Project Report and Presentation – Practical: 30 marks)

| Bloom's Category | Final Exam | Project Report | | | |
|---|---|---|---|---|---|
| Remember | √ | √ | | | |
| Understand | √ | √ | | | |
| Apply | √ | √ | | | |
| Analyse | √ | √ | | | |
| Evaluate | √ | √ | | | |
| Create | √ | √ | | | |

**Learning Resources**

| | |
|---|---|
| Text Books | Justice, Matthew. *How Computers Really Work: A Hands-On Guide to the Inner Workings of the Machine* |
| Reference Books (Text Books) | Holler, James. *The Microsoft Office 365 Bible* |
| Other Resources (Online Resources or others) | Croft, Bruce, Metzler, Donald and Strohman, Trevor. *Search Engines: Information Retrieval in Practice* |
| | ICT Skills Full Book. Available at: https://www.coursehero.com/file/51602462/ICT-Skills-Full-Bookpdf/ |

## দ্বিতীয় বর্ষ: চতুর্থ সেমিস্টার

**Course Code:** BANG-205
**Course title:** বাংলা ছোটগল্প−১ [Bangla Short Story-1]
**Course Type:** Core Course
**Credit Value:** 4 Credits

### Rationale of the Course

সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ প্রকরণ শুধু নয় ছোটগল্প; তা সাহিত্যের আধুনিকতম রূপও। গত এক শতকেরও অধিক কালজুড়ে বাংলা ছোটগল্পের একটি বিশাল ভাণ্ডার গড়ে উঠেছে। রবীন্দ্রনাথ ঠাকুর কেবল বাংলা ছোটগল্পের জনকই নন, সূচনালগ্নে বাংলা ছোটগল্পের অধিকাংশ উৎকৃষ্ট রচনাই সৃষ্টি হয়েছে তাঁর হাতে।পরবর্তীকালে নানা শক্তিমান গল্পকারের সৃষ্টিশীলতায় বিচিত্রভাবে বাংলা ছোটগল্প বিকশিত হয়েছে। বিশ শতকের প্রথমার্ধ পর্যন্ত বাংলা ছোটগল্পের বিকাশ ধারাকে যথার্থভাবে উপলব্ধির জন্য রবীন্দ্রনাথসহ তিনজন ছোট গল্পকারের ছোট গল্প পাঠ্যভুক্ত করা হয়েছে। আর মানিক বন্দ্যোপাধ্যায় তার পরবর্তী হয়েও প্রথম বিশ্বযুদ্ধোত্তর আধুনিকতার বৈশিষ্ট্য সমূহের প্রধান ধারক। মানিক বাংলা সাহিত্যে মনোবিশ্লেষণী ধারার পুরোধা ব্যক্তিত্ব।রবীন্দ্র-পরবর্তী লেখকদের মধ্যে তিনিই পরবর্তী কথাশিল্পীদের ওপর গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করে আছেন। বর্তমান কোর্সে রবীন্দ্রনাথ ঠাকুরের ১০টি এবং পরবর্তী সময়ের খ্যাতনামা গল্পকার মানিক বন্দ্যোপাধ্যায় ও প্রেমেন্দ্র মিত্র, নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ১০টি করে গল্প পাঠ্য।

### Course objectives

এ কোর্সের মধ্য দিয়ে শিক্ষার্থীরা সাধারণভাবে বাংলা ছোট গল্পের উদ্ভবকাল ও তৎপরবর্তী বিকাশের একটি সুনির্দিষ্ট কালপর্ব সম্বন্ধে শুধু পরিচিতি লাভ নয়, সম্যক ধরণা অর্জন করতেও সমর্থ হবে। বাংলা সাহিত্যের তিনজন গুরুত্বপূর্ণ গল্পকারের ছোটগল্পে পরিস্ফুটিত বাংলার বিভিন্ন অঞ্চলের প্রকৃতি,সমাজ ও জীবনধারা সম্বন্ধেও তারা সম্যক ধারণা লাভ করতে পারবে। একই সঙ্গে তারা রবীন্দ্র ছোটগল্পের স্বাতন্ত্র্যমণ্ডিত বৈশিষ্ট্য এবং রবীন্দ্রোত্তর গল্পধারা সম্বন্ধে অবহিত হওয়ার মাধ্যমে বাংলা ছোট গল্পের নানা মাত্রিক বিশ্লেষণেও সমর্থ হবে। অর্থাৎ ছোট গল্পের বিষয়বৈচিত্র্য ও শিল্পশৈলী মূল্যায়নেও তারা সক্ষমতা অর্জন করবে। তারা আর্থ-সামাজিক মূল্যায়নে দক্ষতা অর্জনের পাশাপাশি মানব-মনস্তত্ত্ব বিশ্লেষণেও হয়ে উঠবে কুশলী।

## Program Educational Objectives (PEOs)

১. শিক্ষার্থীদের সাধারণভাবে ভাষা এবং বিশেষভাবে বাংলা ভাষা বিষয়ে কুশলী করে গড়ে তোলা।
২. গদ্য-রচনা ও সম্পাদনায় পারদর্শী করে তোলা।
৩. সাহিত্য- অধ্যয়নের কলাকুশলতা সম্পর্কে প্রশিক্ষণ দেয়া।
৪. সামাজিক ও রাষ্ট্রীয় চাহিদার ভিত্তিতে শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তোলা, যেন ভাষা ও সাহিত্যের সাধারণ কুশলতা বিভিন্ন শিক্ষাস্তরের ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণে সমর্থ হয়।
৫. সরকারি ও বেসরকারি অফিস এবং পত্রপত্রিকাসহ ভাষার ব্যবহার হয় এমন মাধ্যমগুলোতে দায়িত্ব পালনের উপযোগী করে প্রশিক্ষিত করা।
৬. শিক্ষার্থীরা যেন সৃষ্টিশীলতা, সাহিত্যবোধ, সৌন্দর্যবোধ ও রুচির দিক থেকে বৃহত্তর সমাজ ও জনমানুষকে ইতিবাচকভাবে প্রভাবিত করতে পারে।
৭. বাংলা ভাষা ও সাহিত্যচর্চার মধ্য দিয়ে দেশাত্মবোধ জাগ্রত করা, এবং বৃহত্তর জনমানুষের সাথে সম্পর্কিত করা।
৮. রাষ্ট্রভাষা হিসেবে বাংলার সর্বত্রগামী হওয়ার জন্য বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় ভাষাগত দক্ষতার প্রয়োগ ঘটানো।

## Program Learning Outcomes (PLOs)

১. বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাস, অর্জন ও প্রবণতা সম্পর্কে পরিচ্ছন্ন ধারণা লাভ।
২. শিক্ষার্থীরা ভাষার রূপ ও ব্যবহার সম্পর্কে কুশলতা অর্জন করবে। মানসম্মত গদ্য লিখতে ও সম্পাদনা করতে পারবে। ভাষার প্রায়োগিক বিশ্লেষণে সমর্থ হবে।
৩. সাহিত্যের রূপগত প্রকরণ সম্পর্কে ধারণা অর্জন। সাহিত্য বিশ্লেষণ ও সমালোচনায় কুশলী হয়ে ওঠা। নতুন সাহিত্য পাঠ ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় কুশলতা অর্জন করা।
৪. সাহিত্য-পাঠের মধ্য দিয়ে সমাজ, দর্শন, রাজনীতি, মনস্তত্ত্ব, জনসংস্কৃতি ইত্যাদি এলাকায় বিশ্লেষণ-ক্ষমতা অর্জন করা।
৫. বাংলাদেশ-অধ্যয়নের বিভিন্ন মাত্রা ও এলাকা সম্পর্কে কুশলতা অর্জন করা।
৬. বিশ্লেষণ ও উদ্ভাবনী কুশলতার চর্চার মধ্য দিয়ে জাতীয় ও আন্তর্জাতিক বাস্তবতা গভীরভাবে উপলব্ধি করার ক্ষমতা অর্জন করা।

## Course Learning Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes(PLOs)

১. শিক্ষার্থীরা সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ রূপগত প্রকরণ ছোটগল্প সম্বন্ধে ধারণা অর্জন করবে।(পিএলও ৩)
২. শিক্ষার্থীরা ছোটগল্প পাঠের মধ্য দিয়ে সমাজ, দর্শন, রাজনীতি, মানব-মনস্তত্ত্ব, জনসংস্কৃতি ইত্যাদি বিষয়ে বিশ্লেষণ-ক্ষমতা অর্জন করবে। (পিএলও ৪)
৩. শিক্ষার্থীরা এর মধ্য দিয়ে বাংলাদেশ অধ্যয়নের বিভিন্ন মাত্রা সম্বন্ধে কুশলতা অর্জনে সক্ষম হবে।(পিএলও ৫)
৪. শিক্ষার্থীরা বাংলা ভাষার রূপ ও ব্যবহার সম্বন্ধে নৈপুণ্য অর্জন করবে। মানসম্মত গদ্য লিখতে ও সম্পাদনায় সমর্থ হবে। সেইসঙ্গে বাংলা ভাষার প্রায়োগিক ব্যবহার ও বিশ্লেষণেও সক্ষমতা লাভ করবে।(পিএলও ২)
৫. বিশ্লেষণ ও উদ্ভাবনী নৈপুণ্য অনুশীলনের মাধ্যমে জাতীয় বাস্তবতা উপলব্ধির ক্ষেত্রে সক্ষমতা অর্জন করবে।(পিএলও ৬)
৬. শিক্ষার্থীরা বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাস,অর্জন ও প্রবণতা সম্বন্ধে পরিচ্ছন্ন ধারণা লাভ করবে।(পিএলও ১)

## Recommended Readings

**[ক] রবীন্দ্রনাথ ঠাকুর**

নির্বাচিত গল্প: পোস্টমাস্টার; একরাত্রি; মধ্যবর্তিনী; শাস্তি; সমাপ্তি; মেঘ ও রৌদ্র; ক্ষুধিত পাষাণ; স্ত্রীর পত্র; পয়লা নম্বর; ল্যাবরেটরি।

**[খ] প্রেমেন্দ্র মিত্র**

নির্বাচিত গল্প: শুধু কেরানী; পুন্নাম; সাগর সঙ্গমে; বিকৃত ক্ষুধার ফাঁদে; পোনাঘাট পেরিয়ে; সংসার সীমান্তে; মৃত্তিকা; মহানগর; শৃঙ্খল; তেলেনাপোতা আবিষ্কার।

**[গ] মানিক বন্দ্যোপাধ্যায়**

নির্বাচিত গল্প: প্রাগৈতিহাসিক; আত্মহত্যার অধিকার; সরীসৃপ; সিঁড়ি; কুষ্ঠরোগীর বৌ; হলুদপোড়া; সমুদ্রের স্বাদ; আজ কাল পরশুর গল্প; হারানের নাতজামাই; ছোট বকুলপুরের যাত্রী।

**[ঘ] নারায়ণ গঙ্গোপাধ্যায়**

নির্বাচিত গল্প: বীতংস; হাড়; টোপ; বনজ্যোৎস্না; দুঃশাসন; পুষ্করা; ভাঙা চশমা; তিতির; রেকর্ড; ইতিহাস।

## Supplementary Readings

অনিন্দিতা বন্দ্যোপাধ্যায়: প্রেমেন্দ্র মিত্রের ছোটগল্প: মননে ও সৃজনে

অরুণকুমার মুখোপাধ্যায়: কালের পুত্তলিকা

আনোয়ার পাশা: রবীন্দ্র ছোটগল্প সমীক্ষা

গোপিকানাথ রায়চৌধুরী: রবীন্দ্রনাথ: ছোটগল্পের প্রকরণশিল্প

তপোব্রত ঘোষ: রবীন্দ্র-ছোটগল্পের শিল্পরূপ

নবনীতা সান্যাল: প্রেমেন্দ্র মিত্রের ছোটগল্প: বিষয় এবং শিল্পরূপ

নারায়ণ গঙ্গোপাধ্যায়: কথাকোবিদ রবীন্দ্রনাথ; বাংলা গল্পবিচিত্রা

নিতাই কুমার ঘোষ: প্রেমেন্দ্র মিত্রের গল্পে মানবসম্পর্কের সীমানা ও সত্যতা

প্রভাস রায় চৌধুরী: জীবন উপনিবেশের দ্রষ্টা নারায়ণ গঙ্গোপাধ্যায়

প্রমথনাথ বিশী: রবীন্দ্রনাথের ছোটগল্প

বাংলা একাডেমি (প্রকাশক): উত্তরাধিকার, মানিক বন্দ্যোপাধ্যায় জন্মশতবর্ষ সংখ্যা

বীরেন্দ্র দত্ত: বাংলা ছোটগল্প: প্রসঙ্গ ও প্রকরণ

বুদ্ধদেব বসু: রবীন্দ্রনাথ: কথাসাহিত্য

ভীষ্মদেব চৌধুরী: দু-চারিটি অশ্রুজল: রবীন্দ্রগল্পের ভিন্নপাঠ

ভূদেব চৌধুরী: বাংলা সাহিত্যে ছোটগল্প ও ছোটগল্পকার

মোঃ আতাউর রহমান: নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্প: আঞ্চলিক জীবন

রামরঞ্জন রায়: গল্পের ভুবন: প্রেমেন্দ্র মিত্র

শিপ্রা দে: নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্প

শিশিরকুমার দাশ: বাংলা ছোটগল্প

শীতল চৌধুরী: প্রেমেন্দ্র মিত্রের ছোটোগল্প: শিল্প ও নির্মাণ; বাংলা ছোটগল্পের তিন নক্ষত্র: বনফুল-প্রেমেন্দ্র মিত্র-নারায়ণ গঙ্গোপাধ্যায়

সরোজ দত্ত: কথাসাহিত্যিক নারায়ণ গঙ্গোপাধ্যায়

সৈয়দ আকরম হোসেন: প্রসঙ্গ: বাংলা কথাসাহিত্য

সৈয়দ আজিজুল হক: মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প: সমাজচেতনা ও জীবনের রূপায়ণ

সৈয়দ শামসুল হক: মার্জিনে মন্তব্য

**Course Code :** BANG-206
**Course title:** বাংলা নাটক–১ [Bangla Drama-1]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

নাটক মূলত দৃশ্যশিল্প হলেও সাহিত্যের বিশেষ ধারা হিসেবেও এর মূল্য অপরিসীম। বাংলা সাহিত্যে নাটক তুলনামূলকভাবে আধুনিক কালের প্রকরণ। যদিও এর পূর্বসূরি বিভিন্ন আঙ্গিক মধ্যযুগেও প্রচলিত ছিল। বিগত দেড় শতাধিক বছরে বাংলা নাটক সাহিত্যের প্রকরণের মধ্যে বিশেষ জনপ্রিয়। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে মাইকেল মধুসূদন দত্তের হাতে আধুনিক বাংলা নাটকের সূচনা। সমকালে দীনবন্ধু মিত্র এতে যুক্ত করেন সমসাময়িক সামাজিক-রাজনৈতিক উপকরণ। রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা নাটকের রূপ ও রসে নিয়ে আসেন নতুন মাত্রা। ইতিহাসের উত্থান-পতন ও সমকালীন আবেগকে ইতিহাস পটে বিধৃত করে বাংলা নাটকে মূর্ত করে তোলেন দ্বিজেন্দ্রলাল রায়।বর্তমান কোর্সে উল্লিখিত চার জন নাট্যকারের নাটক পাঠ্য। এই পঠনের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা নাটকের রূপ-রূপান্তর, বিষয়বস্তু,গঠনশৈলী ও অন্যান্য বৈশিষ্ট্য সম্পর্কে অবহিত হতে পারবে।

## Course objectives

এ কোর্সের মধ্য দিয়ে শিক্ষার্থীরা বাংলা নাটকের ধারা ও প্রবণতার সঙ্গে পরিচিত হবে। উনিশ শতকের মধ্যভাগে আধুনিক বাংলা নাটকের যাত্রা শুরু হয়। নাটক পাঠের সূত্র ধরে এই ধারা ও প্রবণতার সঙ্গে সম্যক পরিচয় ঘটবে।নাটক পাঠের পূর্বসূত্র হিসেবে শিক্ষার্থীরা এই কোর্সে উনিশ ও বিশ শতকের বাংলাদেশের রাজনৈতিক-সামাজিক প্রেক্ষাপট সম্পর্কে অবগত হবে। একইসঙ্গে প্রাসঙ্গিক নাটকের সূত্র ধরে ইতিহাসের সঙ্গে নাটকের যোগসূত্র সম্পর্কে ধারণা পাবে।আধুনিক নাটকের বিষয়, বৈচিত্র্য ও শিল্পগুণের সঙ্গে শিক্ষার্থীদের প্রত্যক্ষ সংযোগ ঘটবে। বাংলা নাটকের রূপ ও রূপান্তরের সম্পর্কসূত্র শিক্ষার্থীরা

অনুসন্ধান করতে পারবে।এই কোর্সে অধীত জ্ঞান সমকালীন এবং পরবর্তী সময়ের অন্যান্য নাটক পাঠ ও বিশ্লেষণের ক্ষেত্রে শিক্ষার্থীদের সহায়তা করবে।

## Program Educational Objectives (PEOs)

১. শিক্ষার্থীদের সাধারণভাবে ভাষা এবং বিশেষভাবে বাংলা ভাষা বিষয়ে কুশলী করে গড়ে তোলা।
২. গদ্য-রচনা ও সম্পাদনায় পারদর্শী করে তোলা।
৩. সাহিত্য- অধ্যয়নের কলাকুশলতা সম্পর্কে প্রশিক্ষণ দেয়া।
৪. সামাজিক ও রাষ্ট্রীয় চাহিদার ভিত্তিতে শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তোলা, যেন ভাষা ও সাহিত্যের সাধারণ কুশলতা বিভিন্ন শিক্ষাস্তরের ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণে সমর্থ হয়।
৫. সরকারি ও বেসরকারি অফিস এবং পত্রপত্রিকাসহ ভাষার ব্যবহার হয় এমন মাধ্যমগুলোতে দায়িত্ব পালনের উপযোগী করে প্রশিক্ষিত করা।
৬. শিক্ষার্থীরা যেন সৃষ্টিশীলতা, সাহিত্যবোধ, সৌন্দর্যবোধ ও রুচির দিক থেকে বৃহত্তর সমাজ ও জনমানুষকে ইতিবাচকভাবে প্রভাবিত করতে পারে।
৭. বাংলা ভাষা ও সাহিত্যচর্চার মধ্য দিয়ে দেশাত্মবোধ জাগ্রত করা, এবং বৃহত্তর জনমানুষের সাথে সম্পর্কিত করা।
৮. রাষ্ট্রভাষা হিসেবে বাংলার সর্বত্রগামী হওয়ার জন্য বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় ভাষাগত দক্ষতার প্রয়োগ ঘটানো।

## Course Learning Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes (PLOs)

১. আধুনিক বাংলা নাটকের ইতিহাস ও ধারা সম্পর্কে জ্ঞান অর্জন করবে। (পিএলও ১, ৩, ৫)
২. উনিশ ও বিশ শতকের সামাজিক ও রাজনৈতিক ঘটনাপ্রবাহের সঙ্গে নাটকের সম্পর্ক অনুসন্ধান করতে পারবে এবং ইতিহাসের সঙ্গে এর যোগসূত্র উপলব্ধি করতে পারবে। (পিএলও ১, ৪, ৬)
৩. আধুনিক নাটকের বিষয়, জীবনবোধ ও শিল্পাঙ্গিক সম্পর্কে মূল্যায়ন করতে পারবে। (পিএলও ২. ৩)

৪. প্রায়োগিক আলোচনার মধ্য দিয়ে আধুনিক নাটক বিশ্লেষণ ও সমালোচনা করার অভিজ্ঞতা অর্জন করবে। (পিএলও ২, ৩, ৫, ৬)

## Recommended Readings

[ক] মাইকেল মধুসূদন দত্ত: *একেই কি বলে সভ্যতা?; বুড় সালিকের ঘাড়ে রোঁ*

[খ] দীনবন্ধু মিত্র: *নীল-দর্পণ*

[গ] রবীন্দ্রনাথ ঠাকুর: *বিসর্জন*

[ঘ] দ্বিজেন্দ্রলাল রায়: *সাজাহান*

## Supplementary Readings

অজিতকুমার ঘোষ: বাংলা নাটকের ইতিহাস

অশোক সেন: রবীন্দ্র নাট্য-পরিক্রমা

অশ্রুকুমার সিকদার: রবীন্দ্রনাটকে ঐক্য ও রূপান্তর

আশুতোষ ভট্টাচার্য: বাংলা নাট্যসাহিত্যের ইতিহাস

এ কে এম খায়রুল আলম: দীনবন্ধু মিত্রের সাহিত্যকর্ম

কমলকুমার সান্যাল: বাংলা নাটক-সমীক্ষা

ক্ষেত্র গুপ্ত: নাট্যকার মধুসূদন

নিমাইচন্দ্র পাল: রবীন্দ্রনাটকে আঙ্গিক

প্রমথনাথ বিশী: রবীন্দ্র নাট্যপ্রবাহ

বৈদ্যনাথ মুখোপাধ্যায়: মানবিকতাবোধের ভূমিকায় দীনবন্ধু মিত্রের নাটক

মনিরুজ্জামান (সম্পাদক): সাজাহান [ভূমিকাংশ]

মিহিরকুমার দাশ: দীনবন্ধু মিত্র: কবি ও নাট্যকার

রথীন্দ্রনাথ রায়: দ্বিজেন্দ্রলাল রায়: কবি ও নাট্যকার

শঙ্খ ঘোষ: কালের মাত্রা ও রবীন্দ্র-নাটক

শান্তিকুমার দাশগুপ্ত: রবীন্দ্রনাথের রূপক-নাট্য

শীতল ঘোষ: বাংলা নাটকে ট্রাজেডি তত্ত্বের প্রয়োগ

সুশীলকুমার দে: দীনবন্ধু মিত্র

Ranajit Guha: 'Neel-darpan: The image of a peasant revolt in a liberal mirror', Small Voice of History: Collected Essays

**Course Code :** BANG-207

**Course title:** **বাংলাদেশের সাহিত্যের ইতিহাস (১৯৪৭-২০০০)**
[Literature of Bangladesh: A History (1947- 2000)]

**Course Type :** Core Course

**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

এ কোর্সটি স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়কেন্দ্রিক তদানীন্তন পূর্ব-বাংলার স্বকীয় সাহিত্যধারার অন্তর্গত প্রতিনিধিত্বশীল কথাশিল্প অর্থাৎ উপন্যাস ও গল্পের সঙ্গে শিক্ষার্থীদের পরিচিত করবে। কোর্সটি বৈষয়িক বৈচিত্র্যে সমৃদ্ধ এবং এর কালিক ব্যাপ্তি বিশ শতকের চল্লিশের দশক থেকে এ শতকের শেষভাগ অবধি সম্প্রসারিত। পাকিস্তান রাষ্ট্র প্রতিষ্ঠার পরিণতিতে পূর্ব-বাংলা ও পশ্চিম পাকিস্তানের মধ্যে বিরাজ সাংস্কৃতিক-রাজনৈতিক ও আর্থ-সামাজিক বিভাজনের স্বরূপ ক্রমশ স্পষ্ট হয়ে উঠতে থাকে, যা বাংলা ভাষায় রচিত পূর্ব-বাংলার কথাসাহিত্যিকদের লেখনীতে স্বকীয় রূপে ও শিল্পভাবনায় বাঙ্ময় হয়ে ওঠে। কলকাতাকেন্দ্রিক বাংলা সাহিত্যের অংশ হিসেবে নয়, বরং পূর্ব-বাংলার জনমানুষের জীবনবাস্তবতা ও অস্তিত্বসংগ্রাম, ভাষা-সংস্কৃতি-রাষ্ট্রীয় অধিকার আদায়কেন্দ্রিক দাবি ও আত্মমর্যাদা প্রতিষ্ঠার লড়াই এ পর্বের কথাসাহিত্যে বিশেষরূপে উপজীব্য হয়ে ওঠে। গ্রামীণ জনপদের ঐতিহ্যবাহী চালচিত্র ও রাজধানী ঢাকাকে আশ্রয় করে গড়ে ওঠা নাগরিক সমাজের আখ্যানমালা একালের কথাসাহিত্যের অবলম্বনরূপে বিন্যস্ত হয়। মুক্তিযুদ্ধপর্বের রক্তক্ষয়ী সংগ্রাম ও ভাষা আন্দোলনকেন্দ্রিক স্বাধিকার প্রতিষ্ঠার লড়াই ঊনসত্তরের গণঅভ্যুদয়ের পরিণতিতে স্বাধীন বাংলাদেশের বিজয়গাথাকে যেভাবে বাংলাদেশের কথাসহিত্যে ওজস্বী মহিমায় গৌরবান্বিতরূপে ভাস্বর হয়ে ওঠে, তা আশির দশকের স্বৈরাচারী সামরিক শাসনের অবসান ঘটিয়ে পরিণতিতে গণতান্ত্রিক বাংলাদেশ প্রতিষ্ঠার বহুকাঙ্ক্ষিত প্রত্যাশাকে বাস্তবায়িত করে। বর্তমান কোর্সটির অন্তর্ভুক্ত কথাশিল্পীদের গল্প, উপন্যাস পাঠের আলোকে শিক্ষার্থীরা বাংলাদেশ রাষ্ট্রের অভ্যুদয়ের ইতিহাসকে সাহিত্যিক পরিসরে অবলোকনের পূর্ণ সুযোগ পাবে।

## Course Objectives

এ কোর্সের পাঠগ্রহণ শিক্ষার্থীদের স্বাধীন বাংলাদেশের বাংলা কথাসাহিত্য চর্চা সম্পর্কে সামগ্রিক ধারণাগ্রহণের উপযোগী। কারণ বিশ শতকের চল্লিশের দশক থেকে নব্বইয়ের দশক অবধি রচিত বাংলাদেশের গল্প ও উপন্যাস এর অন্তর্গত। উল্লেখযোগ্য গল্পকার ও ঔপন্যাসিকদের সাহিত্যকর্মে যেমন পরিচিত ও জনপ্রিয় ধারার গল্প, উপন্যাস রয়েছে,

তেমনিভাবে অনেকেই নিরীক্ষার মধ্য দিয়ে লেখনীকে পরিচালিত করেছেন। কোনো কোনো লেখকের গল্প ও উপন্যাস – উভয় সাহিত্যরূপই শিক্ষার্থীদের পাঠের অংশ। আবার কোনো লেখকের গল্প অথবা উপন্যাস তাদের পাঠের জন্য নির্ধারিত রয়েছে। ফলে, লেখকদের লেখার প্রাসঙ্গিকতা, বৈষয়িক আবেদন ও শিল্পভাবনা-প্রাকরণিক বৈশিষ্ট্য অনুসন্ধান ও স্বকীয় মাত্রা উপলব্ধির সুযোগ শিক্ষাথীদের কথাশিল্প বিষয়ক পাঠগ্রহণে সহায়ক ভূমিকা রাখবে। সৃজনশীল সাহিত্যচর্চা তথা গল্প, উপন্যাস লেখার অনুপ্রেরণা লাভের পাশাপাশি গবেষণা ও প্রবন্ধ রচনার মাধ্যমে সাহিত্য-সমালোচনাকে এগিয়ে নেয়ার সুযোগও শিক্ষার্থীদেও সম্যক পাঠগ্রহণের পরিণতিতে উন্মোচিত হতে পারে। এ কোর্সভুক্ত বিভিন্ন ধারার গল্প ও উপন্যাসে প্রতিফলিত প্রবণতা ও শৈল্পিক আবেদন তাদেরকে উৎসাহিত করবে বাংলাদেশের কথাসাহিত্য চর্চায়।

## Course Learning Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes (PLOs)

১. এ কোর্সের পাঠগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীরা স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের স্বাধীনতালাভের ইতিবৃত্ত ও ক্রমাগ্রসরতার চালচিত্রকে সাহিত্যিক দৃষ্টিভঙ্গির আলোকে অবলোকনের সুযোগ পাবে। (পিএলও ১, ৩, ৪, ৫)

২. বাঙালি জাতির ভাষিক-সাংস্কৃতিক-রাষ্ট্রীয় অধিকার প্রতিষ্ঠার লড়াই এ কালপর্বের কথাশিল্পীদের জীবনভাবনা, স্বদেশপ্রেম ও মানুষের প্রতি একাত্মতার বোধকে যেভাবে শাণিত ও বিকশিত করেছে, তা শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। (পিএলও ১, ২, ৪, ৫)

৩. বাংলাদেশের কথাসাহিত্যের বৈষয়িক সমৃদ্ধি ও শৈল্পিক প্রবণতা যে বাংলা কথাসাহিত্যের কলকাতাকেন্দ্রিক ধারা থেকে স্বকীয় আবেদন সঞ্চারে সমর্থ, ভাষিক ও সাংস্কৃতিক বৈশিষ্ট্যে এবং জাতিগত পরিচয়ে স্বাতন্ত্র্যমণ্ডিত, সেই সচেতনতা তাদের সাহিত্যপাঠে জাগ্রত হবে। (পিএলও ১, ৩, ৪, ৫)

৪. বাঙালি জাতীয়তাবাদ ও স্বদেশপ্রেমের উদ্দীপনা তাদের অন্তর্লোকে সন্নিহিত সৃষ্টিশীলতার বীজকে পরিপুষ্ট করে তুলতে পারে। গল্প ও উপন্যাস লেখার সৃজনশীল কল্পনা ও আগ্রহকে বিকশিত করার অবলম্বন হিসেবে কোর্সটি নিবিড়ভাবে পাঠ তাই যগোপযোগী ও প্রাসঙ্গিক। (পিএলও ৪, ৫, ৬)

৫. স্বাধীন দেশের সচেতন নাগরিক হিসেবে নিজের ওপর অর্পিত দায়িত্ব সুচারুভাবে পালনের আন্তর্গরজে আত্মমর্যাদার সঙ্গে বাংলা ভাষা, বাঙালি সংস্কৃতি ও জাতীয়তাবাদী আদর্শকে লালন ও বাস্তবে রূপায়ণের নৈয়ায়িক দীক্ষা শিক্ষার্থীদের অনুপ্রাণিত করবে। (পিএলও ৩, ৪, ৫)

৬. বাংলাদেশের কথাশিল্প বিষয়ক প্রবন্ধ, সাহিত্য-সমালোচনা ও গবেষণার অবারিত সুযোগ এ কোর্সের পাঠদানের পরিণতিতে শিক্ষার্থীরা গ্রহণ করতে পারবে। সমকালীন বাংলা কথাসাহিত্যের গতিপ্রকৃতি ও রূপরেখা পর্যবেক্ষণের মাধ্যমে সেই সুযোগ সম্প্রসারিত হবে। (পিএলও ২, ৩)

## Recommended Readings

বাংলাদেশের সাহিত্য: আর্থ-সামাজিক-রাজনৈতিক প্রেক্ষাপট; ১৯৪৭-পূর্ববর্তী সাহিত্যধারা এবং পূর্ববঙ্গীয় স্বাতন্ত্র্য; বাংলাদেশের (সাতচল্লিশ-পরবর্তী বিশ শতকের) কবিতা, উপন্যাস, গল্প, নাটক ও প্রবন্ধের প্রধান ধারা ও প্রবণতা; প্রধান সাহিত্যিকদের সাহিত্য-পরিচয়; পঞ্চাশ ও ষাটের দশকের স্বাতন্ত্র্য; মুক্তিযুদ্ধ-পরবর্তী বাঁকবদল।

### কবিতা

আহসান হাবীব; ফররুখ আহমদ; সিকান্‌দার আবু জাফর; আবুল হোসেন; সৈয়দ আলী আহসান; আবদুল গনি হাজারী; শামসুর রাহমান; আজীজুল হক; আলাউদ্দিন আল আজাদ; হাসান হাফিজুর রহমান; সৈয়দ শামসুল হক; আল মাহমুদ; শহীদ কাদরী; আবদুল মান্নান সৈয়দ; মোহাম্মদ রফিক; রফিক আজাদ; নির্মলেন্দু গুণ; আবুল হাসান; হুমায়ুন আজাদ; হুমায়ুন কবির; রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ; আবিদ আজাদ; খোন্দকার আশরাফ হোসেন।

### উপন্যাস

অদ্বৈত মল্লবর্মণ; আবুল ফজল; সত্যেন সেন; আবু জাফর শামসুদ্দীন; শওকত ওসমান; সরদার জয়েনউদ্‌দীন; সৈয়দ ওয়ালীউল্লাহ্; রশীদ করিম; আবু রুশ্‌দ; শামসুদ্‌দীন আবুল কালাম; আবু ইসহাক; শহীদুল্লা কায়সার; আলাউদ্দিন আল আজাদ; জহির রায়হান; সৈয়দ শামসুল হক; রাজিয়া খান; শওকত আলী; রিজিয়া রহমান; মাহমুদুল হক; আহমদ ছফা; হুমায়ূন আহমেদ; শহীদুল জহির।

### ছোটগল্প

শওকত ওসমান; সৈয়দ ওয়ালীউল্লাহ্; আবু ইসহাক; আলাউদ্দিন আল আজাদ; জহির রায়হান; সৈয়দ শামসুল হক; শওকত আলী; আল মাহমুদ; মাহমুদুল হক; হাসান আজিজুল হক; জ্যোতিপ্রকাশ দত্ত; আখতারুজ্জামান ইলিয়াস; আবদুল মান্নান সৈয়দ; হুমায়ূন আহমেদ; শহীদুল জহির।

### নাটক

নুরুল মোমেন; সিকান্‌দার আবু জাফর; সৈয়দ ওয়ালীউল্লাহ্; মুনীর চৌধুরী; আনিস চৌধুরী; সাঈদ আহমদ; সৈয়দ শামসুল হক; মমতাজ উদদীন আহমদ; আবদুল্লাহ আল মামুন; মামুনুর রশীদ; সেলিম আল দীন।

**প্রবন্ধ**

কাজী আবদুল ওদুদ; কাজী মোতাহার হোসেন; আবুল ফজল; রণেশ দাশগুপ্ত; আবদুল হক; আহমদ শরীফ; বদরুদ্দীন ওমর; যতীন সরকার; সিরাজুল ইসলাম চৌধুরী; আনিসুজ্জামান; মোতাহের হোসেন চৌধুরী; আহমদ ছফা; আবুল কাসেম ফজলুল হক; হুমায়ুন আজাদ।

## Supplymentary Readings

আজহার ইসলাম: বাংলাদেশের ছোটগল্প: বিষয়-ভাবনা স্বরূপ ও শিল্পমূল্য
আবদুল্লাহ আবু সায়ীদ: ভালোবাসার সাম্পান
আবদুল মান্নান সৈয়দ: করতলে মহাদেশ
আবুল কাসেম ফজলুল হক: কালের যাত্রার ধ্বনি
খান সারওয়ার মুরশিদ (সম্পাদক): সমকালীন বাংলা সাহিত্য
খোন্দকার আশরাফ হোসেন: বাংলাদেশের কবিতা: অন্তরঙ্গ অবলোকন
গিয়াস শামীম: বাংলাদেশের আঞ্চলিক উপন্যাস; বাংলা সাহিত্যে আঞ্চলিক উপন্যাস
চঞ্চল কুমার বোস: বাংলাদেশের ছোটগল্পের শিল্পরূপ
বাংলা একাডেমি (প্রকাশক): বাংলাদেশের সাহিত্য
বায়তুল্লাহ্ কাদেরী: বাংলাদেশের ষাটের দশকের কবিতা: বিষয় ও প্রকরণ; কবিতার শব্দ-সাঁকো
বিশ্বজিৎ ঘোষ: বাংলাদেশের সাহিত্য
বেগম আকতার কামাল: শতাব্দীসন্ধির কবিতা: দিশা ও বিদিশা
ভীষ্মদেব চৌধুরী: বাংলাদেশের সাহিত্য-গবেষণা ও অন্যান্য; সাহিত্যসাধনায় ঢাকার নারী; জনান্তিকের মুক্তিযুদ্ধ ও অন্যান্য প্রবন্ধ
মনসুর মুসা: পূর্ব বাঙলার উপন্যাস
মাসুদুজ্জামান: বাংলাদেশ ও পশ্চিম বাংলার কবিতা: তুলনামূলক ধারা
মুহম্মদ আবদুল হাই ও সৈয়দ আলী আহসান: বাংলা সাহিত্যের ইতিবৃত্ত
রফিকউল্লাহ খান: বাংলাদেশের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ
রামেন্দু মজুমদার (সম্পাদক): বাংলাদেশের নাট্যচর্চা
সাঈদ-উর রহমান: পূর্ব বাংলার রাজনীতি-সংস্কৃতি ও কবিতা
সুকুমার বিশ্বাস: বাংলাদেশের নাট্যচর্চা ও নাটকের ধারা
সৈয়দ আকরম হোসেন: প্রসঙ্গ: বাংলা কথাসাহিত্য; বাংলাদেশের সাহিত্য ও অন্যান্য প্রসঙ্গ
হাসান হাফিজুর রহমান: আধুনিক কবি ও কবিতা
হুমায়ুন আজাদ: আধার ও আধেয়; শিল্পকলার বিমানবিকীকরণ ও অন্যান্য প্রবন্ধ

**Course Code :** BANG-208
**Course title:** ইংরেজি ভাষা-২ [English Language-2]
**Course Type :** GED Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

বাংলা বিভাগের শিক্ষার্থীদের ইংরেজি ভাষাচর্চার জন্য পরিকল্পিত দ্বিতীয় কোর্স এটি। বাংলার স্নাতকরা প্রধানত বাংলা ভাষারই চর্চা করে। এর ফলে আন্তর্জাতিক ভাষা ও দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজির চর্চায় সাধারণত পিছিয়ে পড়ে। অথচ ইংরেজি ভাষাচর্চা এ বিভাগের স্নাতকদের জন্য নানা কারণে জরুরি। পেশাগত দক্ষতা ছাড়াও আন্তর্জাতিক যোগাযোগ এবং প্রয়োজনীয় জ্ঞানার্জনের জন্য প্রতিনিয়ত ইংরেজির মুখোমুখি হতে হয়। এ ভাষার আনুষ্ঠানিক চর্চার মধ্য দিয়ে শিক্ষার্থীরা সে প্রয়োজন মেটানোর জন্য তুলনামূলক অধিকতর প্রস্তুতি গ্রহণে সক্ষম হবে।

বর্তমান কোর্সটি পরিকল্পিত হয়েছে পড়ায় ও লেখায় দ্বিতীয় পর্যায়ের দক্ষতা অর্জনের জন্য। আগের কোর্সটিতে ব্যাকরণিক বিধির প্রাধান্য ছিল। বর্তমান কোর্সে ভাষা-অনুধাবন ও তুলনামূলক দীর্ঘ গদ্য লেখার চর্চাকে প্রাধান্য দেয়া হয়েছে। কোর্সটি সামগ্রিকভাবে ইংরেজি ভাষার সাথে শিক্ষার্থীদের কার্যকর যোগাযোগ স্থাপনে সাহায্য করবে।

## Course objectives

ইংরেজি ভাষাচর্চার এ দ্বিতীয় কোর্স শিক্ষার্থীদের ইংরেজি পড়ার দক্ষতা বাড়াবে। পড়ে বোঝা, পঠিত অংশের সারসংক্ষেপ করতে পারা, ইংরেজি অনুচ্ছেদ রচনা এবং দীর্ঘ গদ্য লেখার চর্চার মধ্য দিয়ে শিক্ষার্থীর ইংরেজি জ্ঞানের গভীরতা বাড়বে। অনুচ্ছেদ রচনা ও প্রবন্ধ লেখার কলাকৌশল শেখার মধ্য দিয়ে সামগ্রিক লিখন-দক্ষতা বাড়বে। ইংরেজি ও বাংলা থেকে অনুবাদচর্চার মধ্য দিয়ে দুই ভাষার পারস্পরিক সম্পর্ক ও প্রকৃতি অনুধাবনের মাধ্যমে সামগ্রিক ভাষাবোধ পুষ্ট হবে।

এ কোর্সে একটি ইংরেজি উপন্যাস পাঠ্য করা হয়েছে। এর মধ্য দিয়ে ইংরেজি পড়ায় কুশলতা বাড়বে এবং সাহিত্যিক ভাষা সম্পর্কে ধারণা জন্মাবে। উপন্যাস অবলম্বনে অনুচ্ছেদ ও দীর্ঘ গদ্য রচনার চর্চা সাহিত্যিক ভাষা এবং কেজো ভাষার মধ্যকার সম্পর্ক বিষয়ে ধারণা দেবে।

**Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)**

১। ইংরেজি ভাষা পড়া ও লেখার দক্ষতা বাড়বে। (পিএলও ২, ৬)

২। ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের মধ্য দিয়ে সামগ্রিক ভাষাবোধ বৃদ্ধি পাবে। (পিএলও ১, ২)

৩। ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের মধ্য দিয়ে ইংরেজিতে রচিত সাহিত্য ও অপরাপর রচনার বিশাল ভান্ডারের সাথে সম্পর্কিত হতে পারবে। (পিএলও ২, ৩, ৪, ৫, ৬)

৪। ইংরেজি ভাষায় সাহিত্য পড়ার জন্য শিক্ষার্থীরা প্রস্তুত হবে, এবং বাংলা সাহিত্য সম্পর্কে শিক্ষার্থীর উপলব্ধি প্রগাঢ় হবে। (পিএলও ৩, ৪, ৬)

**Recommended Readings**

a) Vocabulary development
Words and their derivatives
Comprehension

b) Academic writing
Essay writing

Paragraph developing techniques
Essay types: narrative, descriptive, process, cause and effect, and comparison and contrast

Report writing
Book reviews

c) Translation
From English to Bangla
From Bangla to English

d) Base text

The Old Man and the Sea: Ernest Hemingway

**Supplementary Readings**

Alam, F. et al.: Endeavour: An Introductory Language Coursebook

Eastwood, John: Oxford Guide to English Grammar

Gurrey, P.: *The Teaching of Written English*

Imhoof, M. and Hudson, H.: From Paragraph to Essay: Developing Composition Writing

Joly L.: *Writing Tasks*

Khan, R., Ahmed, T. and Farida, N.: Writing Essays With Ease

Kristine, B. & Susan, H.: *Writing Matters*

Langan, John: College Writing Skills with Readings

Wren, P. C. & Martin, H.: High School English Grammar and Composition

Williams, A. M.: English Grammar and Composition

# তৃতীয় বর্ষ

# তৃতীয় বর্ষ: পঞ্চম সেমিস্টার

**Course Code :** BANG-301
**Course title :** বাংলা কবিতা-৩ [Bangla Poetry-3]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rational of the Course

সাহিত্যের শিক্ষার্থী হিসেবে দেশজ সাহিত্যধারা সঙ্গে পরিচয় আবশ্যক। সেই সাথে সাহিত্যের সামগ্রিক অনুধাবনের জন্য এর ধারাবাহিক বিকাশের ইতিবৃত্ত জানা অপরিহার্য।। এ- কোর্সটির সাথে পরিচয় ঘটলে প্রাচীন ও মধ্যযুগীয় বাংলা সাহিত্যের সঙ্গে পরিচয় ঘটবে। তাছাড়া কবিতা পাঠের বিশিষ্ট কলাকৌশল ও বৈশিষ্ট্য আছে। শিক্ষার্থীদের সে-বিশিষ্টতার সাথে পরিচিত হওয়া জরুরি। এই কোর্স অধ্যয়নের মাধ্যমে শিক্ষার্থীরা প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস এবং এর বৈশিষ্ট্য, প্রকরণ ও বৈচিত্র্য সম্পর্কে পরিপূর্ণ ধারণা অর্জন করতে পারবে।

## Course Objectives

বাংলা সাহিত্যের আদি বা প্রাচীন যুগের সাহিত্য অত্যন্ত ঋদ্ধ। বিশ্বের অনেক ভাষাতেই সাহিত্যের এই ঐতিহ্য নেই। বাংলা সাহিত্যের আদি নিদর্শন চর্যাপদ এই কোর্সে পাঠ্য। এরই ধারাবাহিকতায় পাঠ্য রয়েছে মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন শ্রীকৃষ্ণকীর্তন। মধ্যযুগের অন্য দুটি বিশিষ্ট ও প্রধান কাব্যধারা বৈষ্ণব কবিতা ও বাউল পদাবলিও এ কোর্সের অন্তর্ভুক্ত।

উল্লিখিত রচনাসমূহ অধ্যয়নের মাধ্যমে শিক্ষার্থীরা প্রাচীন ও মধ্যযুগের বাংলা কাব্যের ভাবজগৎ, রচনাবৈশিষ্ট্য ও ভাষা-ব্যবহার সম্পর্কে প্রত্যক্ষ জ্ঞান লাভ করতে সক্ষম হবে।

## Course Learning Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes (PLOs)

১. প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য পাঠের মধ্য দিয়ে ইতিহাস অনুসন্ধান করতে পারবে। দেশ ও জাতির অতীত সম্পর্কে জানতে পারবে। (পিএলও ১, ৪, ৬)

২. প্রাচীন ও মধ্যযুগের কবিতার রূপগত প্রকরণ সম্বন্ধে জানবে। (পিএলও ১, ২)

৩. প্রাচীন ও মধ্যযুগের কবিতা পাঠ ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় কুশলতা অর্জন করবে। (পিএলও ৩)

৪. প্রাচীন ও মধ্যযুগের সাহিত্যপাঠে ভাষার পূর্বরূপসম্বন্ধীয় জ্ঞানলাভ হবে, এবং ভাষার বিবর্তন ও চলমানতা সম্পর্কে জানবে। (পিএলও ১,২,৩)

৫. প্রাচীন ও মধ্যযুগের সমাজ-দর্শন-রাজনীতি-মনস্তত্ত্ব-সংস্কৃতি সম্পর্কে সচেতনতা লাভ করবে। (পিএলও ৪. ৬)

৬. মধ্যযুগের সঙ্গে প্রতিতুলনায় সমকালের সমাজ-রাজনীতি-সংস্কৃতি সম্পর্কে জানবে। (পিএলও ৪, ৫, ৬)

## Recommended Readings

[ক] চর্যাপদ: মুহম্মদ শহীদুল্লাহ্ সম্পাদিত *Buddhist Mystic Songs*

[নির্বাচিত পদ: ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ১০, ১৩, ১৮, ২৮, ৩৩, ৪০, ৪৯, ৫০]

[খ] *বড়ু চণ্ডীদাসের কাব্য* [বংশীখণ্ড ও রাধাবিরহ]: মুহম্মদ আবদুল হাই ও আনোয়ার পাশা সম্পাদিত

[গ] বৈষ্ণব কবিতা [মুহম্মদ আবদুল হাই ও আহমদ শরীফ সম্পাদিত *মধ্যযুগের বাঙলা গীতিকবিতা*]

[নির্বাচিত পদ: ১৩, ২৫, ৪৭, ৫২, ৫৪, ৫৭, ৬১, ৮৩, ৮৪, ৮৫, ৯৩, ১১৫, ১২৪, ১৪৮, ১৫০, ১৫৪, ১৬৫, ১৭৭, ১৮৮, ১৮৯, ১৯০, ১৯৪, ২৪৭, ২৪৯, ২৫০, ২৭৮, ২৮০, ২৮৬, ২৯১, ২৯৯]

[ঘ] বাউল পদাবলি [মুহম্মদ আবদুল হাই ও আহমদ শরীফ সম্পাদিত *মধ্যযুগের বাঙলা গীতিকবিতা*]

[নির্বাচিত পদ: ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ১০, ১২, ১৩, ১৮, ১৯ ২০, ৩৫, ৩৬, ৩৮, ৪১, ৪৫, ৫০, ৫৫, ৭৪, ৮০, ৮২, ৯১]

## Supplementary Readings

অতুলচন্দ্র মুখোপাধ্যায়: গৌড়ীয় বৈষ্ণবকাব্য

অমিত্রসূদন ভট্টাচার্য: বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন [ভূমিকাংশ]

অরবিন্দ পোদ্দার: মানবধর্ম ও বাংলা কাব্যে মধ্যযুগ

আনিসুজ্জামান: স্বরূপের সন্ধানে
আহমাদ মাজহার ও পারভেজ হোসেন (সম্পাদক): লালন ফকির: পাঠ ও বিবেচনা
উপল তালুকদার: বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন [ভূমিকাংশ]; শ্রীকৃষ্ণকীর্তন: কাব্যপাঠ ও জিজ্ঞাসা
এস. এম. লুৎফর রহমান: বাউলতত্ত্ব ও বাউলগান
ক্ষুদিরাম দাস: বৈষ্ণব-রসপ্রকাশ
ক্ষেত্র গুপ্ত: প্রাচীন কাব্য: সৌন্দর্যজিজ্ঞাসা ও নব-মূল্যায়ন
তারাপদ মুখোপাধ্যায়: চর্যাগীতি; শ্রীকৃষ্ণকীর্তন
নীলরতন সেন: চর্যাগীতিকোষ; বৈষ্ণব পদাবলী পরিচয়
নীলিমা ইব্রাহিম: শ্রীকৃষ্ণকীর্তন কাব্যপাঠের ভূমিকা
বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ (সম্পাদক): বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন
বিমানবিহারী মজুমদার: ষোড়শ শতাব্দীর পদাবলী সাহিত্য
বেগম আকতার কামাল: কবিতার নান্দনিকতা: প্রাচীন ও মধ্যযুগ
ব্রজেন্দ্রনাথ ভট্টাচার্য: পদাবলী পরিচয়
শক্তিনাথ ঝা: বস্তুবাদী বাউল: উদ্ভব সমাজ সংস্কৃতি ও দর্শন
শঙ্করীপ্রসাদ বসু: মধ্যযুগের কবি ও কাব্য; চণ্ডীদাস ও বিদ্যাপতি
শশিভূষণ দাশগুপ্ত: শ্রীরাধার ক্রমবিকাশ: দর্শনে ও সাহিত্যে; Obscure Religious Cults
সুকুমার সেন: চর্যাগীতি; বৈষ্ণবীয় নিবন্ধ
সুধীর চক্রবর্তী: গভীর নির্জন পথ; বিচিত্র লোকায়ত
সৈয়দ মোহাম্মদ শাহেদ: নতুন চর্যাপদ
হরপ্রসাদ শাস্ত্রী: হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা
হরেকৃষ্ণ মুখোপাধ্যায়: পদাবলী পরিচয়
S K De: History of Vaishnava Faith and Movement in Bengal

**Course Code :** BANG-302
**Course title :** বাংলা প্রবন্ধ–১ [Bangla Essay-1]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

জীবন ও শিল্পভাবনার মননশীল প্রকাশ ঘটে প্রবন্ধে। স্নাতক পর্যায়ে একজন শিক্ষার্থীকে বিশ শতকের ছয়জন গুরুত্বপূর্ণ প্রাবন্ধিকের সাথে পরিচিত করাই বর্তমান কোর্সের অন্তর্গত বিষয়। শিক্ষার্থীদের চিন্তাজগতের প্রসার ও ব্যাপ্তি এবং তাদের আধুনিক মানসের সঙ্গে পরিচিত করার উদ্দেশ্যে এই কোর্স পাঠ করা জরুরি। শিক্ষার্থীদের সমালোচনা-দক্ষতা বৃদ্ধিতে এই কোর্স প্রয়োজনীয় ভূমিকা পালন করবে। সেইসঙ্গে বিশ শতকের আর্থ সামাজিক-রাজনৈতিক প্রেক্ষাপট সম্পর্কে একটি বিশদ ধারণা দেবে বর্তমান কোর্স।

## Course Objectives

এই কোর্স পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা তাঁদের চিন্তাজগতের প্রসারণ ঘটাতে পারবে। সাহিত্য-সমালোচনা সম্পর্কে অবগত হবে। কোর্স পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা প্রবন্ধ পঠন ও বিশ্লেষণ এবং তাত্ত্বিক চিন্তা সম্পর্কে জানতে পারবে।

সাহিত্য সম্পর্কে প্রাবন্ধিকদের তাত্ত্বিক চিন্তা ও ভাবনা শিক্ষার্থীদের নতুন জ্ঞানার্জনের পথ সুগম করবে এবং কুশলতা অর্জন করবে।

বাঙালির শ্রেষ্ঠ সাহিত্যিক রবীন্দ্রনাথ ঠাকুর, প্রমথ চৌধুরী, অবনীন্দ্রনাথ ঠাকুর, রোকেয়া সাখাওয়াৎ হোসেন, কাজী আবদুল ওদুদ, অন্নদাশঙ্কর রায় – এই ছয়জনের উপস্থাপিত প্রবন্ধ পাঠ শিক্ষার্থীদের উপর্যুক্ত প্রাবন্ধিকদের চিন্তার জগৎ সম্পর্কে ধারণা দেবে।

তাদের চিন্তা ও বোধ বিশ শতকের বাঙালির আর্থ-সামাজিক রাজনৈতিক পরিচয় উন্মুক্ত করবে।

ইতিহাসের অনেক দ্বন্দ্ব ও বিভ্রান্তি দূরীভূত হবে। শিক্ষার্থীরা শিল্প সাহিত্যের নানা উপাদান ও ভাবনা সম্পর্কে পরিচিত হতে পারবে।

শিক্ষার্থীরা ছয়জন প্রাবন্ধিকের চেতনাজগৎ দ্বারা নিজেদের চেতনাজগৎকে ঋদ্ধ করতে পারবে।

## Course Learing Outcomes [CLOs] and Mapping of CLOs with Program Learning outcomes [PLOs]

## Course Learing Outcomes [CLOs]

১. শিক্ষার্থীরা প্রাবন্ধিকদের ভাষাচিন্তা, গদ্যশৈলী, উপস্থাপনরীতি ও করণকৌশল সম্পর্কে কুশলতা অর্জন করবে। (২, ৩)
২. প্রবন্ধ বিশ্লেষণ এবং প্রাবন্ধিকদের সময়কাল সম্পর্কে গভীর ধারণা উপলব্ধি করবার ক্ষমতা অর্জন করবে। (৪, ৫)

৩. প্রবন্ধ পাঠের মধ্য দিয়ে সাহিত্য-সমাজ-দর্শন-রাজনীতি-মনস্তত্ত্ব ও সাংস্কৃতিক পরিমণ্ডল সম্পর্কে সম্যক ধারণা পাবে। (৪)
৪. বিশ্লেষণ ও উদ্ভাবনী কুশলতার মধ্য দিয়ে প্রাবন্ধিকদের চেতনা ও কালিক পরিপ্রেক্ষিতকে শিক্ষার্থীরা সমকালীন জাতীয় ও আন্তর্জাতিক ঘটনার আলোকে প্রাসঙ্গিক করে তুলবার ক্ষমতা অর্জন করবে। (২, ৬)

## Recommended Readings

**[ক]**

**১.** রবীন্দ্রনাথ ঠাকুর

নির্বাচিত প্রবন্ধ: শ্রাবণসন্ধ্যা; নববর্ষা; সাহিত্যসৃষ্টি; সাহিত্য; স্বদেশী সমাজ; শিক্ষার মিলন; কালান্তর; সভ্যতার সংকট; সাহিত্যতত্ত্ব; ভাষার কথা।

২. প্রমথ চৌধুরী

নির্বাচিত প্রবন্ধ: জয়দেব; সবুজপত্র; সাহিত্যে খেলা; বই পড়া; চিত্রাঙ্গদা; সাধুভাষা বনাম চলিত ভাষা; আমাদের ভাষাসংকট; যৌবনে দাও রাজটিকা; রূপের কথা; বর্ষা।

৩. অবনীন্দ্রনাথ ঠাকুর

*বাগেশ্বরী শিল্প প্রবন্ধাবলী* গ্রন্থের নির্বাচিত প্রবন্ধ: শিল্পের অধিকার; শিল্প ও ভাষা; সুন্দর; অসুন্দর; জাতি ও শিল্প; আর্য ও অনার্য শিল্প; রূপ; ভাব; লাবণ্য; সাদৃশ্য।

[খ]

৪. রোকেয়া সাখাওয়াত হোসেন

নির্বাচিত প্রবন্ধ: স্ত্রী-জাতির অবনতি; নিরীহ বাঙ্গালী; অর্দ্ধাঙ্গী; সুগৃহিণী; বোরকা; গৃহ; রসনা-পূজা; আশা-জ্যোতিঃ; দজ্জাল; সুবেহ সাদেক।

৫. কাজী আবদুল ওদুদ

নির্বাচিত প্রবন্ধ: কালিদাস ও রবীন্দ্রনাথ; শতবর্ষ পরে রামমোহন; নজরুল ইসলাম; গ্যেটে; বাংলার জাগরণ; রস ও ব্যক্তিত্ব; সংস্কৃতির কথা; কোরআনের আল্লাহ্; সম্মোহিত মুসলমান; ব্যর্থতার প্রতিকার।

৬. অন্নদাশঙ্কর রায়

নির্বাচিত প্রবন্ধ: নীতিজিজ্ঞাসা; হিন্দু-মুসলমান; সেক্যুলারিজম; সেক্যুলার স্টেট; বাংলার রেনেসাঁস: পুনর্ভাবনা; রেনেসাঁস ও রবীন্দ্রনাথ; আর্ট কী ও কী নয়; রস আর আলো; সংস্কৃতি ও শিক্ষা; বাঙালীর ভবিষ্যৎ।

[প্রতি অংশ থেকে দুজন করে মোট ৪জন প্রবন্ধকারের প্রবন্ধ পড়ানো হবে।]

## Supplementary Readings

অধীর দে: আধুনিক বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারা

অরুণকুমার মুখোপাধ্যায়: বাংলা গদ্যরীতির ইতিহাস

অরুণকুমার বসু (সম্পাদক): বাংলা গদ্য জিজ্ঞাসা

অসিতকুমার বন্দ্যোপাধ্যায়: সাহিত্যজিজ্ঞাসায় রবীন্দ্রনাথ

আবদুল মান্নান সৈয়দ: বেগম রোকেয়া

খোন্দকার সিরাজুল হক: মুসলিম সাহিত্যসমাজ: সমাজচিন্তা ও সাহিত্যকর্ম

গোলাম মুরশিদ: নারীপ্রগতির একশো বছর: রাসসুন্দরী থেকে রোকেয়া

ধীমান দাশগুপ্ত: চিরহরিৎবৃক্ষ অন্নদাশঙ্কর

ধীমান দাশগুপ্ত (সম্পা.): মনস্বী অন্নদাশঙ্কর

নীহাররঞ্জন রায়: রবীন্দ্রসাহিত্যের ভূমিকা

বেগম আকতার কামাল: রবীন্দ্রনাথ: যেথায় যত আলো; রবীন্দ্রনাথের ব্রহ্মভাবনা

ভূদেব চৌধুরী: বাংলা সাহিত্যের ইতিকথা (২য় খণ্ড)

মিহির মুসাকী: কাজী আবদুল ওদুদের জীবনজিজ্ঞাসা ও সাহিত্যাদর্শ

মোরশেদ শফিউল হাসান: পূর্ব বাঙলায় চিন্তাচর্চা: দ্বন্দ্ব ও প্রতিক্রিয়া ১৯৪৭-১৯৭০; বেগম রোকেয়া: সময় ও সাহিত্য

মোহাম্মদ শাকেরউল্লাহ (সম্পাদক): রোকেয়া মানস ও সাহিত্য মূল্যায়ন

শঙ্খ ঘোষ: নির্বাচিত প্রবন্ধ: রবীন্দ্রনাথ

শিবনারায়ণ রায় (সম্পাদক): বিবেকী শিল্পী অন্নদাশঙ্কর

সত্যেন্দ্রনাথ রায়: সাহিত্য সমালোচনা: বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ; রবীন্দ্রনাথের বিশ্বাসের জগৎ

সন্দীপক মল্লিক: অন্নদাশঙ্কর রায়: সাহিত্য ও প্রাসঙ্গিক ভাবনা

সাঈদ-উর রহমান (সম্পাদক): ওদুদচর্চা

সুকুমার সেন: বাঙ্গালা সাহিত্যে গদ্য; বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (৩য়-৫ম খণ্ড)

সুরজিৎ দাশগুপ্ত: শতাব্দীর অতন্দ্র প্রহরী অন্নদাশঙ্কর রায়

সৈয়দ আজিজুল হক (সম্পাদক): রবীন্দ্রনাথ ঠাকুর ॥ শ্রেষ্ঠ প্রবন্ধ (ভূমিকাংশ)

হুমায়ুন আজাদ: রবীন্দ্রপ্রবন্ধ: রাষ্ট্র ও সমাজচিন্তা

**Course Code :** BANG-303
**Course title :** বাংলা উপন্যাস-২ [Bangla Novel-2]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

শিক্ষার্থীকে উপন্যাসের আঙ্গিকের উদ্ভব ও ক্রমবিকাশ, বিভিন্ন ঔপন্যাসিক ও তাঁদের জীবনদর্শন, উপন্যাসের প্রকারভেদসহ বৈশিষ্ট্য বিষয়ে ধারণা প্রদান এবং দৈনন্দিন ও পেশাগত জীবনে স্বতঃস্ফূর্ততার মাধ্যমে অভিব্যক্তি প্রকাশে দক্ষ করে গড়ে তোলা।

## Course objectives

1) উপন্যাসের সংজ্ঞা ও পরিসর, শ্রেণিবিভাগ ও তত্ত্ব সম্পর্কে পাঠ দেওয়া।
2) বাংলা উপন্যাসের উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে ধারণা দেওয়া।
3) বাংলার উল্লেখযোগ্য ঔপন্যাসিক ও তাঁদের জীবনদর্শন সম্পর্কে ধারণা দেওয়া।
4) উপন্যাসের নিবিড় পঠন ও পঠন বিশ্লেষণ করে লেখার রীতি ও কৌশল শেখানো।
5) বাংলা উপন্যাসের বৈশিষ্ট্য, চরিত্রায়ণ কৌশল ও ভাষাগত প্রয়োগ সম্পর্কে ধারণা প্রদান করা।
6) উপন্যাসের সাহিত্যতত্ত্ব বিষয়ে ধারণা দেওয়া।

## Course Learning Outcomes (CLOs)

১. পাঠক্রমভূক্ত উপন্যাসসমূহের বিষয়, গঠনশৈলী সম্পর্কে শিক্ষার্থী অনুধাবন করতে পারবে।
২. শিক্ষার্থী ব্যবহারিক ও কর্মজীবনে উপন্যাস পাঠের প্রয়োজনীয়তা, এর প্রয়োগবিধি ও কৌশল বর্ণনা করতে পারবে এবং সঠিকভাবে ব্যবহার করতে পারবে।
৩. ছাত্রছাত্রীরা উপন্যাসে ব্যবহৃত থিম ও রচনাকৌশলের মূল্যায়নে সিদ্ধহস্ত হবে।
৪. পাঠক্রমভুক্ত উপন্যাসসমূহ পাঠ করে শিক্ষার্থী উপন্যাস সম্পর্কে নিজস্ব মূল্যায়ন উপস্থাপন করতে পারবে।
৫. আধুনিক বাংলা উপন্যাস পাঠে দেশকাল ও সাহিত্য সম্পর্কে সচেতন হবে।
৬. আধুনিক বাংলা উপন্যাসে সমাজচিন্তার রূপরেখা নির্মাণ সম্পর্কে জানতে পারবে।
৭. লেখকের জীবনদর্শনের সম্যক পরিচয় লাভ করবে।
৮. বাংলা সাহিত্যের ঔপন্যাসিকদের বিশ্ববীক্ষা ও অবদান সম্পর্কে শিক্ষার্থী নিজস্ব মূল্যায়ন উপস্থাপন করতে পারবে।

৯. আধুনিক উপন্যাসের ভাষারীতি সম্পর্কে আগ্রহী হবে।
১০. উপন্যাস পাঠে জীবনচেতনা ও চিরায়ত জীবনবোধে পুষ্ট হবে শিক্ষার্থীমন।

## Recommended Readings

[ক] মীর মশাররফ হোসেন: *বিষাদ-সিন্ধু*

[খ] কাজী ইমদাদুল হক: *আবদুল্লাহ*

[গ] কাজী নজরুল ইসলাম: *মৃত্যুক্ষুধা*

[ঘ] হুমায়ুন কবির: *নদী ও নারী*

## Supplementary Readings

আনিসুজ্জামান: মুসলিম-মানস ও বাংলা সাহিত্য
আবুল আহসান চৌধুরী: মীর মশাররফ হোসেনের সাহিত্যকর্ম ও সমাজচিন্তা
কাজী আবদুল ওদুদ: শাশ্বত-বঙ্গ
বিশ্বজিৎ ঘোষ (সম্পাদক): বিষাদ-সিন্ধু [ভূমিকাংশ]
মাসুদ রহমান: হুমায়ুন কবির: জীবন ও সাহিত্য
মুনীর চৌধুরী: মীর-মানস
মুস্তাফা নূরউল ইসলাম: নজরুল ইসলাম: নানা প্রসঙ্গ; মুসলিম বাংলা সাহিত্য
মোহাম্মদ শাকেরউল্লাহ (সম্পাদক): ঊষালোকে, নদী ও নারী সংখ্যা
রফিকউল্লাহ খান: বাংলাদেশের উপন্যাস: বিষয় ও শিল্পরূপ
রাজিয়া সুলতানা: কথাশিল্পী নজরুল
শাহরিয়ার ইকবাল: হুমায়ুন কবির
সৈয়দ আবুল মকসুদ (সম্পাদক): কাজী ইমদাদুল হক রচনাবলী [১ম খণ্ড, ভূমিকাংশ]
হামিম কামরুল হক: মৃত্যুক্ষুধা: গতিপ্রকৃতি ও পাঠ বিবেচনা

**Course Code :** BANG-304
**Course title :** ভাষাবিজ্ঞান [Linguistics]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

ভাষার বিজ্ঞানভিত্তিক পঠনপাঠনের জন্য ভাষাবিজ্ঞান অধ্যয়ন করা জরুরি। ভাষার বৈশিষ্ট্য, ব্যবহার ও গতিপ্রকৃতি সম্পর্কে জানতে ভাষাবিজ্ঞান পড়তে হয়। ভাষা নিয়ে কাজ করার জন্য এবং পেশাগত জীবনে ভাষার শিক্ষক হিসেবে দায়িত্বপালনের জন্য বাংলা বিভাগের শিক্ষার্থীদের ভাষাবিজ্ঞান চর্চার উপযোগিতা রয়েছে। এসব বিষয়ের দিকে লক্ষ রেখে পাঠক্রমে ভাষাবিজ্ঞানের কোর্সগুলো পরিকল্পিত হয়েছে।

ভাষা আলোচনার প্রধান চারটি অংশের মধ্যে ধ্বনি বিষয়ক আলোচনা অন্তর্ভুক্ত হয়েছে আগের একটি কোর্সে। ভাষাবিজ্ঞানের অন্য বিষয় ও প্রসঙ্গ বর্তমান কোর্সে দুটি অংশে ভাগ করে আলোচনা করা হবে। প্রথম অংশে আছে রূপমূল, বাক্য ও অর্থ বিষয়ক ধারণা। এ অংশ পড়ে শিক্ষার্থীরা এ তিনটি স্তর বিশ্লেষণের তত্ত্ব শিখে বাংলা ভাষাচর্চায় তার প্রয়োগ করতে শিখবে। কোর্সের দ্বিতীয় অংশে আছে প্রথাগত ব্যাকরণ, তুলনামূলক ও ঐতিহাসিক ভাষাতত্ত্ব, বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও রূপান্তরমূলক সৃষ্টিশীল ব্যাকরণ – ভাষাবিজ্ঞানের এই প্রধান চারটি ধারা নিয়ে আলোচনা। এছাড়া উপভাষাবিজ্ঞানের বিভিন্ন দিক সম্পর্কেও এ অংশে ধারণা দেওয়া হবে। এ কোর্স থেকে শিক্ষার্থীরা একদিকে ভাষাবিজ্ঞানের পরিধি সম্পর্কে জানতে পারবে, অন্যদিকে ভাষা-বিশ্লেষণের গুরুত্বপূর্ণ কাজগুলোর সাথে পরিচিত হবে।

## Course Objectives

এ কোর্সের মধ্য দিয়ে শিক্ষার্থীরা প্রথাগত ব্যাকরণ থেকে শুরু করে তুলনামূলক-ঐতিহাসিক ভাষাতত্ত্ব, বর্ণনামূলক সাংগঠনিক ভাষাবিজ্ঞান ও চমস্কি-প্রবর্তিত রূপান্তরমূলক সৃষ্টিশীল ব্যাকরণ সম্পর্কে ধারণা লাভ করবে।

শিক্ষার্থীরা ভাষার উপাদান, বিশেষ করে রূপমূল ও বাক্য বিশ্লেষণ করতে পারবে। তাছাড়া শব্দের অর্থ-প্রকাশ ও অর্থ-পরিবর্তনের কারণ উপলব্ধি করতে পারবে।

ভাষার বৈচিত্র্য পরিলক্ষিত হয় উপভাষার মধ্যে। উপভাষা সংগ্রহ ও বিশ্লেষণের পদ্ধতি সম্পর্কে অবগত হবে।

এই কোর্সে অধীত জ্ঞান পরবর্তী সময়ে বাংলা ভাষা বিশ্লেষণের ক্ষেত্রে শিক্ষার্থীদের সহায়তা করবে।

## Course Learing Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes (PLOs)

১। ভাষাবিজ্ঞান চর্চার ধারা ও ইতিহাস সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করবে। (পিএলও ১, ২)

২। ভাষার বিভিন্ন উপদানের আন্তঃসম্পর্ক ও বৈশিষ্ট্য সম্পর্কে জানবে। (পিএলও ২)

৩। শিক্ষার্থীরা ভাষাবিজ্ঞান চর্চার প্রণালি ও পদ্ধতি সম্পর্কে শিখবে। (পিএলও ২, ৩)

৪। ভাষা-বিশ্লেষণে ও ভাষা-গবেষণায় অধীত পদ্ধতির প্রয়োগ করতে পারবে। (পিএলও ৩, ৫, ৬)

## Recommended Readings

**[ক]**

**রূপমূলতত্ত্ব:** রূপমূলের সংজ্ঞার্থ; অক্ষর, রূপমূল ও শব্দের মধ্যে সম্পর্ক; বিভিন্ন ধরনের রূপমূলের পরিচয়; সহরূপমূল ও শূন্য সহরূপমূলের ধারণা; রূপমূল বিভাজনে সমস্যা; রূপমূল শনাক্তকরণে নাইডা-নির্দেশিত মাপকাঠি; বিভিন্ন ভাষার রূপমূল শনাক্তকরণ।

**বাক্যতত্ত্ব:** ভাষার বাক্যবিন্যাস; বাক্যগঠনের সূত্র ও শুদ্ধতা; বাক্যসংগঠন ও পদক্রম; বাক্যের উপাদান বিশ্লেষণ; অব্যবহিত ও অন্তিম উপাদান; বৃক্ষচিত্র ও পুনর্লিখন সূত্র; বৃক্ষচিত্রে বাক্যের সংগঠন; রূপান্তরমূলক সৃষ্টিশীল ব্যাকরণ: চমস্কীয় ব্যাকরণ; ভাষাবোধ ও ভাষাপ্রয়োগ; গভীরতল ও উপরিতল সংগঠন; বাক্য-উৎপাদন; ভাষার ক্রমপরিবর্তন।

**বাগর্থবিজ্ঞান:** শব্দার্থ ও বাগর্থ; শব্দের অর্থগত বৈশিষ্ট্য; আর্থক্ষেত্র ও আর্থ-পরিধি; সমার্থক শব্দ, সমোচ্চারিত শব্দ ও বিপরীত শব্দ; অর্থ ও বাগধারা; অর্থপরিবর্তনের কারণ, প্রকারভেদ ও বৈচিত্র্য।

**[খ]**

**ভাষাবিজ্ঞানচর্চার বিভিন্ন ধারা:** প্রথাগত ব্যাকরণ; ফিলোলজি ও ভাষাতত্ত্ব; তুলনামূলক ও ঐতিহাসিক ভাষাবিজ্ঞান; বর্ণনামূলক ভাষাবিজ্ঞান; ভাষাচর্চায় ব্লুমফিল্ড ও সোস্যুরের অবদান; রূপান্তরমূলক সৃষ্টিশীল ব্যাকরণ, বাখতিন স্কুলের ভাষা-চিন্তা।

**তুলনামূলক ও ঐতিহাসিক ভাষাবিজ্ঞান:** কালানুক্রমিক পদ্ধতি; ভাষাবংশ; ইন্দো-ইউরোপীয় ভাষা; ধ্বনি-পরিবর্তনের কারণ ও প্রক্রিয়া; ধ্বনি-পরিবর্তনের সূত্র; গ্রিম, গ্র্যাসম্যান ও ভার্নারের সূত্র; সাদৃশ্য; ভাষার শ্রেণিকরণের বিভিন্ন পদ্ধতি; ভাষার রূপমূলগত শ্রেণিকরণ; ভাষার নকশা; কৃতঋণ শব্দ; ভাষা পুনর্গঠন।

**উপভাষা পাঠ:** ভাষা, উপভাষা ও অপভাষা; ভাষা-সংযোগ ও ভাষার উপনিবেশ; উপভাষা সংগ্রহের পদ্ধতি; উপভাষার মানচিত্র; ভাষা-গবেষণা ও ভাষা-জরিপ; আঞ্চলিক ভাষার অভিধান।

## Supplementary Readings

আবুল কালাম মনজুর মোরশেদ: আধুনিক ভাষাতত্ত্ব

মনিরুজ্জামান: উপভাষাচর্চা

মহাম্মদ দানীউল হক: ভাষাবিজ্ঞানের কথা

মুহম্মদ আবদুল হাই: ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব

মুহম্মদ শহীদুল্লাহ্: বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত

মৃণাল নাথ: ভাষা ও সমাজ

রফিকুল ইসলাম: ভাষাতত্ত্ব

রাজীব হুমায়ুন: সমাজ ভাষাবিজ্ঞান

রামেশ্বর শ': সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা

সুকুমার সেন: ভাষার ইতিবৃত্ত

হুমায়ুন আজাদ: তুলনামূলক ও ঐতিহাসিক ভাষাবিজ্ঞান; বাক্যতত্ত্ব; অর্থবিজ্ঞান

Suniti Kumar Chatterji: The Origin and Development of the Bengali Language

David Crystal: A Dictionary of Linguistics and Phonetics; Linguistics

M. M. Bakhtin: ‘Discourse in the Novel’, in The Dialogic Imagination

Neil Smith and O. Wilson: Modern Linguistics

VN Volosinov: Marxism and the Philosophy of Language

# তৃতীয় বর্ষ: ষষ্ঠ সেমিস্টার

**Course Code :** BANG-305
**Course title :** বাংলা কবিতা−৪ [Bangla Poetry-4]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

বিশ শতকের তৃতীয় দশক থেকে বাংলা কবিতা নতুন বাঁক নেয়।জীবনানন্দ দাশ,সুধীন্দ্রনাথ দত্ত,আমিয় চক্রবর্তী,বুদ্ধদেব বসু ও বিষ্ণু দে-বাংলা সাহিত্যে যাঁরা পঞ্চপান্ডব নামে অভিহিত এই ধারার আধুনিক বাংলা কবিতার এই প্রবণতা বাংলাদেশের কবিদের মধ্যেও সম্প্রসারিত হয়েছে।আহসান হাবীব,শামসুর রহমান,শহীদ কাদরী প্রমুখ কবি এঁদের মধ্যে বিশিষ্ট।এই কোর্সে অধ্যয়নের মাধ্যমে শিক্ষার্থীরা বিশ শতকের তিরিশোত্তর বাংলা কবিতার গতি প্রকৃতি ও উৎকর্ষ সম্পর্কে জ্ঞান লাভ করবে। সেই সঙ্গে বাংলাদেশের বিশিষ্ট কবিদের কাব্য সম্পর্কেও তাদের সম্যক ধারণা হবে।

## Course objectives

1) বাংলা ভাষা ও সাহিত্যের বিদ্যমান জ্ঞানজগৎ সম্পর্কে শিক্ষার্থীদের পরিচ্ছন্ন ধারণা তৈরি কবিতা পাঠের মাধ্যমে।

2) বাংলা ভাষা ও সাহিত্যের বহুমাত্রিক রূপবৈচিত্র্য,উপস্থাপনা,সাহিত্যের নানামাত্রিক প্রকরণ,অন্তর্নিহিত তাৎপর্য সম্পর্কেসম্যক ধারণা লাভ করবে।

3) আধুনিক বাংলা কবিতার পঠন-পাঠন সম্পর্কে স্বচ্ছ ধারণা তৈরি হবে।

4) কবিতা সৃষ্টিশীল সাহিত্যের একটি প্রধান ধারা। বাংলা সাহিত্যের বিদ্যার্থীদের জন্য কবিতা অনুধাবন ও এর বিশ্লেষণী ক্ষমতা অর্জন করা গুরুত্বপূর্ণ। এই কোর্সটি এ ক্ষমতা অর্জন করতে সহায়তা করবে।

5) আধুনিক কবিতার বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা অর্জনসহ কবি হিসেবে আধুনিক কবিদের কাব্যনির্মাণ বৈশিষ্ট্য সম্পর্কে জানতে পারবে।

6) আধুনিক কবিদের অবদান সম্পর্কে ধারণা অর্জন করে পাঠ্য কাব্যসমূহ বিশ্লেষণ করতে সক্ষম হবে।

## Course Learning Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes (PLOs)

১. এই কোর্সের মাধ্যমে আধুনিক কবিতা অনুধাবন এবং এর বিশ্লেষণী ক্ষমতা অর্জন করতে পারবে।

২. আধুনিক কবিতার বৈশিষ্ট্য অনুধাবন করতে পারবে।

৩. আধুনিক কাব্যস্রষ্টাদের কাব্যনির্মাণ কৌশল এবং প্রবণতা সম্পর্কে জানতে পারবে।

৪. আধুনিক বাংলা কবিতা পাঠের মাধ্যমে বাঙালি সমাজ, সংস্কৃতি, দর্শন, রাজনীতি, মনস্তত্ত্ব সম্পর্কে শিক্ষার্থীরা জানতে পারবে।

৫. কবিতায় অভিব্যক্ত হয় যে জীবনের বহুমাত্রিক অনুরণন,সে সম্পর্কে বিশ্লেষণী দৃষ্টি অর্জন করতে সক্ষম হবে।

৬. আধুনিক কাব্যধারার অন্যতম কবি জীবনানন্দ দাশ কবিতার সাহিত্যিক প্রকরণ,মনস্তত্ত্ব,প্রবণতা সর্বোপরি কবিমানস সম্পর্কে স্বচ্ছ ধারণা পাবে।

৭. এই কোর্সের মাধ্যমে চল্লিশের দশকের কবি আহসান হাবীবের কাব্যপ্রতীতি এবং প্রকরণ সম্পর্কে স্পষ্ট ধারণা পাবে। কবিতা যে স্বদেশ, মৃত্তিকা, মানুষ, ঐতিহ্য, রাষ্ট্রনীতি সর্বোপরি জীবনবোধকে ধারণ করে তা জানতে পারবে।

৮. পঞ্চাশ ও ষাটের দশকের প্রতিনিধিত্বশীল কবি শামসুর রাহমানের কাব্যনির্মাণ কৌশল,সাংগঠনিক সৌন্দর্য অনুধাবনের পাশাপাশি নাগরিক মন ও মনন সম্পর্কে জ্ঞান লাভ করবে শিক্ষার্থীরা।

৯. আধুনিক নগর বিশ্বের এবং মনোবিশ্বর জটিল কবি শহীদ কাদরীর কবিতায় আধুনিক মানুষের ব্যক্তিগত যন্ত্রণা, হতাশা, অপ্রাপ্তি, ক্ষোভ, যাতনা, সীমাবদ্ধতার নিখুঁত রূপায়ণ সম্পর্কে অবগত হবে শিক্ষার্থীরা।

## Recommended Readings

[ক] জীবনানন্দ দাশ: *বনলতা সেন, রূপসী বাংলা*

[খ] আহসান হাবীব: *রাত্রিশেষ, সারাদুপুর*

[গ] শামসুর রাহমান: *রৌদ্র করোটিতে, ইকারুসের আকাশ*

[ঘ] শহীদ কাদরী: *উত্তরাধিকার, তোমাকে অভিবাদন প্রিয়তমা*

## Supplementary Readings

অমলেন্দু বসু: জীবনানন্দ

অম্বুজ বসু: একটি নক্ষত্র আসে

অমরেন্দ্র চক্রবর্তী (সম্পাদক): কবিতা পরিচয়

অরুণকুমার সরকার: তিরিশের কবিতা ও পরবর্তী

অলোকরঞ্জন দাশগুপ্ত এবং দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়: আধুনিক কবিতার ইতিহাস

অশ্রুকুমার সিকদার: আধুনিক কবিতার দিগ্বলয়; চোখের দুটি তারা: দুই বাংলার কবিতা

আবদুল মান্নান সৈয়দ: শুদ্ধতম কবি; করতলে মহাদেশ; দশ দিগন্তের দ্রষ্টা

আবিদ আনোয়ার: বাঙলা কবিতার আধুনিকায়ন; বরেণ্য কবিদের নির্মাণকলা

আহমদ রফিক: বাংলাদেশের কবিতা: দশক ভাঙা বিচার

ইকবাল হাসান (সম্পাদক): শহীদ কাদরী: কবি ও কবিতা

খোন্দকার আশরাফ হোসেন: বাংলাদেশের কবিতা: অন্তরঙ্গ অবলোকন

জহরসেন মজুমদার: জীবনানন্দ: অন্ধকারের চিত্রনাট্য

তারেক রেজা: আহসান হাবীব: কবি ও কবিতা

তুষার দাশ: নিঃশব্দ বজ্র: আহসান হাবীব-এর কবিতা

দীপ্তি ত্রিপাঠী: আধুনিক বাংলা কাব্য পরিচয়

বারীন্দ্র বসু: বোদলেয়ার থেকে এলিয়ট্ ও বাঙ্‌লা কবিতা

বায়তুল্লাহ্ কাদেরী: বাংলাদেশের ষাটের দশকের কবিতা: বিষয় ও প্রকরণ; কবিতার শব্দ-সাঁকো

বাসন্তীকুমার মুখোপাধ্যায়: আধুনিক বাংলা কবিতার রূপরেখা

বেগম আকতার কামাল: জীবনানন্দ: কথার গর্বে কবিতা; শামসুর রাহমানের কবিতা: অভিজ্ঞান ও সংবেদ

মঞ্জুভাষ মিত্র: আধুনিক বাংলা কবিতায় ইউরোপীয় প্রভাব

মাহবুব সাদিক: জীবনানন্দ: কবিতার নান্দনিকতা

মীজানুর রহমান (সম্পাদক): মীজানুর রহমানের ত্রৈমাসিক পত্রিকা, শামসুর রাহমান সংখ্যা

মোহাম্মদ মনিরুজ্জামান: আধুনিক বাংলা কবিতা: প্রাসঙ্গিকতা ও পরিপ্রেক্ষিত

রফিকউল্লাহ খান: বাংলাদেশের কবিতা: সমবায়ী স্বতন্ত্র স্বর

রফিকউল্লাহ খান (সম্পাদক): জীবনানন্দ দাশ: মৃৎপত্রে নীলোচ্ছ্বাস

শামসুজ্জামান খান (সম্পাদক): অভিবাদন শহীদ কাদরী; শামসুর রাহমান স্মারকগ্রন্থ
শুদ্ধসত্ত্ব বসু: আধুনিক বাংলা কবিতার গতি-প্রকৃতি
সঞ্জয় ভট্টাচার্য: জীবনানন্দ
সরোজ বন্দ্যোপাধ্যায়: বাংলা কবিতার কালান্তর
সৈয়দ আলী আহসান: আধুনিক বাংলা কবিতা: শব্দের অনুষঙ্গে
হাসান হাফিজুর রহমান: আধুনিক কবি ও কবিতা
হুমায়ুন আজাদ: শামসুর রাহমান: নিঃসঙ্গ শেরপা

**Course Code :** BANG-306
**Course title :** মনোবিজ্ঞান [Psychology]
**Course Type :** GED Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

মনোবিজ্ঞান কাজ করে মানুষের ব্যষ্টিক ও সামষ্টিক মনস্তত্ত্ব নিয়ে। এ শাস্ত্রের সাথে পরিচয় শিক্ষার্থীর ব্যক্তিগত ও সামষ্টিক অস্তিত্বের সচেতনতা বৃদ্ধি করে। বর্তমান কোর্সটি সাজানো হয়েছে মনোবিজ্ঞানের বুনিয়াদি ধারণাগুলোর সমবায়ে। বাংলা সাহিত্যের শিক্ষার্থীদের জন্য এ পদ্ধতিগত পড়াশোনার আরেকটি বড় দিক আছে। সাহিত্য ব্যক্তিগত ও সামাজিক-সামষ্টিক মন নিয়ে গভীরভাবে লিপ্ত হয়। মন-পাঠের পরিভাষা ও পদ্ধতিগত পরিচয়ের মধ্য দিয়ে সাহিত্যে প্রতিফলিত মনোজাগতিক বাস্তবতা ও জটিলতা অধিকতর নিপুণভাবে উপলব্ধি করা সম্ভব। কাজেই একদিকে সাধারণ মানবিক সচেতনতা বৃদ্ধি, অন্যদিকে সাহিত্যের বিচার-বিশ্লেষণে কুশলী হয়ে ওঠার জন্য মনোবিজ্ঞান পাঠ উপকারী।

## Course Objectives

এ কোর্স পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা মনোবিজ্ঞানের শাস্ত্রীয় জ্ঞানের সাথে পরিচিত হবে। পরিভাষা ও পদ্ধতির দিক থেকে শাস্ত্রটির সাথে প্রাথমিক পরিচয় ঘটবে। এর ফলে ব্যক্তি-জীবনে এবং সামজিক-সামষ্টিক পরিস্থিতিতে অধিকতর দক্ষতার সাথে অবস্থা ও অবস্থানের সাথে একাত্ম হওয়ার সুযোগ বাড়বে। সাহিত্যে প্রতিফলিত মনস্তাত্ত্বিক অবস্থা এবং সংকট উপলব্ধি ও বিশ্লেষণে অধিকতর কুশলী হবে।

## Course Learing Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes (PLOs)

১। মনোবিজ্ঞানের ভাষা ও প্রণালি-পদ্ধতি প্রয়োগ করে বিচার-বিশ্লেষণে কুশলী হবে। (পিএলও ৩, ৪)

২। সাহিত্যের পঠন-পাঠনে মনোবিদ্যার জ্ঞান প্রয়োগ করতে পারবে। (পিএলও ৩, ৪)

৩। ব্যক্তিগত ও সামষ্টিক জীবনে পরিস্থিতি বিশ্লেষণ ও উপলব্ধি করে সিদ্ধান্ত নিতে পারবে। (পিএলও ৪, ৫, ৬)

৪। বৃহত্তর পরিসরে ভূমিকা-পালন ও নেতৃত্বদানে সক্ষম হবে। (পিএলও ৪, ৫, ৬)

## Recommended Readings

ক. মনোবিজ্ঞানের সংজ্ঞার্থ ও স্বরূপ

মনস্তাত্ত্বিক মতবাদ: অনুষঙ্গবাদ, কাঠামোবাদ, ক্রিয়াবাদ, আচরণবাদ, সমগ্রতাবাদ, মনঃসমীক্ষণ তত্ত্ব, অস্তিত্ববাদ; আচরণ; প্রত্যক্ষণ; প্রেষণা, আবেগ ও অনুভূতি; শিক্ষণ, স্মৃতি ও বিস্মৃতি; বুদ্ধি ও ব্যক্তিত্ব

খ. সমাজ-মনোবিজ্ঞান
অস্বাভাবিক মনস্তত্ত্ব

## Supplementary Readings

অরুণকুমার রায়চৌধুরী: অস্বাভাবিক মনস্তত্ত্ব

ইরা সেনগুপ্ত: আধুনিক মনোবিজ্ঞান

জহিরুল হক: সমাজ-মনোবিজ্ঞান

নীহাররঞ্জন সরকার: মনোবিজ্ঞান ও জীবন; পরীক্ষা ও পরিমাপণ

মো. আফসার উদ্দীন: সাধারণ মনোবিজ্ঞান

হামিদা আখতার বেগম: আধুনিক সমাজ-মনোবিজ্ঞান

E B Titchener: A Text-Book of Psychology

G F Stout: A Manual of Psychology

Gardener Murphy: An Introduction to Psychology

James C Coleman: Abnormal Psychology and Modern Life

O M Klinberg: Social Psychology

**Course Code :** BANG-307
**Course title :** লোকসাহিত্যতত্ত্ব ও বাংলা লোকসাহিত্য
[Folkloristics and Bangla Folk Literature]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

সাহিত্যের শিক্ষার্থী হিসেবে ফোকলোরের সঙ্গে পরিচয় থাকা দরকার। দেশ-জাতি-সংস্কৃতি সম্পর্কে সম্যক ধারণা পেতে ফোকলোর জানা আবশ্যক। এটি একটি মাল্টি-ডিসিপ্লিনারি সাবজেক্ট। এ কোর্সটি অধ্যয়নের সূত্রে সাহিত্যের সঙ্গে ইতিহাস, সংস্কৃতি, নৃবিজ্ঞান, সমাজবিজ্ঞান ও দর্শনের সম্পর্ক উপলব্ধি করা সম্ভব হবে।

লোকসাহিত্য বা মৌখিক সাহিত্য বর্তমানে বিশ্বব্যাপী শ্রদ্ধার সঙ্গে বিবেচিত হচ্ছে। দীর্ঘকাল ধরে অ্যাকাডেমিক চর্চায় লোকসাহিত্য ফোকলোরের গুরুত্বপূর্ণ উপকরণ রূপে স্বীকৃত। গত দুই শতকে মূলত পাশ্চাত্য জগতে ফোকলোরের উৎস-নির্ণয়, বিস্তৃতির রূপরেখা, ব্যাখ্যা-বিশ্লেষণ ও বর্গীকরণ নিয়ে বহু মতবাদ তৈরি হয়েছে। বাংলা লোকসাহিত্যের ব্যাখ্যা-বিশ্লেষণ ও স্বরূপ উন্মোচনের ক্ষেত্রেও ফোকলোরের তত্ত্ব-মতবাদ ও প্রক্রিয়া-পদ্ধতি অত্যন্ত গুরুত্বপূর্ণ। একইসঙ্গে বাংলা লোকসাহিত্যের চারটি ধারার চারটি গ্রন্থ এই কোর্সে পাঠ্য।

এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা আধুনিক ফোকলোরের তত্ত্ব, মতবাদ ও পদ্ধতির সঙ্গে পরিচিত হবে। এর ফলে বাংলা লোকসাহিত্যের সংগ্রহ ও সম্পাদনায় বৈজ্ঞানিক পদ্ধতি এবং এর উপকরণ ব্যাখ্যা, বিশ্লেষণ ও বর্গীকরণে আধুনিক তত্ত্বের ব্যবহার করতে পারবে। চারটি পাঠ্যগ্রন্থের মাধ্যমে তারা বাংলা লোকসাহিত্যের চারটি প্রধান ধারা সম্পর্কেও অবহিত হতে পারবে।

## Course Objectives

এ কোর্সের মধ্য দিয়ে শিক্ষার্থীরা লোকসাহিত্যের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও শ্রেণিকরণ সম্পর্কে জানতে পারবে। লোকসাহিত্যের সংজ্ঞা ও বৈশিষ্ট্য অনুযায়ী বাংলা লোকসাহিত্যের শ্রেণিকরণ করতে পারবে।

বাংলা লোকসাহিত্য সংগ্রহের ইতিহাস, সংগ্রহ ও সম্পাদনা পদ্ধতি সম্পর্কে অবহিত হতে পারবে। লোকসাহিত্য চর্চায় ক্ষেত্রসমীক্ষার প্রয়োজনীয়তা ও গুরুত্ব উপলব্ধি করবে। লোকসাহিত্য সংগ্রহের মাধ্যমে তা সম্পাদনা করতে সক্ষম হবে।

ফোকলোরের বিভিন্ন তত্ত্ব, টাইপ-সূচি, মোটিফ-সূচি অধ্যয়নের মধ্য দিয়ে লোকসাহিত্য বিশ্লেষণ ও শ্রেণিকরণে দক্ষতা অর্জন করবে।

বাংলাদেশের লোকছড়া, গীতিকা, লোকগল্প ও প্রবাদ-প্রবচন সম্পর্কে ধারণা নিতে পারবে। লোকসাহিত্যে প্রতিফলিত সমাজ, সংস্কৃতি ও জীবন সম্পর্কে ধারণা লাভ করবে।

এই কোর্সে অধীত জ্ঞান পরবর্তী সময়ের অন্যান্য লোকসাহিত্য পাঠ ও বিশ্লেষণের ক্ষেত্রে শিক্ষার্থীদের সহায়তা করবে।

## Course Learing Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes (PLOs)

১। শিক্ষার্থীরা লোকসাহিত্য-গবেষণার প্রণালি ও পদ্ধতি সম্পর্কে শিখবে। (পিএলও ৩, ৪, ৫, ৬)

২। গবেষণা-নিবন্ধ বা মনোগ্রাফের পরিকল্পনা করতে পারবে। (পিএলও ৩, ৬)

৩। ফোকলোরতত্ত্ব কীভাবে লোকসাহিত্যের গবেষণা ও বিশ্লেষণে প্রযুক্ত হয়, সে বিষয়ে জ্ঞান লাভ করবে। (পিএলও ৩, ৪, ৬)

৪। প্রায়োগিক সমালোচনার মধ্য দিয়ে টেক্সট বিশ্লেষণ ও সমালোচনা করার অভিজ্ঞতা অর্জন করবে। (পিএলও ২, ৩, ৫, ৬)

## Recommended Readings

### [ক] লোকসাহিত্যতত্ত্ব: মতবাদ ও প্রয়োগ

১. লোকসাহিত্যের সংজ্ঞার্থ ও শ্রেণিবিন্যাস; লোকসাহিত্যের বৈশিষ্ট্য; বাংলা লোকসাহিত্য সংগ্রহের ইতিহাস; সংগ্রহ ও সম্পাদনা পদ্ধতি; লোকসাহিত্যে সমাজ ও সংস্কৃতি; লোকসাহিত্য চর্চার গুরুত্ব; লোকসাহিত্য চর্চায় ক্ষেত্রসমীক্ষার প্রয়োজনীয়তা ও গুরুত্ব।

ভারতীয় তত্ত্ব বা এককেন্দ্রিক উদ্ভবতত্ত্ব; ইন্দো-ইউরোপীয় তত্ত্ব ও ভেঙে-যাওয়া পুরাণতত্ত্ব; বহুমুখী উদ্ভবতত্ত্ব; উদ্বর্তন তত্ত্ব; ধ্রুবসূত্র তত্ত্ব; ক্রিয়াশীলতা তত্ত্ব; মনঃসমীক্ষণ তত্ত্ব; বিকিরণবাদ; ঐতিহাসিক-ভৌগোলিক পদ্ধতি; কালানুগ ও কালানুক্রমিক পদ্ধতি; তুলনামূলক পদ্ধতি; নৃতাত্ত্বিক পদ্ধতি; টাইপ-সূচি, মোটিফ-সূচি।

### [খ] বাংলা লোকসাহিত্য

২. লোকছড়া [রবীন্দ্রনাথ ঠাকুরের *লোকসাহিত্য*ভুক্ত লোকছড়া]

৩. *মৈমনসিংহ গীতিকা* [দীনেশচন্দ্র সেন সম্পাদিত ‘মহুয়া’, ‘দেওয়ানা মদিনা’ ও ‘চন্দ্রাবতী’]

৪. *ঠাকুরমা’র ঝুলি* [দক্ষিণারঞ্জন মিত্র-মজুমদার সংকলিত]

৫. প্রবাদ-প্রবচন: [ওয়াকিল আহমদ: *প্রবাদ ও প্রবচন*]

## Supplementary Readings

আবদুল আজীজ আল্ আমান: পদক্ষেপ

আবদুল খালেক: মৈমনসিংহ গীতিকা: জীবন ও শিল্প

আশরাফ সিদ্দিকী: লোকসাহিত্য

আশুতোষ ভট্টাচার্য: বাংলার লোকসাহিত্য (১-৬ খণ্ড)

ওয়াকিল আহমদ: লোককলা: তত্ত্ব ও মতবাদ

তুষার চট্টোপাধ্যায়: লোকসংস্কৃতির তত্ত্বরূপ ও স্বরূপ-সন্ধান

দিব্যজ্যোতি মজুমদার: বাঙলা লোককথার টাইপ ও মোটিভ ইন্‌ডেকস্; লোককথার ঐতিহ্য

দুলাল চৌধুরী (সম্পাদক): বাংলার লোকসংস্কৃতির বিশ্বকোষ

বরুণকুমার চক্রবর্তী (সম্পাদক): বঙ্গীয় লোকসংস্কৃতিকোষ

বরুণকুমার চক্রবর্তী: গীতিকার স্বরূপ ও বৈশিষ্ট্য; বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস

বিশ্বজিৎ ঘোষ (সম্পাদক): দক্ষিণারঞ্জন মিত্র-মজুমদারের ঠাকুরমা’র ঝুলি

ভবতারণ দত্ত (সংকলক-সম্পাদক): বাংলার ছড়া

মলয় বসু: রূপকথা; বাংলা সাহিত্যে রূপকথা-চর্চা

মযহারুল ইসলাম: ফোকলোর-পরিচিতি ও লোকসাহিত্যের পঠন-পাঠন; লোককাহিনী সংগ্রহের ইতিহাস

মো. শহীদুর রহমান: মৈমনসিংহ গীতিকায় নারীচরিত্রের স্বরূপ

মোহাম্মদ হানীফ পাঠান: বাংলা প্রবাদ পরিচিতি

রবীন্দ্রনাথ ঠাকুর: লোকসাহিত্য

সেলিম আল দীন: মধ্যযুগের বাঙলা নাট্য

সৈয়দ আজিজুল হক: ময়মনসিংহের গীতিকা: জীবনধর্ম ও কাব্যমূল্য; মৈমনসিংহ-

গীতিকা (সম্পাদনা)

সৈয়দ মোহাম্মদ শাহেদঃ ছড়ায় বাঙালী সমাজ ও সংস্কৃতি

Alan Dundes: The Study of Folklore

Jawaharlal Handoo: Folklore: An Introduction

**Course Code :** BANG-308

**Course title :** সাহিত্যতত্ত্ব ও বাংলা সাহিত্য-সমালোচনা

[Literary Theory and Bangla literary Criticism]

**Course Type :** Core Course

**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

সাহিত্যতত্ত্ব পাঠের দ্বারাই সাহিত্যজ্ঞান তৈরি হয়। সাহিত্যের সম্যক অনুধাবন ও এর ব্যাখ্যা-বিশ্লেষণের জন্য সাহিত্য সম্পর্কে বিভিন্ন তত্ত্ব, তথ্য ও ব্যাখ্যার পদ্ধতি জানা অপরিহার্য। পণ্ডিতরা প্রাচীনকাল থেকেই সাহিত্য সম্পর্কে তাদের চিন্তা-ভাবনা লিপিবদ্ধ করেছেন। এর সূচনা গ্রেকো-রোমান যুগে। ওই যুগের তাত্ত্বিকদের মধ্যে প্লেটো, এরিস্টটল, হোরেস ও লঙ্গিনুস অগ্রগণ্য। আবার মধ্যযুগে গড়ে উঠেছে সাহিত্যতত্ত্বের নানা ধারা এবং সাহিত্য-সমালোচনার নানা পদ্ধতি। উনিশ শতকের দ্বিতীয়ার্ধ থেকে বাঙালি পণ্ডিতরাও বাংলা সাহিত্য-সমালোচনায় অসামান্য অবদান রেখেছেন। পাশাপাশি বিশ শতকে পাশ্চাত্যে যে নতুন নতুন সাহিত্যতত্ত্বের উদ্ভব হয়েছে তাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রসঙ্গত, বৃহত্তর বিশ্বের সাহিত্যের নানা তত্ত্ব ও জ্ঞানপ্রপঞ্চ বাংলা সাহিত্যেও প্রতিফলিত হচ্ছে। সাহিত্য-বিচারের নানা পদ্ধতি ও কৌশলও এক্ষেত্রে পরিবর্তিত হচ্ছে।

বর্তমান কোর্স অধ্যয়নের মাধ্যমে শিক্ষার্থীরা প্রাচীন গ্রেকো-রোমান ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব এবং সমালোচনা সম্পর্কে জ্ঞান লাভ করবে। ফলে তাদের সাহিত্য-সমালোচনার বোধ ও ব্যবহারিক জ্ঞান অনেক বেশি সুশৃঙ্খল হবে। এই কোর্সের অধ্যয়ন বাংলা সাহিত্য-সমালোচনায় তাদের বিশ্লেষণী দক্ষতাকে উন্নত করবে।

## Course objectives

এ কোর্সের মধ্য দিয়ে শিক্ষার্থীরা গ্রেকো-রোমান ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্বের সাথে পরিচিত হবে। সাহিত্যের গঠন ও প্রকৃতি এবং বিভিন্ন সাহিত্য-আন্দোলনের ইতিহাসের সাথেও পরিচিত হবে তারা।

কোর্সের দ্বিতীয় অংশে কয়েকটি প্রধান সাহিত্য-সমালোচনা পদ্ধতি অঙ্গীভূত হয়েছে। সেইসাথে কয়েকজন গুরুত্বপূর্ণ সাহিত্য-সমালোচকের রচনাও রয়েছে। ফলে তাত্ত্বিক জ্ঞানার্জন এবং সমালোচনার ধরনের সাথে শিক্ষার্থীরা পরিচিত হবে। উল্লেখ্য যে, এ অংশে শিক্ষার্থীরা বাংলা সমালোচনার ইতিহাস ও ধারা সম্পর্কেও অবহিত হবে।

সাহিত্যতত্ত্ব ও সমালোচনা-পদ্ধতির সাথে প্রত্যক্ষ পরিচয়ের মধ্য দিয়ে শিক্ষার্থীরা সাহিত্যকর্ম মূল্যায়নের নব দৃষ্টিভঙ্গি, সমালোচনা বিষয়ক জ্ঞান-সৃষ্টির উৎসাহ পাবে এবং কুশলতা অর্জন করবে।

## Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১। শিক্ষার্থীরা সাহিত্যতত্ত্ব, সেই সাথে অবহিত হবে তত্ত্ব বিকাশের ইতিহাস, যা সাহিত্য, সমাজ-রাজনীতি তথা সাংস্কৃতিক পরিমণ্ডলের সাথে যুক্ত। এ কোর্সে শিক্ষার্থীরা সমালোচনার প্রণালি-পদ্ধতিও শিখবে। (পিএলও ৩, ৪, ৬)

২। আধুনিক কালে সাহিত্য-সমালোচনায় সাহিত্যতত্ত্ব প্রয়োগ করা হয়। ফলে সাহিত্যতত্ত্ব কিভাবে সাহিত্য-সমালোচনায় প্রযুক্ত হয়, শিক্ষার্থীরা সে জ্ঞান লাভ করবে। এছাড়া সাহিত্যকর্মের বহিরঙ্গ ও অন্তরঙ্গের নিরপেক্ষ বিচার পরিচয় সম্পর্কেও জানবে। (পিএলও ৩, ৪, ৬)

৩। সমালোচনা তত্ত্ব আয়ত্ত করার মধ্য দিয়ে টেক্সট বিশ্লেষণ ও সমালোচনা করার অভিজ্ঞতা অর্জন করবে। (পিএলও ২, ৩, ৫, ৬)

৪। সাহিত্য-সমালোচকের মূল্যবোধ, সাহিত্যতাত্ত্বিক জ্ঞান, শিল্প-উপভোগ অভিজ্ঞতার সাথে একজন সংবেদনশীল পাঠকের মতই পরিচিত হবে শিক্ষার্থীরা। (পিএলও ৩, ৪, ৫)

## Recommended Readings

**[ক] গ্রিক ও রোমান সাহিত্যতত্ত্ব**

প্লেটো, এরিস্টটল, হোরেস, লঙ্গিনুস

**[খ] আধুনিক সাহিত্যতত্ত্বের ধারা**

নব্য ধ্রুপদিবাদ (Neo-Classicism), রোমান্টিকতাবাদ (Romanticism), বাস্তববাদ (Realism), প্রকৃতিবাদ (Naturalism) আধুনিকবাদ (Modernism), শীর্ষ-আধুনিকবাদ (High-Modernism), অবয়ববাদ (Formalism), উত্তরাধুনিকবাদ (Post-Modernism), পাঠক-প্রতিক্রিয়া তত্ত্ব (Readers Response Theory)|

### [গ] সাহিত্য সমালোচনার পদ্ধতি

ইতিহাসমূলক সমালোচনাবাদ (Historical Criticism), তুলনামূলক সমালোচনাবাদ (Comparative Criticism), নব্য-সমালোচনাবাদ (Neo-Criticism), পাঠভিত্তিক সমালোচনাবাদ (Textual Criticism), নব্য ইতিহাসবাদী সমালোচনা (New Historical Literary Criticism), কালচারাল ক্রিটিসিজম, ডিসকোর্স অ্যানালাইসিস, ইকো-ক্রিটিসিজম ।

### [ঘ] বাংলা সাহিত্য সমালোচনার ধারা

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রবীন্দ্রনাথ ঠাকুর, প্রমথ চৌধুরী, মোহিতলাল মজুমদার, বুদ্ধদেব বসু, আবু সয়ীদ আইয়ুব।

## Supplementary readings

অজিত বন্দ্যোপাধ্যায়: বাংলা সাহিত্যে সৌন্দর্যতত্ত্ব

আনন্দ ঘোষ হাজরা: সাহিত্যবিচারে অবয়ববাদ, উত্তরআধুনিকতাবাদ ও ঔপনিবেশিকতা

আবুল কাসেম ফজলুল হক: সাহিত্যচিন্তা

চিরঞ্জীব শূর (সংকলিত): প্রতীচ্যের সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা

টেরি ইগলটন: সাহিত্যতত্ত্ব (খোন্দকার আশরাফ হোসেন অনূদিত)

তপোধীর ভট্টাচার্য: প্রতীচ্যের সাহিত্যতত্ত্ব

তরুণকুমার মুখোপাধ্যায় (সম্পাদক): নন্দনতত্ত্ব

নবেন্দু সেন (সম্পাদক): পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সাহিত্যভাবনা

প্রদীপকুমার নন্দী: শিল্প ও নন্দনতত্ত্ব

বিমলকুমার মুখোপাধ্যায়: সাহিত্য-বিবেক; সাহিত্য-বিচার: তত্ত্ব ও প্রয়োগ

বেগম আকতার কামাল (সম্পাদক): বিশ শতকের প্রতীচ্য সাহিত্য ও সমালোচনাতত্ত্ব

রতনতনু ঘোষ (সম্পাদক): উত্তরাধুনিকতা

শিশিরকুমার দাশ: আরিস্টটল: কাব্যতত্ত্ব

সিরাজুল ইসলাম চৌধুরী: হোরেসের আর্স পোয়েটিকা

সুখেন বিশ্বাস: নন্দনতত্ত্বে প্রাচ্য; নন্দনতত্ত্বে প্রতীচ্য

সুধীরকুমার নন্দী: নন্দনতত্ত্ব

সুধীর চক্রবর্তী: বুদ্ধিজীবীর নোটবই

সুনীলকুমার মুখোপাধ্যায়: হোরেসের আর্স পোয়েটিকা; লঙ্গিনুস; কাব্যনির্মাণকলা: আরিস্টটল

সোমা বন্দ্যোপাধ্যায় (অনূদিত): গঠনবাদ, উত্তর-গঠনবাদ এবং প্রাচ্য কাব্যতত্ত্ব

হাবিব রহমান (সম্পাদক): নন্দনতত্ত্ব: ধ্রুপদী ও আধুনিক

Andrew Bennett, Nicholas Royle: An Introduction to Literature, Criticism and Theory

George Dickie, Richard Sclafani and Ronald Roblin: Aesthetics: A Critical Anthology

Lois Tyson: Critical theory today

Mecfarlane (edited): Modernism

Michael Groden and Martin Kreiswirth (edited): The Johns Hopkins Guide to Literary Theory and Criticism

Philip Rice and Patricia Waugh: Modern Literary Theory: A Reader

Terry Eagleton: Literary Theory: An Introduction

Wimsat W. K. Brooker, C: Literary Criticism: A Short History

# চতুর্থ বর্ষ

## চতুর্থ বর্ষ: সপ্তম সেমিস্টার

**Course Code :** BANG-401
**Course title :** বাংলা ছোটগল্প−২ [Bangla Short Story-2]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

### Rationale of the Course

বিশ শতকের মধ্য পর্যায়ে বাংলা ছোটগল্পের বিচিত্র বিকাশ ঘটে এবং ক্রমশ পরিণত রূপ পরিগ্রহ করে। বিশেষ করে প্রথম বিশ্বযুদ্ধ ও দ্বিতীয় বিশ্বযুদ্ধ-উত্তর ছোটগল্পধারায় নতুন নতুন প্রবণতা যুক্ত হয়। বিষয়বস্তু ও রচনাশৈলীর বিশিষ্টতায় গড়ে ওঠে নতুন নতুন ধারা। এই কোর্সে এরকম চারজন বিশিষ্ট ছোটগল্পকারের নির্বাচিত গল্প পাঠ্য।

### Course objectives

এ কোর্সের মধ্য দিয়ে শিক্ষার্থীরা সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র গল্পের মাধ্যমে বিশ শতকের মধ্যবর্তী সময়ের এবং হাসান আজিজুল হক, আখতারুজ্জামান ইলিয়াস ও শহীদুল জহিরের গল্পের মাধ্যমে বিশ শতকের শেষ দিকের বাংলা ছোটগল্পের প্রবণতা ও নিরীক্ষা সম্পর্কে শিক্ষার্থীরা অবহিত হতে পারবে।

### Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১। শিক্ষার্থীরা বাংলা ছোটগল্প ও তার ইতিহাস সম্পর্কে শিখবে। (পিএলও **১, ৩, ৫**)

২। বাংলা ছোটগল্প সম্পর্কে প্রত্যক্ষ ধারণা লাভ করতে পারবে। (পিএলও **১**, ৪, ৫, **৬**)

৩। বাংলা সাহিত্যের চার গুরুত্বপূর্ণ গল্পকার সৈয়দ ওয়ালীউল্লাহ্, হাসান আজিজুল হক, আখতারুজ্জামান ইলিয়াস, শহীদুল জহিরের ছোটগল্পের বৈশিষ্ট্য সম্পর্কে জ্ঞান লাভ করবে, এবং সাহিত্য-সমালোচনা পদ্ধতি ব্যবহার করে তাঁদের কবিতা বিশ্লেষণে দক্ষতা অর্জন করবে। (পিএলও **৩, ৪, ৬**)

৪। প্রায়োগিক সমালোচনার মধ্য দিয়ে ছোটগল্প বিশ্লেষণ ও সমালোচনা করার অভিজ্ঞতা অর্জন করবে। **(**পিএলও **২, ৩, ৫, ৬)**

## Recommended Readings

**[ক]** সৈয়দ ওয়ালীউল্লাহ্

নির্বাচিত গল্প: নয়নচারা; জাহাজী; পরাজয়; খুনী; দুই তীর; কেরায়া; নিষ্ফল জীবন নিষ্ফল যাত্রা; স্তন; পাগড়ি; না কান্দে বুবু।

[খ] হাসান আজিজুল হক

নির্বাচিত গল্প: শকুন; তৃষ্ণা; গুনিন; আত্মজা ও একটি করবী গাছ; পরবাসী; শোণিত সেতু; খাঁচা; জীবন ঘষে আগুন; ভূষণের একদিন; ফেরা।

[গ] আখতারুজ্জামান ইলিয়াস

নির্বাচিত গল্প: নিরুদ্দেশ যাত্রা, ফেরারী, খোঁয়ারি, অসুখ-বিসুখ, তারাবিবির মরদপোলা, দুধভাতে উৎপাত, কীটনাশকের কীর্তি, যুগলবন্দি, অপঘাত, জাল স্বপ্ন স্বপ্নের জাল।

[ঘ] শহীদুল জহির

নির্বাচিত গল্প: মাটি এবং মানুষের রং; কাঠুরে ও দাঁড়কাক; ডুমুর খেকো মানুষ; কাঁটা; চতুর্থ মাত্রা; কোথায় পাব তারে; মহল্লায় বান্দর, আবদুল হালিমের মা এবং আমরা; ইন্দুর-বিলাই খেলা; ডলু নদীর হাওয়া; আমাদের কুটির শিল্পের ইতিহাস।

## Supplementary readings

অরুণকুমার মুখোপাধ্যায়: কালের পুত্তলিকা

আজহার ইসলাম: বাংলাদেশের ছোটগল্প

আনু মুহম্মদ (সম্পাদক): তৃণমূল, আখতারুজ্জামান ইলিয়াস সংখ্যা

আবদুল মান্নান সৈয়দ: সৈয়দ ওয়ালীউল্লাহ্

এজাজ ইউসুফী (সম্পাদক): লিরিক, আখতারুজ্জামান ইলিয়াস সংখ্যা

চঞ্চল কুমার বোস: বাংলাদেশের ছোটগল্পের শিল্পরূপ

চন্দন আনোয়ার (সম্পাদক): গল্পকথা, হাসান আজিজুল হক সংখ্যা

চন্দন আনোয়ার: বাংলা ছোটগল্প ও তিন গোত্রজ গল্পকার: মানিক-হাসান-ইলিয়াস; হাসান আজিজুল হক: নিবিড় অবলোকন

জাফর আহমদ রাশেদ: আখতারুজ্জামান ইলিয়াসের ছোটগল্প

জীনাত ইমতিয়াজ আলী: সৈয়দ ওয়ালীউল্লাহ্: জীবনদর্শন ও সাহিত্যকর্ম

তাশরিক-ই-হাবিব: গল্পকার শহীদুল জহির
বীরেন্দ্র দত্ত: বাংলা ছোটগল্প: প্রসঙ্গ ও প্রকরণ
ভাস্বতী লাহিড়ী: সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটে বাংলা ছোটগল্প
ভূদেব চৌধুরী: বাংলা সাহিত্যের ছোটগল্প ও গল্পকার
মোহাম্মদ আবদুর রশীদ (সম্পাদক): শহীদুল জহির: স্মারকগ্রন্থ
রথীন্দ্রনাথ রায়: ছোটগল্পের কথা
শারমিন নিশাত (সম্পাদক): হালখাতা, বাংলাদেশের ছোটগল্প বিষয়ক প্রবন্ধ সংখ্যা
সমীরণ মজুমদার (সম্পাদক): আখতারুজ্জামান ইলিয়াস স্মারকগ্রন্থ
সরোজমোহন মিত্র: বাংলায় গল্প ও গল্পকার
সুমিতা চক্রবর্তী: ছোটগল্পের বিষয়-আশয়
সৈয়দ আজিজুল হক: বাংলা কথাসাহিত্যে মানবভাবনা
সৈয়দ আবুল মকসুদ: সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র জীবন ও সাহিত্য
সৌরভ বন্দ্যোপাধ্যায় ও পার্থপ্রতিম বর্মণ (সম্পাদক): কোরক, নারায়ণ গঙ্গোপাধ্যায় সংখ্যা

**Course Code :** BANG-402
**Course title :** বাংলা নাটক–২ [Bangla Drama-2]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

নাটক বাংলা সাহিত্যের একটি শক্তিশালী শিল্পরূপ। সাহিত্য হিসেবে নাটক শুধু পঠিত হয় না, রঙ্গমঞ্চে পরিবেশনের সামর্থ্যগুণে এর বলিষ্ঠ আবেদন দর্শকমনেও বিপুল আগ্রহ ও উদ্দীপনা সঞ্চার করে। অর্থাৎ পাঠক হিসেবে নাটক পাঠ ও দর্শক হিসেবে নাটকের অভিনয় উপভোগের মাধ্যমে 'দৃশ্যকাব্য' অভিধাযুক্ত এ সাহিত্যরূপটির দ্বিপাক্ষিক আবেদন সর্বজনস্বীকৃত। বাংলা নাট্যধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান অনস্বীকার্য। বিভিন্ন বিষয়কে উপজীব্য করে রচিত রবীন্দ্র নাট্যধারায় নিরীক্ষাপ্রবণতাও সবিশেষ লক্ষণীয়। বক্তব্যকে উদ্দীষ্ট করে রচিত তাঁর বিভিন্ন নাটকের পাশাপাশি রূপক-প্রতীক-সংকেতধর্মী নাটক *রক্তকরবী*র বহুমাত্রিক ব্যঞ্জনা ও শিল্পমাত্রা কালজয়ী আবেদন

সঞ্চারক্ষম। আধুনিককালের আরেকজন প্রাতিস্বিক নাট্যকার বুদ্ধদেব বসু, যিনি রবীন্দ্রনাথের মতোই সাহিত্যের প্রায় সব শাখায় সৃষ্টিক্ষমপ্রজ্ঞার বিচ্ছুরণ ঘটিয়েছেন। নাট্যকার হিসেবে বুদ্ধদেব বসুর শিল্পসামর্থ্য ও কল্পনাপ্রতিভা বাংলা নাট্যধারার দুর্লভ শাখা কাব্যনাটকে, বিশেষত *তপস্বী ও তরঙ্গিণী*তে সহজাত সৃষ্টিশীলতায় ভাস্বর। কবিতা ও নাটকের অদ্বৈত সমাহারের সঙ্গে সঙ্গীত, ভাবের বিচিত্র-ব্যঞ্জনাময় উদ্ভাসন ও সংলাপের অসামান্য প্রয়োগ, ভাষার বহুমাত্রিক প্রয়োগগুণে এ কোর্সভুক্ত নাটক দুটির পাঠগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীদের অভিনিবেশ ও শিল্পরুচি পরিপুষ্টি লাভ করবে।

## Course Objectives

গদ্যসাহিত্য, কবিতা ও সঙ্গীতের সমন্বিত প্রয়োগনির্ভর সাহিত্যরূপ নাটকের আধুনিককালের ব্যাপ্তি ও বহুমাত্রিকতা এ কোর্সের পাঠগ্রহণে শিক্ষার্থীদের উদ্দীপ্ত করবে। এছাড়া রঙ্গমঞ্চে পরিবেশিত হওয়ার শর্তসমূহও যেহেতু নাটক দুটি অবলীলায় পূরণে সমর্থ. তাই দর্শক হিসেবেও নাট্যরস উপভোগ এবং কুশীলব হিসেবে পরিবেশনায় অংশগ্রহণের সুযোগ তারা গ্রহণ করতে পারবে। সৃজনশীল মাধ্যম হিসেবে নাটক রচনার প্রস্তুতি নেবার পাশাপাশি বেতারে পরিবেশিত কথিকা ও নাট্যধর্মী রচনার হাতেখড়ি গ্রহণেও শিক্ষার্থীরা আগ্রহী হয়ে উঠতে পারে। বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক আয়োজনে কুশীলব ও নাট্যকার হিসেবে অংশগ্রহণের পূর্বপ্রস্তুতি হিসেবেও এ কোর্সের উপযোগিতা অনস্বীকার্য।

## Course Learning Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes (PLOs)

১. এ কোর্সের পাঠগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীদের নাটক সম্পর্কিত ধারণা জোরালো হবে। (পিএলও ১, ৩, ৪)

২. রঙ্গমঞ্চে কুশীলবদের কর্মকাণ্ড ও বিভিন্ন নাট্যঘটনার সঙ্গে সংলাপ যোজনার মাধ্যমে অভিনয় পরিবেশনের সুযোগ নাটকে রয়েছে। ফলে একদিকে সাহিত্য হিসেবে নাটক পাঠ ও অন্যদিকে পরিবেশনা শিল্পকলা হিসেবেও পৃথক ভূমিকা রাখায় শিক্ষার্থীদের অন্তর্গত সৃষ্টিশীলতা ও কল্পনা উদ্দীপ্ত হতে পারে। (পিএলও ২, ৩, ৪, ৬)

৩. তাদের অন্তর্গত সৃষ্টিশীলতা বিকাশে এ কোর্সভুক্ত নাটক দুটির গদ্যরীতি, সংলাপ ও ব্যঞ্জনাধর্মী ভাবপরিমণ্ডল, সঙ্গীতের প্রয়োগ ও ভাষিক বিন্যাস সহায়তা করতে পারে। শুদ্ধ উচ্চারণ, আবৃত্তি ও সঙ্গীতচর্চায় নাটকদুটির ভূমিকা পরিপূরক বিবেচিত হতে পারে। (পিএলও ৩, ৫)

৪. আধুনিক বাংলা নাটকের বিশেষ প্রবণতা অনুধাবনের সুযোগ ঘটতে পারে। পাশাপাশি বাংলাদেশের নাটকের সঙ্গে এ দুটি নাটকের প্রতিতুলনার মাধ্যমে বিষয়-আঙ্গিকগত স্বাতন্ত্র্যও স্পষ্ট হবে। (পিএলও ১, ৪, ৬)

৫. নাটক লেখায় আগ্রহবশত সৃষ্টিশীলতাকে তারা হাতেকলমে কাজে লাগাতে পারে। কেননা, সৃজনশীল কল্পনাকে উজ্জীবিত করার অবলম্বনস্বরূপ একাঙ্ক নাটক রচনার সুযোগ হিসেবে এ দুটি নাটকের পাঠগ্রহণ ও প্রাসঙ্গিক সাহিত্য-সমালোচনা সহায়ক ভূমিকা রাখতে পারে। (পিএলও ৩, ৬)

৬. সামাজিক-সাংস্কৃতিক আয়োজনে কুশীলব ও নাট্যকার হিসেবে শিক্ষার্থীদের অংশগ্রহণের পূর্বপ্রস্তুতি হিসেবেও এ কোর্সের উপযোগিতা অনস্বীকার্য। (পিএলও ২, ৪, ৬)

## Recommended Readings

[ক] রবীন্দ্রনাথ ঠাকুর: *রক্তকরবী*

[খ] বুদ্ধদেব বসু: *তপস্বী ও তরঙ্গিণী*

[গ] নুরুল মোমেন: *নেমেসিস*

[ঘ] মুনীর চৌধুরী: *রক্তাক্ত প্রান্তর*

## Supplymentary Readings

অজিতকুমার ঘোষ: বাংলা নাটকের ইতিহাস

অপূর্ব দে (সম্পাদক): তপস্বী ও তরঙ্গিণী: পুরাণের নবভাষ্য

অশোক সেন: রবীন্দ্র নাট্য-পরিক্রমা

অশ্রুকুমার সিকদার: রবীন্দ্রনাটকে ঐক্য ও রূপান্তর

আনন্দ রায় (সম্পাদক): বুদ্ধদেব বসু: নানা প্রসঙ্গ

আনিসুজ্জামান: মুনীর চৌধুরী

আশুতোষ ভট্টাচার্য: বাংলা নাট্যসাহিত্যের ইতিহাস

কমলকুমার সান্যাল: বাংলা নাটক-সমীক্ষা

কমলেশ চট্টোপাধ্যায়: বাংলা সাহিত্যে মিথের ব্যবহার ও *তপস্বী ও তরঙ্গিণী*র ভূমিকা

খান সারওয়ার মুরশিদ (সম্পাদক): সমকালীন বাংলা সাহিত্য

তরুণ মুখোপাধ্যায়: কাব্যনাট্য-বিভাবনা
তরুণ মুখোপাধ্যায় (সম্পাদক): বুদ্ধদেব বসু: মননে অন্বেষণে
নিমাইচন্দ্র পাল: রবীন্দ্রনাটকে আঙ্গিক
বোরহান বুলবুল: বাংলাদেশের নাটকে নিম্নবর্গ
মঞ্জুশ্রী চৌধুরী: রবীন্দ্রনাথের রূপক-সাঙ্কেতিক নাটক
মাহবুব সাদিক: বুদ্ধদেব বসুর কাব্যনাট্য: একালের জীবনভাষ্য
রামেন্দু মজুমদার (সম্পাদক): বাংলাদেশের নাট্যচর্চা
শঙ্খ ঘোষ: কালের মাত্রা ও রবীন্দ্র-নাটক
শান্তনু কায়সার: বাংলাদেশের নাটক ও নাট্যদ্বন্দ্বের ইতিহাস
শান্তিকুমার দাশগুপ্ত: রবীন্দ্রনাথের রূপক-নাট্য
সুকুমার বিশ্বাস: বাংলাদেশের নাট্যচর্চা ও নাটকের ধারা

**Course Code :** BANG-403
**Course title :** সাহিত্য-গবেষণা: তত্ত্ব ও প্রয়োগ
[Literary Research: Theory and Practice]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

গবেষণা নতুন জ্ঞান উৎপাদন ও বিকাশের ভিত্তি। স্নাতক পর্যায়ে গবেষণা-পদ্ধতির সাথে পরিচয় ঘটলে শিক্ষার্থীরা একদিকে অধীত বিদ্যার উৎপাদন-পদ্ধতি সম্পর্কে সচেতন হবে, অন্যদিকে ভবিষ্যতে গবেষণা করার প্রাথমিক প্রস্তুতিও এর মধ্য দিয়ে সম্পন্ন হবে। সাহিত্য-গবেষণার বিশিষ্ট কলাকৌশল ও ধারাবাহিকতা আছে। ভাষা-সাহিত্যের শিক্ষার্থীদের সে বিশিষ্টতার সাথে সম্পর্কিত হওয়াও জরুরি।

স্নাতক পর্যায়ে সাহিত্যতত্ত্ব-সম্পর্কিত আরো কোর্স থাকলেও প্রায়োগিকতার প্রাধান্য দিয়ে বিশেষত সাহিত্য-সমালোচনার ব্যবহারিক নজিরের দিক থেকে ওই কোর্সগুলো পরিকল্পিত নয়। বর্তমান কোর্সের দ্বিতীয়াংশ পরিকল্পিত হয়েছে এ বিবেচনা থেকে। তত্ত্ব সম্পর্কে ধারণা, তত্ত্ব থেকে উৎসারিত সমালোচনা-পদ্ধতি, এবং সবশেষে নির্বাচিত

টেক্সটে ওই তত্ত্ব ও প্রণালি-পদ্ধতির প্রয়োগ – এই ক্রমে অংশটি সাজানো হয়েছে। সাহিত্যের শিক্ষার্থীদের জন্য এ প্রক্রিয়ার সাথে পরিচিত হওয়া খুবই প্রয়োজনীয়।

## Course objectives

এ কোর্সের মধ্য দিয়ে শিক্ষার্থীরা সাধারণভাবে গবেষণা-পদ্ধতি ও ধরনের সাথে পরিচিত হবে। সাহিত্য-গবেষণার স্বীকৃত প্রধান পদ্ধতিগুলোর সাথে তাত্ত্বিক-প্রায়োগিক শিক্ষার মধ্য দিয়ে গবেষণা-পরিকল্পনা উপস্থাপন করতে পারবে।

কোর্সের দ্বিতীয় অংশে কয়েকটি প্রধান সাহিত্যতত্ত্ব ও সাহিত্য-সমালোচনা পদ্ধতি অঙ্গীভূত হয়েছে। সাথে আছে কয়েকটি গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম। ফলে তাত্ত্বিক জ্ঞানার্জন ও ব্যবহারিক প্রশিক্ষণ একসাথে সম্পন্ন হবে।

গবেষণা ও সমালোচনা-পদ্ধতির সাথে প্রত্যক্ষ পরিচয়ের মধ্য দিয়ে শিক্ষার্থীরা নতুন গবেষণা ও জ্ঞান-সৃষ্টির উৎসাহ পাবে এবং কুশলতা অর্জন করবে।

## Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১। শিক্ষার্থীরা সাহিত্য-গবেষণার প্রণালি-পদ্ধতি সম্পর্কে শিখবে। (পিএলও ৩, ৪, ৫, ৬)

২। গবেষণা-নিবন্ধ বা মনোগ্রাফের পরিকল্পনা উপস্থাপন করতে পারবে। (পিএলও ৩, ৬)

৩। সংশ্লিষ্ট সাহিত্যতত্ত্বের বনিয়াদি ধারণাগুলো শিখবে, এবং সাহিত্যতত্ত্ব কিভাবে সাহিত্য-সমালোচনায় প্রযুক্ত হয় সে জ্ঞান লাভ করবে। (পিএলও ৩, ৪, ৬)

৪। প্রায়োগিক সমালোচনার মধ্য দিয়ে টেক্সট বিশ্লেষণ ও সমালোচনা করার অভিজ্ঞতা অর্জন করবে। (পিএলও ২, ৩, ৫, ৬)

## Recommended Readings

[ক] সাহিত্য-গবেষণা

গবেষণা: সংজ্ঞার্থ, স্বরূপ; গবেষণার পদ্ধতি ও শ্রেণিকরণ: বিশ্লেষণমূলক, তুলনামূলক, মনঃবিশ্লেষণমূলক, সমাজ-নৃতাত্ত্বিক, মূল্যায়ন বিচার।
গবেষণা প্রস্তাব: প্রাক্ রূপরেখা, তথ্যসংগ্রহ, মাঠকর্ম, প্রাথমিক উৎস ও দ্বৈতীয়িক উৎস, সাক্ষাৎকার, তথ্যবিশ্লেষণ

পদ্ধতি, টীকা-তথ্যনির্দেশ, গ্রন্থপঞ্জির বিবরণ, জীবনপঞ্জি।

[খ] সাহিত্যতত্ত্ব ও প্রয়োগ

মার্কসবাদ; মনঃসমীক্ষতত্ত্ব; নারীবাদ; উপনিবেশবাদ ও উত্তর-উপনিবেশবাদ

**নির্বাচিত পাঠ**

১. সুভাষ মুখোপাধ্যায়: *পদাতিক*
২. সোমেন চন্দ [গল্প]: ইঁদুর; বনস্পতি; একটি রাত; সংকেত; দাঙ্গা
৩. জগদীশ গুপ্ত [গল্প]: ভরাসুখে; পয়মুখম্; চার পয়সায় এক আনা; কলঙ্কিত সম্পর্ক; শঙ্কিতা অভয়া; আদি কথার একটি; চন্দ্র সূর্য যতদিন
৪. রোকেয়া সাখাওয়াত হোসেন: *সুলতানার স্বপ্ন*
৫. রাজিয়া খান: *হে মহাজীবন*
৬. সৈয়দ ওয়ালীউল্লাহ্: দ্য আগলি এশিয়ান [*কদর্য এশীয়*, শিবব্রত বর্মণ অনূদিত]
৭. সাঈদ আহমদ: *তৃষ্ণায়*
৮. মাইকেল মধুসূদন দত্ত: *বীরাঙ্গনা-কাব্য*

## Supplementary Readings

অজিত বন্দ্যোপাধ্যায়: বাংলা সাহিত্যে সৌন্দর্যতত্ত্ব
আনন্দ ঘোষ হাজরা: সাহিত্যবিচারে অবয়ববাদ, উত্তরআধুনিকতাবাদ ও ঔপনিবেশিকতা
আবুল কাসেম ফজলুল হক: সাহিত্যচিন্তা
আবদুল মান্নান সরকার: জগদীশ গুপ্তের রচনা ও জগৎ
আবদুল মান্নান সৈয়দ: বেগম রোকেয়া
ক্ষেত্রগুপ্ত: মধুসূদনের কবি-আত্মা ও কাব্যশিল্প
গোলাম মুরশিদ: নারী প্রগতির একশো বছর: রাসসুন্দরী থেকে রোকেয়া
চিরঞ্জীব শূর (সংকলিত): প্রতীচ্যের সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা
জগমোহন মুখোপাধ্যায়: গবেষণাপত্র অনুসন্ধান ও রচনা
টেরি ইগলটন: সাহিত্যতত্ত্ব (খোন্দকার আশরাফ হোসেন অনূদিত)
তপোধীর ভট্টাচার্য: প্রতীচ্যের সাহিত্যতত্ত্ব
তরুণকুমার মুখোপাধ্যায় (সম্পাদক): নন্দনতত্ত্ব
নবেন্দু সেন (সম্পাদক): পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সাহিত্যভাবনা
নীলিমা ইব্রাহিম: বাংলার কবি মধুসূদন
পবিত্র সরকার: গবেষণা ও গবেষণা পদ্ধতির সহজপাঠ
প্রদীপকুমার নন্দী: শিল্প ও নন্দনতত্ত্ব
বিমলকুমার মুখোপাধ্যায়: সাহিত্য-বিবেক; সাহিত্য-বিচার: তত্ত্ব ও প্রয়োগ

বেগম আকতার কামাল (সম্পাদক): বিশ শতকের প্রতীচ্য সাহিত্য ও সমালোচনাতত্ত্ব
ভীষ্মদেব চৌধুরী: জগদীশ গুপ্তের গল্প: পঙ্ক ও পঙ্কজ
মোরশেদ শফিউল হাসান: রোকেয়া: কালে ও কালোত্তরে; বেগম রোকেয়া: সময় ও সাহিত্য
মোহাম্মদ শাকেরউল্লা (সম্পাদক): রোকেয়া মানস ও সাহিত্য মূল্যায়ন
মোহিতলাল মজুমদার: কবি শ্রীমধুসূদন
রতনতনু ঘোষ (সম্পাদক): উত্তরাধুনিকতা
রামেন্দু মজুমদার: বাংলাদেশের নাট্যচর্চা
শিশিরকুমার দাশ: আরিস্টটল: কাব্যতত্ত্ব
সফিকুন্নবী সামাদী ও অন্যান্য: সাহিত্য-গবেষণা: বিষয় ও কৌশল
সাজ্জাদ আরেফিন (সম্পাদক): *নান্দীপাঠ* সৈয়দ ওয়ালীউল্লাহ্ সংখ্যা
সিরাজুল ইসলাম চৌধুরী: হোরেসের আর্স পোয়েটিকা
সুকুমার বিশ্বাস: বাংলাদেশের নাট্যচর্চা ও নাটকের ধারা
সুখেন বিশ্বাস: নন্দনতত্ত্বে প্রাচ্য; নন্দনতত্ত্বে প্রতীচ্য
সুধীরকুমার নন্দী: নন্দনতত্ত্ব
সুধীর চক্রবর্তী: বুদ্ধিজীবীর নোটবই
সুনীলকুমার মুখোপাধ্যায়: হোরেসের আর্স পোয়েটিকা; লঙ্গিনুস; কাব্যনির্মাণকলা: আরিস্টটল
সুরভী বন্দ্যোপাধ্যায়: গবেষণা: প্রকরণ ও পদ্ধতি
সোমা বন্দ্যোপাধ্যায় (অনূদিত): গঠনবাদ, উত্তর-গঠনবাদ এবং প্রাচ্য কাব্যতত্ত্ব
হাবিব রহমান (সম্পাদক): নন্দনতত্ত্ব: ধ্রুপদী ও আধুনিক
Andrew Bennett, Nicholas Royle: An Introduction to Literature, Criticism and Theory
George Dickie, Richard Sclafani and Ronald Roblin: Aesthetics: A Critical Anthology
Lois Tyson: Critical theory today
Mecfarlane (edited): Modernism
Michael Groden and Martin Kreiswirth (edited): The Johns Hopkins Guide to Literary Theory and Criticism
Philip Rice and Patricia Waugh: Modern Literary Theory: A Reader
Terry Eagleton: *Literary Theory: An Introduction*
Wimsat W. K. Brooker, C: Literary Criticism: A Short History

**Course Code :** BANG-404
**Course title :** ইংরেজি সাহিত্য [English Literature]
**Course Type :** GED Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

আধুনিক বাংলা সাহিত্যের সূত্রপাত ঘটেছে ইংরেজি সাহিত্যের প্রত্যক্ষ সংস্পর্শ ও প্রভাবে। বাংলা সাহিত্যের পঠন-পাঠন, সমালোচনা এবং তত্ত্বরাশিও বিকশিত এবং চর্চিত হয়েছে প্রধানত ইংরেজি সাহিত্যের সাথে তাল মিলিয়ে। এমতাবস্থায় ইংরেজি সাহিত্যের বিভিন্ন কালের গুরুত্বপূর্ণ সাহিত্যিকদের রচনার সাথে প্রাথমিক পরিচয় বাংলা বিভাগের শিক্ষার্থীদের ওই সম্পর্কসূত্র সম্পর্কে প্রত্যক্ষ ধারণা দেবে। দুনিয়ার গুরুত্বপূর্ণ সাহিত্যের একাংশ মূল ভাষায় পড়া এবং এর মধ্য দিয়ে ইংরেজি ভাষা ও সাহিত্যিক ভাষার সাথে পরিচয়ের পথ সুগম হবে।

## Course Objectives

এ কোর্সের লক্ষ্য ইংরেজি সাহিত্যের গুরুত্বপূর্ণ রচনার একাংশের সাথে নিবিড় পরিচয়। ইংরেজি সাহিত্যের ধারাবাহিকতার মধ্যে গুরুত্বপূর্ণ মুহূর্ত ও লেখকদের রচনা থেকে পাঠ্য নির্বাচন করায় ওই সাহিত্যের কালানুক্রমিকতা সম্পর্কে শিক্ষার্থীরা ধারণা পাবে। এর মধ্য দিয়ে বাংলা সাহিত্যের সাথে ইংরেজি সাহিত্যের ধারণাগত এবং কলাকৌশলগত যে ঐতিহাসিক সম্পর্ক, তা প্রত্যক্ষভাবে বিচার-বিশ্লেষণের সুযোগ তৈরি হবে। মূল ভাষায় রচনা পড়ার কারণে সাহিত্যিক ভাষার একটি দ্বিতীয় উৎসের সাথে শিক্ষার্থীদের পরিচয় ঘটবে। তদুপরি, ইংরেজি ভাষার উপরও সামগ্রিক দখল পোক্ত হবে।

## Course Learing Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes (PLOs)

১। ইংরেজি সাহিত্যের কিছু ধ্রুপদি ও আধুনিক রচনার সাথে নিবিড় পরিচয় অর্জন করবে। (২, ৩, ৪)

২। সাহিত্যরূপ ও সাহিত্যিক ভাষার দিক থেকে তুলনামূলক আলোচনা করতে পারবে। (২, ৩, ৪, ৬)

৩। ইংরেজি ভাষার মাধ্যমে দুনিয়ার অন্য মহৎ সাহিত্য ও জরুরি গ্রন্থাদি পাঠ করতে পারবে। (৪, ৫, ৬)

৪। বৈশ্বিক আবহের সাথে সম্পর্কিত হয়ে নতুন দৃষ্টিভঙ্গিতে অপরকে মূল্যায়ন করতে পারবে। (৪, ৫, ৬)

**Recommended Readings**

a) Poetry:

William Shakespeare: Shall I compare thee to a summer's day [sonnet 18]

William Wordsworth: Intimations of Immortality

P. B. Shelly: Ode to the West Wind

John Keats: Ode to a Nightingale

T S Eliot: The Love Song of J. Alfred Prufrock

W B Yeats: The second Coming

Ted Hughes: The Jaguar

Seamus Heaney: Digging

b) Short stories and Essays

Edgar Allan Poe: "The Black Cat"

Katherine Mansfield: "The Garden Party"

Francis Bacon: "Of Studies"

J H Newman: The Idea of a University

c) Novel:

Chinua Achebe: Things Fall Apart

e) Drama:

f) J B Shaw: Arms and the Man

**Supplementary readings**

Boris Ford (ed.): The New Pelican Guide to English Literature [1-8]

M H Abrams (ed.): English Romantic Poets; Modern Essays in Criticism

C M Bowra: The Romantic Imagination

G.S. Fraser: Essays on Twentieth Century Poets

George Williamson: A Reader's Guide to T. S. Eliot: A Poem-by-poem Analysis

Warren S Smith (ed.): Bernard Shaw's Play

Ian Watt: The rise of the Novel

M. Keith Booker (ed.): Critical Insights: Things Fall Apart

## চতুর্থ বর্ষ: অষ্টম সেমিস্টার

**Course Code :** BANG-405
**Course title : বাংলা প্রবন্ধ-২** [Bangla Essay-2]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

### Rationale of the Course

প্রবন্ধ শুধু সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ প্রকরণই নয়; তা সাহিত্যের আধুনিকতম রূপও। গত দুই শতক কালজুড়ে বাংলা প্রবন্ধসাহিত্যের একটি বিশাল ভাণ্ডার গড়ে উঠেছে। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রবীন্দ্রনাথ ঠাকুর প্রমুখের হাত ধরে বাংলা প্রবন্ধের ধারা বিকশিত হয়েছে এবং মননশীলতার নানা প্রান্ত স্পর্শ করেছে। যেমন, সাহিত্য, সৌন্দর্যবোধ, শিক্ষা, সমাজ, সংস্কৃতি, ইতিহাস, রাজনীতি প্রভৃতি বৈচিত্র্যকে ধারণ করেই আমাদের সাহিত্যিকদের চিন্তন প্রক্রিয়া অগ্রসর হয়েছে। পরবর্তীকালে নানা শক্তিমান প্রবন্ধকারের মননশীল চর্চার মাধ্যমে বিচিত্রভাবে বাংলা প্রবন্ধ বিকাশ লাভ করেছে।

বিশ শতকের তৃতীয় দশক থেকেই বাংলাদেশের প্রবন্ধসাহিত্য বিশিষ্টতা অর্জন করে। এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন বুদ্ধির মুক্তি আন্দোলন তথা শিখা গোষ্ঠীর লেখকবৃন্দ। বিশ শতকের পটভূমিতে বাংলাদেশের প্রবন্ধের বিকাশধারাকে যথার্থভাবে উপলব্ধির জন্য এই কোর্সে চারজন প্রাবন্ধিকের প্রবন্ধ পাঠ্যভুক্ত করা হয়েছে। এর প্রথমজন মোতাহের হোসেন চৌধুরী বুদ্ধির মুক্তি আন্দোলনের অন্যতম গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব। ফলে তাঁর প্রবন্ধ এই ধারার প্রতিনিধিস্থানীয়। এই আন্দোলনের অন্যতম গুরুত্বপূর্ণ উত্তরসুরি আবদুল হক। এই ধারার প্রতিনিধিত্ব করেও রণেশ দাশগুপ্ত ও আহমদ শরীফ বাংলাদেশে মার্কসবাদী, জাতীয়তাবাদী ও প্রগতিশীল চিন্তাচর্চার অগ্রগণ্য পণ্ডিত।

### Course objectives

এ কোর্সের মধ্য দিয়ে শিক্ষার্থীরা সাধারণভাবে বাংলাদেশের প্রবন্ধের উদ্ভবকাল ও তৎপরবর্তী বিকাশের একটি সুনির্দিষ্ট কালপর্ব সম্বন্ধে শুধু পরিচিতি লাভ নয়, সম্যক ধারণা অর্জন করতেও সমর্থ হবে। বাংলাদেশের সাহিত্যের চারজন গুরুত্বপূর্ণ প্রবন্ধকারের প্রবন্ধে পরিস্ফুটিত বাংলাদেশের সমাজ, সংস্কৃতি, রাজনীতি ও জীবনধারা

সম্বন্ধেও তারা সম্যক ধারণা লাভ করতে পারবে। একই সঙ্গে তারা বাংলাদেশের প্রবন্ধের স্বাতন্ত্র্যমণ্ডিত বৈশিষ্ট্য সম্বন্ধে অবহিত হওয়ার মাধ্যমে বাংলা প্রবন্ধের নানামাত্রিক বিশ্লেষণেও সমর্থ হবে, বৃদ্ধি করতে পারবে সমালোচনা-দক্ষতা। অর্থাৎ প্রবন্ধের বিষয়বৈচিত্র্য ও শিল্পশৈলী মূল্যায়নেও তারা সক্ষমতা অর্জন করবে। এর মধ্য দিয়ে দেশের আর্থ-সামাজিক গতি-প্রকৃতি তথা উন্নত মননশীল ব্যক্তিবর্গের চিন্তাজগৎ সম্বন্ধে শিক্ষার্থীদের জ্ঞান বৃদ্ধি পাবে। তারা এ প্রক্রিয়ায় নিজেদের চিন্তা-চেতনাকে ঋদ্ধ করতে পারবে।

## Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১. শিক্ষার্থীরা সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ রূপগত প্রকরণ প্রবন্ধ সম্বন্ধে ধারণা অর্জন করবে। (পিএলও ৩)

২. শিক্ষার্থীরা প্রবন্ধ পাঠের মধ্য দিয়ে সাহিত্য, শিক্ষা, সংস্কৃতি সমাজ, দর্শন, রাজনীতি, ইতিহাস, মানব-মনস্তত্ত্ব ইত্যাদি বিষয়ে বিশ্লেষণ-ক্ষমতা অর্জন করবে। (পিএলও ৪)

৩. শিক্ষার্থীরা এর মধ্য দিয়ে বাংলাদেশ অধ্যয়নের বিভিন্ন মাত্রা সম্বন্ধে কুশলতা অর্জনে সক্ষম হবে। (পিএলও ৫)

৪. শিক্ষার্থীরা বাংলা ভাষার রূপ ও ব্যবহার সম্বন্ধে নৈপুণ্য অর্জন করবে। মানসম্মত গদ্য লিখতে ও সম্পাদনায় সমর্থ হবে। সেইসঙ্গে বাংলা ভাষার প্রায়োগিক ব্যবহার ও বিশ্লেষণেও সক্ষমতা লাভ করবে। (পিএলও ২)

৫. বিশ্লেষণ ও উদ্ভাবনী নৈপুণ্য অনুশীলনের মাধ্যমে জাতীয় বাস্তবতা উপলব্ধির ক্ষেত্রে সক্ষমতা অর্জন করবে। (পিএলও ৬)

৬. শিক্ষার্থীরা বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাস, অর্জন ও প্রবণতা সম্বন্ধে পরিচ্ছন্ন ধারণা লাভ করবে। (পিএলও ১)

## Recommended Readings

**[ক]**

১. মোতাহের হোসেন চৌধুরী

নির্বাচিত প্রবন্ধঃ সংস্কৃতি কথা; মনুষ্যত্ব; জীবন ও বৃক্ষ; অহমিকা—সৌন্দর্য-চেতনা—রবীন্দ্রনাথ; রিনেসাঁসঃ গোড়ার কথা ও আমাদের দৃষ্টিভঙ্গী; আমাদের দৈন্য; সম্মান ও আত্মসম্মান; লাইব্রেরী; বাঙ্গালা ভাষায় মুসলমানী শব্দ শিক্ষা সম্বন্ধে রবীন্দ্রনাথ

২. আবুল ফজল

নির্বাচিত প্রবন্ধঃ সাহিত্যে আধুনিকতা; ভাষা ও সাহিত্য; লেখকের স্বাধীনতা; সংস্কৃতি; বুদ্ধির মুক্তি; ছাত্রদের প্রতি সম্ভাষণ; মানবতন্ত্র; ধর্ম ও রাষ্ট্র; রবীন্দ্রনাথ ও মুসলিম সমাজ; সভ্যতার সংকট ।

৩. সৈয়দ মুজতবা আলী

নির্বাচিত প্রবন্ধঃ বই কেনা; নেতাজী; ইস্কিলাস-শেলি-স্পিটলার; মোপাসাঁ- চেখফ্-রবীন্দ্রনাথ; অনুবাদ সাহিত্য; কলচর; বর্ষা; 'আমার ভাণ্ডার আছে ভরে'; দাম্পত্য জীবন; পঁচিশে বৈশাখ; তোতা কাহিনী; চরিত্র পরিচয়; আড্ডা; ধূপছায়া; মেশেদিনী; কোন্ ভিনারের মা; কোদন্ড মুখহানা; আনিকি পাসিকিভি; মাদ্রাজ উপকণ্ঠের বেলাভূমি; বিদেশে।

[খ]

৪. রণেশ দাশগুপ্ত

নির্বাচিত প্রবন্ধঃ উপন্যাসের শিল্পকলাগত মূলসূত্র; আধুনিক চিত্রকলা ও জনগণ; কবিতা ভাষা মাতৃভাষা; শিল্পীর স্বাধীনতা ও সততা; মার্কসবাদী দৃষ্টিতে রবীন্দ্রনাথ; নজরুল কাব্যপ্রবাহের জঙ্গম বিচার; লালনঃ শাশ্বত ও বৈপ্লবিক; গিওর্গি লুকাচঃ মার্কসীয় সৌন্দর্যতত্ত্বের অফুরন্ত খনি; দস্তয়েভস্কিঃ দিনবদলের পালায়; বাংলাদেশের জাতীয় মুক্তিসংগ্রামের গতিপ্রকৃতি।

৫. আবদুল হক

নির্বাচিত প্রবন্ধঃ আত্মার অমরত্ব; মহাবিশ্বে নিঃসঙ্গচেতনা; বাঙালী মুসলমানঃ ভূমিকা ও নিয়তি; মুসলিম জাতীয়তাবাদঃ পুনর্নিরীক্ষা; বেগম রোকেয়া; প্রত্যয়ের সাহিত্য; কাজী আবদুল ওদুদ; আধুনিক কবিতা; মূল্যায়নের মরীচিকা; সাহিত্য হিসাবে নাটক।

৬. আহমদ শরীফ

নির্বাচিত প্রবন্ধঃ মানববিদ্যা; সংস্কৃতি; সৌন্দর্যবুদ্ধি ও রবীন্দ্রনাথ; বাঙালির সংস্কৃতি; বাঙলা ও বাঙালী; ইতিহাসের ধারায় বাঙালী; বাঙলার ধর্ম; বিদ্যা ও বিশ্বাস; নিরীহ; বঙ্কিম বীক্ষাঃ অন্য নিরিখে।

[প্রতি অংশ থেকে দুজন করে মোট ৪ জন প্রবন্ধকারের প্রবন্ধ পড়ানো হবে।]

## Supplementary readings

অধীর দে: আধুনিক বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারা
আনিসুজ্জামান: মোতাহের হোসেন চৌধুরী
আবুল কাসেম ফজলুল হক: বাংলাদেশের প্রবন্ধ সাহিত্য
আনোয়ার পাশা: সাহিত্য-শিল্পী আবুল ফজল
আফজালুল বাসার (সম্পাদক): আহমদ শরীফ শ্রদ্ধাঞ্জলি
খান সারওয়ার মুরশিদ (সম্পাদক): সমকালীন বাংলা সাহিত্য
প্রথমা রায় মণ্ডল: বাংলাদেশের বুদ্ধিজীবী ও প্রগতি-প্রতিক্রিয়ার দ্বন্দ্ব
বাংলা একাডেমি (প্রকাশক): বাংলাদেশের সাহিত্য
বিশ্বজিৎ ঘোষ: বাংলাদেশের সাহিত্য
মাহবুব বোরহান: আবদুল হক: জীবন ও সাহিত্য
মাহবুবুল হক (সম্পাদক): আবুল ফজল: শ্রেষ্ঠ প্রবন্ধ
মুস্তফা মজিদ ও আফজালুল বাসার (সম্পাদক): আহমদ শরীফ স্মারকগ্রন্থ
মুহম্মদ সাইফুল ইসলাম (সম্পাদক): সংস্কৃতি-সাধক মোতাহের হোসেন চৌধুরী
মোরশেদ শফিউল হাসান: পূর্ব বাংলায় চিন্তাচর্চা ১৯৪৭-১৯৭০: দ্বন্দ্ব ও প্রতিক্রিয়া
রবিউল হোসেন: সমকাল পত্রিকার সাহিত্যিক ও সাংস্কৃতিক ভূমিকা; বাঙালির জাগরণ: বঙ্গীয় মুসলমান সাহিত্য-সমিতি
সৈয়দ আজিজুল হক: মন ও মনন; আবদুল হক স্মারকগ্রন্থ (সম্পাদিত)
সৈয়দ মোহাম্মদ শাহেদ ও বিশ্বজিৎ ঘোষ (সম্পাদক): রণেশ দাশগুপ্ত স্মারকগ্রন্থ
হাবিব রহমান: মোতাহের হোসেন চৌধুরীর জীবনভাবনা

**Course Code :** BANG-406
**Course title :** বাংলা উপন্যাস-৩ [Bangla Novel-3]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

বিশ শতকের প্রথমার্ধেই বাংলা উপন্যাস বিকাশের ধারায় এক পরিণত ভাব ও রূপ লাভ করে। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায় প্রমুখ বাংলা উপন্যাসকে এক নতুন উচ্চতায় উন্নীত করেন। বর্তমান কোর্সে মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি উপন্যাস পাঠ্যভুক্ত করার মাধ্যমে প্রথম বিশ্বযুদ্ধোত্তর কালের উপন্যাসের নতুন প্রবণতা সম্পর্কে ধারণা দেওয়ার প্রয়াস রয়েছে। উত্তরকালে বিষয় ও প্রকরণের দিক থেকে বাংলা উপন্যাসের নানা ধারা গড়ে উঠেছে। এরকম তিনটি উপন্যাস – *তিতাস একটি নদীর নাম*, *ক্রীতদাসের হাসি* ও *চিলেকোঠার সেপাই* এই কোর্সে পাঠ্য।

উল্লিখিত চারটি উপন্যাস পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা তিরিশোত্তর বাংলা উপন্যাস এবং বাংলাদেশের উপন্যাসের বৈশিষ্ট্য অনুধাবন এবং উপন্যাস-বিশ্লেষণে সক্ষমতা অর্জন করতে পারবে।

## Course objectives

এ কোর্সের মধ্য দিয়ে শিক্ষার্থীরা সাধারণভাবে বাংলা উপন্যাসের গঠন, রীতি, আঞ্চলিক উপন্যাস, রাজনৈতিক উপন্যাসের বিভিন্ন বিষয় অধ্যয়ন করবে।

উপন্যাস বিচার ও বিশ্লেষণ অর্থাৎ সমালোচনার দক্ষতা অর্জন করবে। পাশাপাশি ভাষাগত দিকে নিজেকে বা নিজের মতগুলো উপস্থাপনে দক্ষতা বাড়বে।

## Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১. শিক্ষার্থীরা বাংলা উপন্যাসের বিভিন্ন বিষয়াদি সম্পর্কে শিখবে। (পিএলও ১, ৪, ৫)

২. বিশ শতকের সামাজিক, রাজনৈতিক জীবনের ইতিহাস এবং একইসঙ্গে আবহমান বাংলার জীবন উপলব্ধি করতে পারবে। (পিএলও ১, ২, ৪, ৬)

৩. বাংলা উপন্যাস বিশ্লেষণ ও সমালোচনা করতে শিখবে। (পিএলও ২, ৩, ৫, ৬)

৪. মার্কসবাদ ও মনোসমীক্ষণের আলোকে মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস পাঠ করবে। (পিএলও ৩, ৬)

৫. অদ্বৈত মল্লবর্মণের জীবন, সাহিত্যকৃতি এবং নদীকেন্দ্রিক জল-জীবনের আখ্যান জানবে। (পিএলও ৪, ৫)

৬. শওকত ওসমানের রূপক উপন্যাস এবং পাকিস্তান কালপর্বে বাংলা উপন্যাসের গতিপ্রকৃতি অধ্যয়ন করবে। (পিএলও ৪, ৫, ৬)

৭. ঊনসত্তরের গণঅভ্যুত্থান, তৎকালীন সমাজ-রাজনীতি এবং আখতারুজ্জামান ইলিয়াসের উপন্যাসে তার প্রভাব-প্রতিফলন সম্পর্কে জানবে। (পিএলও ৪, ৫, ৬)

৮. উপন্যাসের বিষয় ও রূপায়ণ থেকে দেশ-কাল-সমাজের প্রতি দায়বোধ তৈরি হবে। (পিএলও ৪, ৬)

৯. বাংলা উপন্যাসের প্রকৃতি ও লেখকদের মৌল প্রবণতার তুলনামূলক আলোচনা করতে সমর্থ হবে। (পিএলও ২, ৪, ৬)

## Recommended Readings

[ক] মানিক বন্দ্যোপাধ্যায়: *পুতুলনাচের ইতিকথা*

[খ] অদ্বৈত মল্লবর্মণ: *তিতাস একটি নদীর নাম*

[গ] শওকত ওসমান: *ক্রীতদাসের হাসি*

[ঘ] আখতারুজ্জামান ইলিয়াস: *চিলেকোঠার সেপাই*

## Supplementary Readings

অচিন্ত্য বিশ্বাস: অদ্বৈত মল্লবর্মণ ও তিতাস একটি নদীর নাম

অনীক মাহমুদ: বাংলা কথাসাহিত্যে শওকত ওসমান

অরুণকুমার মুখোপাধ্যায়: কালের প্রতিমা

আনু মুহাম্মদ (সম্পাদক): তৃণমূল, আখতারুজ্জামান ইলিয়াস সংখ্যা

উপল তালুকদার: মানিক বন্দ্যোপাধ্যায়ের কথাসাহিত্যে ফ্রয়েডীয় প্রভাব

এজাজ ইউসুফী (সম্পাদক): লিরিক, আখতারুজ্জামান ইলিয়াস সংখ্যা

কায়েস আহমেদ (সম্পাদক) : মানিক বন্দ্যোপাধ্যায়

কুদরত-ই-হুদা: শওকত ওসমান ও সত্যেন সেনের উপন্যাস: আঙ্গিক বিচার

গিয়াস শামীম: বাংলাদেশের আঞ্চলিক উপন্যাস; বাংলা সাহিত্যে আঞ্চলিক উপন্যাস
তপোধীর ভট্টাচার্য: উপন্যাসের প্রতিবেদন
দেবীপ্রসাদ ঘোষ: অদ্বৈত মল্লবর্মণ: এক ভিন্ন প্রতিস্রোত
নিতাই বসু: মানিক বন্দ্যোপাধ্যায়ের সমাজজিজ্ঞাসা
বাংলা একাডেমি (প্রকাশক): উত্তরাধিকার, মানিক বন্দ্যোপাধ্যায় জন্মশতবর্ষ সংখ্যা
ভীষ্মদেব চৌধুরী ও সৈয়দ আজিজুল হক (সম্পাদক): মানিক বন্দ্যোপাধ্যায়: শতবার্ষিক স্মরণ
ভীষ্মদেব চৌধুরী: নিয়তির পক্ষ-বিপক্ষ ও বিবিধ প্রবন্ধ
ভূঁইয়া ইকবাল (সম্পাদক): মানিক বন্দ্যোপাধ্যায়
মোহাম্মদ শাকের উল্লাহ (সম্পাদক): আখতারুজ্জামান ইলিয়াসের ‘চিলেকোঠার সেপাই’ ও ‘খোয়াবনামা’ (ঊষালোকে, বিশেষ সংখ্যা)
শান্তনু কায়সার: অদ্বৈত মল্লবর্মণ; শওকত ওসমান
সমীরণ মজুমদার (সম্পাদক): আখতারুজ্জামান ইলিয়াস স্মারকগ্রন্থ
সরোজমোহন মিত্র: মানিক বন্দ্যোপাধ্যায়ের জীবন ও সাহিত্য
সুমিতা চক্রবর্তী: উপন্যাসের বর্ণমালা
সুশান্ত দাস (সম্পাদক): তিতাস একটি নদীর নাম: প্রসঙ্গ ও অনুষঙ্গ
হরিশংকর জলদাস: নদীভিত্তিক বাংলা উপন্যাস ও কৈবর্ত জনজীবন

**Course Code :** BANG-407
**Course title :** ধ্রুপদি সাহিত্য [Classical Literature]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

সাহিত্যের সত্যিকারের অনুধাবন ও তুলনামূলক বিবেচনার জন্য বিশ্বসাহিত্য সম্পর্কে ধারণা লাভ জরুরি। ধ্রুপদী বিশ্বসাহিত্যও এক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই পাঠের সঙ্গে সংশ্লিষ্ট ভাষার সাহিত্যের সঙ্গে সে-দেশের জাতিগত এবং ভৌগোলিক-সামাজিক-রাজনৈতিক-অর্থনৈতিক-সাংস্কৃতিক পরিপ্রেক্ষিত নিবিড়ভাবে যুক্ত। বিশ্বরুচি সম্পর্কে ওয়াকিবহাল হবার জন্যও এই কোর্স গুরুত্বপূর্ণ।

## Course objectives

এ-কোর্সে গ্রিক ধ্রুপদী নাটক *ইডিপাস*, সংস্কৃত ধ্রুপদী কাব্য *মেঘদূত*, ফারসি কাব্য *রুবাইয়াত-ই-ওমর খৈয়াম* এবং শেকস্‌পিয়রের নাটক *হ্যামলেট* পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বিশ্বসাহিত্যের বিভিন্ন অংশের সমৃদ্ধ ধারা সম্পর্কে জ্ঞান লাভ করবে।

## Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১. সাহিত্যের রূপগত প্রকরণ সম্পর্কে ধারণা অর্জন। সাহিত্য বিশ্লেষণ ও সমালোচনায় কুশলী হয়ে ওঠা। নতুন সাহিত্য পাঠ ও বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় কুশলতা অর্জন করা। (PLO 3)

২. সাহিত্য পাঠের মধ্য দিয়ে সমাজ, দর্শন, রাজনীতি, মনস্তত্ত্ব, জনসংস্কৃতি ইত্যাদি এলাকায় বিশ্লেষণ-ক্ষমতা অর্জন করা। (PLO 4)

৩. সৃষ্টিশীলতা, সাহিত্যবোধ, সৌন্দর্যবোধ ও রুচিশীলতার বৈশ্বিক ও ক্লাসিক ধারণা অর্জন করা। (PLO 6)

## Recommended Readings

[ক] প্রাচ্য

১. কালিদাস: *মেঘদূত* [বুদ্ধদেব বসু অনূদিত]
২. রুবাইয়াত-ই-ওমর খৈয়াম [কাজী নজরুল ইসলাম অনূদিত]

[খ] প্রতীচ্য

১. সফোক্লিস: *রাজা ঈদিপাস* [খোন্দকার আশরাফ হোসেন অনূদিত]
২. শেক্‌সপীয়র: *হ্যামলেট* [শামসুর রাহমান অনূদিত]

## Supplementary Reading

কান্তিচন্দ্র ঘোষ: রোবাইয়াৎ ই ওমর খৈয়াম

গৌরীনাথ শাস্ত্রী: সংস্কৃত সাহিত্যসম্ভার

নরেশচন্দ্র জানা: অনুবাদে মেঘদূত সার্ধশতবর্ষ

বিশ্বনাথ চক্রবর্তী: সংস্কৃত সাহিত্য সন্দর্শন

পার্বতীচরণ ভট্টাচার্য: মেঘদূত পরিচয়

মোবাশ্বের আলী: বিশ্বসাহিত্য

রাজশেখর বসু: কালিদাসের মেঘদূত

শামসুল আলম সাঈদ: ওমর খৈয়াম

শফি আহমদ: শেকসপীয়রের নারী; নাট্যকথা: দূর ও কাছের

শিশিরকুমার দাশ: কাব্যতত্ত্ব: এরিস্টটল; ওইদিপাউস (অনূদিত)

সফিউদ্দিন আহমদ: সাহিত্যের কাল ও কালান্তর

সাধনকুমার ভট্টাচার্য: এরিস্টটলের পোয়েটিকস ও সাহিত্যতত্ত্ব

সায়েরা হাবীব ও পিয়াস মজিদ (সংকলক ও সম্পাদক): উইলিয়াম শেকস্‌পিয়ার: চারশতম মৃত্যুবর্ষ স্মরণগ্রন্থ

সিরাজুল ইসলাম চৌধুরী: শেকস্‌পীয়রের মেয়েরা; অ্যারিস্টটল: কাব্যতত্ত্ব

Arthur F. Kinney (Editor): Hamlet: Critical Essays

A. C. Bradley: Shakespearean Tragedy

H.D.F. Kitto: Greek Tragedy

Michael Pennington: Hamlet: A User's Guide

T. B. L. Webster: Greek Tragedy

**Course Code :** BANG-408

**Course title :** বাংলা ভাষার ইতিহাস ও পাণ্ডুলিপি পাঠ

[History of Bangla Language and Manuscript Reading]

**Course Type :** Core Course

**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

বাংলা ভাষা সম্পর্কে স্পষ্ট ধারণা লাভের জন্য এর উদ্ভব ও বিকাশের ইতিহাস সম্পর্কে জ্ঞানার্জন জরুরি। ইন্দো-ইউরোপীয় ভাষা থেকে বাংলা পর্যন্ত ক্রমধারা, বাংলা ভাষার উদ্ভব সম্পর্কে বিভিন্ন অভিমত, বাংলার ওপর অন্যান্য ভাষার প্রভাব ইত্যাদি পঠনের মাধ্যমে শিক্ষার্থীরা এই জ্ঞান লাভে সক্ষম হবে।

বাংলা গ্রন্থের মুদ্রণের শুরু মূলত উনিশ শতকে। এর পূর্বে প্রধানত ছিল লিপিকরের হাতে লেখা পুথি ও প্রতিলিপি। প্রাচীন ও মধ্যযুগে লিখিত সকল কাব্যই আমরা পুথি

থেকে পাঠোদ্ধারের মাধ্যমে পেয়েছি। এখনও অজস্র পুথির পাঠোদ্ধার হয়নি। তাই বাংলা সাহিত্যের শিক্ষার্থীদের বাংলা লিপি পাঠে দক্ষতা অর্জন অত্যন্ত জরুরি যা এই কোর্স অধ্যয়নের মাধ্যমে সম্ভবপর হবে।

## Course Objectives

এ কোর্সের মধ্য দিয়ে শিক্ষার্থীরা বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ সম্পর্কে ধারণা লাভ করবে। প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বাংলা ভাষায় বিবর্তনের ধ্বনিগত পরিবর্তনসমূহ সূত্রাকারে বর্ণনা করতে পারবে।

বাংলা ভাষার ওপর অন্য ভাষার প্রভাব সম্পর্কে সম্যক ধারণা লাভ করবে।

বাংলা প্রত্যয়, কারক-বিভক্তি, লিঙ্গ প্রকরণ, সংখ্যাশব্দ বাক্যরীতি – বাংলা ভাষার ইত্যাদি ব্যাকরণিক উপাদানের বৈশিষ্ট্য ও এদের রূপান্তরের ইতিহাস সম্পর্কে জ্ঞান লাভ করবে।

লিপির এবং বাংলা লিপির বিবর্তনের ইতিহাস জানতে পারবে।

মধ্যযুগের হাতে লেখা পুথির পাঠোদ্ধার ও সম্পাদনা-পদ্ধতি সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবে। একইসঙ্গে পরবর্তী সময়ে এ ধরনের হাতে লেখা পুথির পাঠোদ্ধার ও সম্পাদনার ক্ষেত্রে সেই পদ্ধতির প্রয়োগ করতে পারবে।

## Course Learing Outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning Outcomes (PLOs)

১। ভাষাচর্চার ইতিহাস ও পদ্ধতি সম্পর্কে জ্ঞান লাভ করবে। (পিএলও ১, ২)

২। ভাষার বিভিন্ন উপদানের আন্তঃসম্পর্ক ও বৈশিষ্ট্য সম্পর্কে জানবে। (পিএলও ২)

৩। শিক্ষার্থীরা লিপি ও হাতে লেখা পুথি গবেষণার প্রণালি ও পদ্ধতি সম্পর্কে শিখবে। (পিএলও ২, ৩)

৪। পুথির পাঠোদ্ধার ও সম্পাদনায় অধীত পদ্ধতির প্রয়োগ করতে পারবে। (পিএলও ৩, ৫, ৬)

## Recommended Readings

[ক] বাংলা ভাষার ইতিহাস

ইন্দো-ইউরোপীয় মূলভাষা থেকে আধুনিক বাংলা পর্যন্ত ক্রমিক ধারা; বাংলা ভাষার উৎপত্তি সম্বন্ধে বিবিধ মত; নব্যভারতীয় আর্যভাষাসমূহের প্রাচ্য শাখা; প্রাচীন বাংলা থেকে আধুনিক বাংলা পর্যন্ত বিভিন্ন স্তর; বাংলা ভাষায় অনার্য

প্রভাব, মুণ্ডা প্রভাব ও বৈদেশিক প্রভাব; বাংলা উপভাষাসমূহ; বাংলা ধ্বনিতত্ত্ব; আধুনিক বাংলা শব্দের ব্যুৎপত্তি; স্বরাঘাত; প্রাচীন ভারতীয় আর্যভাষার স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির বাংলায় বিবর্তন; কারক-বিভক্তির ইতিহাস; বাংলা প্রত্যয়, লিঙ্গপ্রকরণ, শব্দাবলি ও বাক্যরীতি।

[খ] বাংলা লিপির ইতিহাস এবং পাণ্ডুলিপির পাঠোদ্ধার ও পাঠ-সমালোচনা

বাংলা লিপির উদ্ভব ও বিকাশ; পাণ্ডুলিপির পাঠোদ্ধারঃ রেফ-এর ব্যবহার, একীভূত শব্দলিপি, বানানরীতি ও মূলনীতি সঞ্চালন, সাদৃশ্যগত পরিবর্তন, সাদৃশ্যমূলক প্রতিক্রিয়া, বাংলা হরফ 'অনুস্বার'-এর বিবর্তনধারা, যুক্তবর্ণ, পাঠোদ্ধার-পদ্ধতি; পাণ্ডুলিপি ও পাঠ-সমালোচনাঃ পাঠের প্রকারভেদ, পাঠসমালোচনার পদ্ধতি, পাঠপুনর্গঠনসমস্যা, প্রতিলিপিতে পাঠবিকৃতির কারণ, পাঠসংশোধনপদ্ধতি, পাঠসমালোচনার কয়েকটি অনুশাসন, কবি শকাঙ্ক, অব্দ বা বর্ষগণনা, পাণ্ডুলিপি সম্পাদনা ও সম্পাদক, পাঠসমালোচনায় ব্যবহৃত বিশিষ্ট শব্দাবলির টীকা।

## Supplementary readings

খন্দকার মুজাম্মিল হকঃ পাণ্ডুলিপি পাঠ ও পাঠ-সম্পাদনা; বাঙলা পুঁথির বানান সমস্যা ও অন্যান্য প্রবন্ধ

ত্রিপুরা বসুঃ বাংলা পাণ্ডুলিপি পরিক্রমা

পঞ্চানন মণ্ডলঃ পুঁথি-পরিচয়

মুহম্মদ শহীদুল্লাহ্ঃ বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত

মুহম্মদ শাহজাহান মিয়াঃ বাংলা পাণ্ডুলিপি পাঠ-সমীক্ষা

মোহাম্মদ আবদুল কাইউমঃ পাণ্ডুলিপি পাঠ ও পাঠ-সমালোচনা

রামেশ্বর শ'ঃ সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা

সুকুমার সেনঃ ভাষার ইতিবৃত্ত

সুনীতিকুমার চট্টোপাধ্যায়ঃ বাঙ্গলা ভাষা-প্রসঙ্গে

Suniti Kumar Chatterji: The Origin and Development of the Bengali Language

**Course Code :** BANG-409
**Course title :** বাংলাদেশের মুক্তিসংগ্রামের সাহিত্য
[Literature on Bangladesh Liberation Struggle]
**Course Type :** Core Course
**Credit Value :** 4 Credits

## Rationale of the Course

বাংলাদেশের মুক্তিসংগ্রাম এবং স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় হাজার বছরের বাঙালির জীবনে এক মহত্তম অর্জন। গত প্রায় অর্ধশতকে এই সংগ্রামকে কেন্দ্র করে রচিত হয়েছে বিপুল সাহিত্যকর্ম। এ-ধারার সাহিত্যে প্রতিফলিত হয়েছে পাকিস্তানি হানাদার বাহিনীর ধ্বংসযজ্ঞসহ একাত্তরের বিভীষিকাময় পর্ব এবং মুক্তিযোদ্ধাদের বীরত্বগাথা। মুক্তিযুদ্ধভিত্তিক বিপুল সাহিত্যকর্ম সাহিত্যের শিক্ষার্থীদের জন্যে নতুন নতুন গবেষণার ক্ষেত্র সৃষ্টি করতে পারে। সাহিত্য সমালোচনা পদ্ধতি ব্যবহার করে মুক্তিযুদ্ধের নতুন পাঠ নির্মাণের দিকে লক্ষ রেখে কবিতা, ছোটগল্প, উপন্যাস ও নাটকের সমন্বয়ে এই কোর্স সাজানো হয়েছে।

## Course objectives

এই কোর্স অধ্যয়নের মাধ্যমে বর্তমান প্রজন্মের শিক্ষার্থীরা শিক্ষার্থীরা মুক্তিযুদ্ধের সাহিত্যের সঙ্গে পরিচিত হবে। শিক্ষার্থীরা মুক্তিযুদ্ধে শত্রুর নৃশংসতা ও বাঙালির বীরত্বপূর্ণ সংগ্রাম ও আত্মত্যাগের সামগ্রিক চেতনা গভীরভাবে অনুভব করতে পারবে। পাশাপাশি শিক্ষার্থীরা এ কোর্স অধ্যয়নের মধ্য দিয়ে সাহিত্য-গবেষণার পদ্ধতিসমূহ প্রয়োগের মাধ্যমে মুক্তিসংগ্রামের সাহিত্যের নতুন পাঠ সৃষ্টিতে ভূমিকা রাখতে পারবে।

## Course learning outcomes (CLOs) and Mapping of CLOs with Program Learning outcomes (PLOs)

১। শিক্ষার্থীরা মুক্তিসংগ্রাম ও তার ইতিহাস সম্পর্কে শিখবে। (পিএলও **১, ৩, ৫**)
২। মুক্তিসংগ্রামের সাহিত্য সম্পর্কে প্রত্যক্ষ ধারণা লাভ করবে। (পিএলও **১**, ৪, ৫, **৬**)
৩। মুক্তিসংগ্রামের সাহিত্য সম্পর্কে জ্ঞান লাভ করবে, এবং সাহিত্য-সমালোচনা পদ্ধতি ব্যবহার করে মুক্তিযুদ্ধের সাহিত্য বিশ্লেষণে দক্ষতা অর্জন করবে। (পিএলও **৩, ৪, ৬**)
৪। প্রায়োগিক সমালোচনার মধ্য দিয়ে মুক্তিসংগ্রামের সাহিত্য বিশ্লেষণ ও সমালোচনা করার অভিজ্ঞতা অর্জন করবে। (পিএলও **২, ৩, ৫, ৬**)

## Recommended Readings

[ক]

১. মুক্তিযুদ্ধের কবিতা [আবুল হাসনাত সম্পাদিত]: [নির্বাচিত কবি] জসীম উদ্‌দীন; সিকানদার আবু জাফর; শামসুর রাহমান; হাসান হাফিজুর রহমান; সৈয়দ শামসুল হক; আল মাহমুদ; শহীদ কাদরী; রফিক আজাদ; নির্মলেন্দু গুণ; রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ

২. সৈয়দ শামসুল হক: *নূরলদীনের সারাজীবন*

৩. জাহানারা ইমাম: *একাত্তরের দিনগুলি*

[খ]

৪. *মুক্তিযুদ্ধের গল্প* [আবুল হাসনাত সম্পাদিত]: [নির্বাচিত গল্পকার] সত্যেন সেন; সরদার জয়েনউদ্‌দীন; আলাউদ্দিন আল আজাদ; হাসান আজিজুল হক; রিজিয়া রহমান; আখতারুজ্জামান ইলিয়াস; সেলিনা হোসেন; কায়েস আহমেদ; হুমায়ূন আহমেদ; শাহরিয়ার কবির।

৫. আহমদ ছফা: *ওঙ্কার*

৬. আনোয়ার পাশা: *রাইফেল রোটি আওরাত*

## Supplementary readings

অনুপম হাসান: বাংলাদেশের কাব্যনাটক: বিষয় ও প্রকরণ

আজহার ইসলাম: বাংলাদেশের ছোটগল্প: বিষয়ভাবনা স্বরূপ ও শিল্পমূল্য

খান সারওয়ার মুরশিদ: সমকালীন বাংলা সাহিত্য

চঞ্চল কুমার বোস: বাংলাদেশের ছোটগল্পের শিল্পরূপ

চন্দন আনোয়ার (সম্পাদক): *গল্পকথা* আহমদ ছফা সংখ্যা

মনজুর রহমান: আনোয়ার পাশার কথাসাহিত্য: জীবনোপলব্ধির রূপ-রূপান্তর

মুহাম্মদ হায়দার: মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের ছোটগল্প

মোস্তফা তারিকুল আহসান: সৈয়দ শামসুল হকের কাব্যনাট্য

মোহাম্মদ শাকের উল্লাহ (সম্পাদক): *ঊষালোকে* একাত্তরের দিনগুলি ও শহীদ জননী জাহানারা ইমাম

লুৎফর রহমান রিটন (সম্পাদক): শহীদ জননী জাহানারা ইমাম স্মারকগ্রন্থ

সুদীপ্ত হাননান: আহমদ ছফার উপন্যাস: বাংলাদেশের উদ্ভব ও বিকাশের ব্যাকরণ

**Course Code :** BANG-410

**Course title :** গবেষণা অভিসন্দর্ভ [Thesis]

**Course Type :** Elective Course

**Credit Value :** 4 Credits